পবিত্র ত্রিপিটক

(পঞ্চবিংশ খণ্ড)

অভিধর্মপিটকে পট্ঠান

(পঞ্চম খণ্ড)

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি
বাংলাদেশ

ত্রিপিটক বৌদ্ধদের পবিত্র ধর্মগ্রন্থ। সিদ্ধার্থ গৌতম বুদ্ধত্ব লাভের পর দীর্ঘ পঁয়তাল্লিশ বছর ধরে দেবমনুষ্য তথা বিশ্বের সকল প্রাণীর হিত-সুখ ও মঙ্গলের জন্য যেসব উপদেশ দিয়েছিলেন সেসবই এই ত্রিপিটকে ধারণ করা আছে। ত্রিপিটক মানে বুঝায় বিনয়পিটক, সূত্রপিটক ও অভিধর্মপিটক। এখানে 'পিটক' শব্দ দিয়ে ঝুড়ি বা বাক্স বুঝানো হয়।

গোটা ত্রিপিটকে এমন অসংখ্য জ্ঞানমূলক উপদেশের ছড়াছড়ি যা মানুষকে জাগতিক ও বৈষয়িক দুঃখ থেকে পরিত্রাণ করায়। তাই ত্রিপিটক বিশ্বসাহিত্যের এক অমূল্য সম্পদ। আর গৌতম বুদ্ধের মতো মহান এক ঐতিহাসিক চরিত্রের জীবনেতিহাস ও বাণী সম্পর্কে জানতে হলেও ত্রিপিটক পাঠ, অধ্যয়ন ও গবেষণার কোনো বিকল্প নেই।

এমন অমূল্য জ্ঞান ও রত্নের আকর বিশালাকার পালি ত্রিপিটককে বাংলায় অনুবাদ ও প্রকাশের সূচনা হয়েছিল আজ থেকে প্রায় শত বছর আগে। শত বছর ধরে এত প্রযত্ন-প্রয়াস সত্ত্বেও এখনো পুরো ত্রিপিটককে বাংলায় অনুবাদ ও প্রকাশ করা সম্ভব হয়নি।

এই প্রথম বাংলায় পুরো ত্রিপিটককে 'পবিত্র ত্রিপিটক' নাম দিয়ে ২৫ খণ্ডে প্রকাশ করেছে ত্রিপাসো বাংলাদেশ। যেসব পিটকীয় বই ইতিপূর্বে অনূদিত হয়েছে সেগুলোকে কিছুটা সম্পাদনা করে এই সংস্করণে অন্তর্ভুক্ত করা হয়েছে। আর যেগুলো ইতিপূর্বে অনূদিত হয়নি সেগুলো অভিজ্ঞ অনুবাদক দিয়ে অনুবাদ করিয়ে নেওয়া হয়েছে।

মহান ত্রিপিটকের এই সংস্করণ যাতে সর্বাঙ্গসুন্দর ও বিশুদ্ধ হয় তার জন্য লেখালেখি, সম্পাদনা ও ধর্মীয় বিষয়ে অভিজ্ঞ একদল ভিক্ষুকে নিয়ে সম্পাদনা পরিষদ গঠন করা হয়েছে। পালি ত্রিপিটকের প্রাঞ্জল বাংলা অনুবাদ, কঠিন ও দুর্বোধ্য বৌদ্ধ পরিভাষার যথাসম্ভব সহজ ব্যাখ্যা এবং দক্ষ সম্পাদনা এই সংস্করণের প্রধান বৈশিষ্ট্য।

‘পবিত্র ত্রিপিটক’ নামে ২৫ খণ্ডে প্রকাশিত পূর্ণাঙ্গ বাংলা ত্রিপিটকের বিশেষ বৈশিষ্ট্যগুলো :

১. ত্রিপিটকের ছোট-বড় ৫৯টি বইকে (ধারাবাহিকতার কোনো রকম ব্যত্যয় না ঘটিয়ে) কম্বাইন্ড করে মোট ২৫ খণ্ডে পূর্ণাঙ্গ ত্রিপিটক প্রকাশ।

২. পূর্বে অনূদিত ভালো মানসম্পন্ন বইগুলোর সঙ্গে বেশ কিছু বইয়ের প্রাঞ্জল ও সহজবোধ্য ভাষায় নতুন বাংলা অনুবাদ সংযোজন।

৩. সম্পাদনার সময় বাংলা একাডেমি প্রণীত ‘প্রমিত বাংলা বানানরীতি’ পুরোপুরি অনুসরণ করা হয়েছে।

৪. বৌদ্ধ পরিভাষাগুলোর বানান ও যথাযথ প্রয়োগে যথাসম্ভব অর্থপূর্ণ সমন্বয় সাধনের চেষ্টা করা হয়েছে।

৫. দীর্ঘদিন ধরে লেখালেখির সঙ্গে জড়িত এমন অভিজ্ঞ অনুবাদক, লেখক ও সম্পাদকদের দিয়ে পূর্ণাঙ্গ বাংলা ত্রিপিটকটি পরম শ্রদ্ধা ও যত্নের সঙ্গে সম্পাদনা করা হয়েছে।

৬. ৭০ গ্রাম বিদেশি অফসেট ধবধবে সাদা কাগজের ব্যবহার, ঝকঝকে টকটকে ছাপা, শক্ত পেস্টিং বোর্ডের ওপর উন্নত মানের বিদেশি রেক্সিন দিয়ে বাইন্ডিং, তার ওপর ১৭০ গ্রামের চার রঙা ঝকঝকে আকর্ষণীয় মলাট, দেখলে চোখ জুড়িয়ে যায়।

৭. যুবা-বৃদ্ধ সব বয়সের পাঠকদের পড়তে অসুবিধা না হয় মতো তুলনামূলক বড় অক্ষরে ছাপানো হয়েছে ত্রিপিটকের সবগুলো বই।

৮. ত্রিপিটকের কোন বইয়ে কোন সূত্রটি রয়েছে সেটি চট করে খুঁজে পাওয়ার জন্য প্রত্যেক ত্রিপিটক সেটের সঙ্গে পূর্ণাঙ্গ সূচিপত্র সম্বলিত একটি রেফারেন্স গাইড সরবরাহ করা।

মহাকারুণিক তথাগত গৌতম বুদ্ধ

শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তে

জন্ম : ৮ জানুয়ারি ১৯২০
পরিনির্বাণ : ৩০ জানুয়ারি ২০১২

পবিত্র ত্রিপিটক (পঞ্চবিংশ খণ্ড)

[অভিধর্মপিটকে **পট্‌ঠান** - পঞ্চম খণ্ড]

পবিত্র ত্রিপিটক

পঞ্চবিংশ খণ্ড

[অভিধর্মপিটকে **পট্ঠান** - পঞ্চম খণ্ড]

ভদন্ত রাহুল ভিক্ষু
কর্তৃক অনূদিত

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি
বাংলাদেশ

পবিত্র ত্রিপিটক (পঞ্চবিংশ খণ্ড)

[অভিধর্মপিটকে **পট্‌ঠান** - পঞ্চম খণ্ড]

অনুবাদক : ভদন্ত রাহুল ভিক্ষু

গ্রন্থস্বত্ব : অনুবাদক

প্রথম প্রকাশ : ৬ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

প্রথম প্রকাশক : বোধি ফান্ড, বাথুয়া, পটিয়া, চট্টগ্রাম

ত্রিপাসো-র প্রথম প্রকাশ : ২৫৬১ বুদ্ধবর্ষ; ২৫ আগস্ট ২০১৭

ত্রিপাসো-র দ্বিতীয় প্রকাশ : ২৫৬২ বুদ্ধবর্ষ; ২৯ মে ২০১৮

(২৫৬২ বুদ্ধবর্ষের শুভ বুদ্ধপূর্ণিমা উপলক্ষে পুনঃপ্রকাশিত)

প্রকাশক : ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ

প্রচ্ছদ পরিকল্পনায় : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

কম্পিউটার কম্পোজ : শ্রীমৎ বিপুলানন্দ ভিক্ষু

প্রচ্ছদ ডিজাইন : সুভাবিতো ভিক্ষু

মুদ্রণ : রাজবন অফসেট প্রেস

রাজবন বিহার, রাঙামাটি

পবিত্র ত্রিপিটক (২৫ খণ্ড) প্রতি সেট ২০,০০০/- টাকা মাত্র

PABITRA TRIPITAK - VOL-25

(Abhidharma Pitake **Patthan - 5th Part**)

Translated by Ven. Rahul Bhikkhu

Published by Tripitak Publishing Society, Bangladesh

Khagrachari Hill District, Bangladesh

e-mail : tpsocietybd@gmail.com

ISBN 978-984-34-3087-8

এক নজরে পবিত্র ত্রিপিটক

বিনয়পিটকে

- পারাজিকা
- পাচিত্তিয়
- মহাবর্গ
- চূলবর্গ
- পরিবার

সুত্তপিটকে

- দীর্ঘনিকায় (তিন খণ্ড)
- মধ্যমনিকায় (তিন খণ্ড)
- সংযুক্তনিকায় (পাঁচ খণ্ড)
- অঙ্গুত্তরনিকায় (পাঁচ খণ্ড)
- খুদ্দকনিকায় (উনিশটি বই)

১. খুদ্দকপাঠ
২. ধর্মপদ
৩. উদান
৪. ইতিবুত্তক
৫. সুত্তনিপাত
৬. বিমানবত্থু
৭. প্রেতকাহিনী
৮. থেরগাথা
৯. থেরীগাথা
১০. অপদান (দুই খণ্ড)
১১. বুদ্ধবংশ
১২. চরিয়াপিটক
১৩. জাতক (ছয় খণ্ড)
১৪. মহানির্দেশ
১৫. চূলনির্দেশ
১৬. প্রতিসম্ভিদামার্গ
১৭. নেত্তিপ্রকরণ
১৮. মিলিন্দ-প্রশ্ন
১৯. পিটকোপদেশ

অভিধর্মপিটকে

- ধর্মসঙ্গণী
- বিভঙ্গ
- ধাতুকথা
- পুদ্গাল-প্রজ্ঞপ্তি
- কথাবত্থু
- যমক (তিন খণ্ড)
- পট্ঠান (পাঁচ খণ্ড)

পবিত্র ত্রিপিটক (২৫ খণ্ড)

[**জ্ঞাতব্য :** সর্বশেষ ষষ্ঠ সঙ্গীতি অনুসারে পবিত্র ত্রিপিটকভুক্ত মোট ৫৯টি বইকে 'ত্রিপিটক পাবলিশিং সোসাইটি' হতে মোট ২৫ খণ্ডে বিভক্ত করে প্রকাশ করা হলো। পাঠকদের সুবিধার কথা বিবেচনা করে কোন খণ্ডে কোন গ্রন্থটি অন্তর্ভুক্ত করা হয়েছে তার একটি তালিকা নিচে দেওয়া হলো।]

পবিত্র ত্রিপিটক - প্রথম খণ্ড - পারাজিকা
পবিত্র ত্রিপিটক - দ্বিতীয় খণ্ড - পাচিত্তিয় ও মহাবর্গ
পবিত্র ত্রিপিটক - তৃতীয় খণ্ড - চূলবর্গ ও পরিবার
পবিত্র ত্রিপিটক - চতুর্থ খণ্ড - দীর্ঘনিকায় (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - পঞ্চম খণ্ড - মধ্যমনিকায় (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - ষষ্ঠ খণ্ড - সংযুক্তনিকায় (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - সপ্তম খণ্ড - সংযুক্তনিকায় (চতুর্থ ও পঞ্চম খণ্ড)
পবিত্র ত্রিপিটক - অষ্টম খণ্ড - অঙ্গুত্তরনিকায় (প্রথম ও দ্বিতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - নবম খণ্ড - অঙ্গুত্তরনিকায় (পঞ্চক ও ষষ্ঠক নিপাত)
পবিত্র ত্রিপিটক - দশম খণ্ড - অঙ্গুত্তরনিকায় (চতুর্থ ও পঞ্চম খণ্ড)
পবিত্র ত্রিপিটক - একাদশ খণ্ড - খুদ্দকপাঠ, ধম্মপদ, উদান, সুত্তনিপাত, ইতিবুত্তক, বিমানবত্থু, প্রেতকাহিনি
পবিত্র ত্রিপিটক - দ্বাদশ খণ্ড - থেরগাথা, থেরীগাথা, বুদ্ধবংশ, চরিয়াপিটক
পবিত্র ত্রিপিটক - ত্রয়োদশ খণ্ড - অপদান (প্রথম ও দ্বিতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - চতুর্দশ খণ্ড - জাতক (প্রথম ও দ্বিতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - পঞ্চদশ খণ্ড - জাতক (তৃতীয় ও চতুর্থ খণ্ড)
পবিত্র ত্রিপিটক - ষোড়শ খণ্ড - জাতক (পঞ্চম ও ষষ্ঠ খণ্ড)
পবিত্র ত্রিপিটক - সপ্তদশ খণ্ড - মহানির্দেশ ও চূলনির্দেশ
পবিত্র ত্রিপিটক - অষ্টাদশ খণ্ড - প্রতিসম্ভিদামার্গ ও নেত্তিপ্রকরণ
পবিত্র ত্রিপিটক - ঊনবিংশ খণ্ড - মিলিন্দ-প্রশ্ন ও পিটকোপদেশ
পবিত্র ত্রিপিটক - বিংশ খণ্ড - ধর্মসঙ্গণী ও বিভঙ্গ
পবিত্র ত্রিপিটক - একবিংশ খণ্ড - ধাতুকথা, পুদ্গল-প্রজ্ঞপ্তি ও কথাবত্থু
পবিত্র ত্রিপিটক - দ্বাবিংশ খণ্ড - যমক (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - ত্রয়োবিংশ খণ্ড - পট্ঠান (প্রথম ও দ্বিতীয় খণ্ড)
পবিত্র ত্রিপিটক - চতুর্বিংশ খণ্ড - পট্ঠান (তৃতীয় ও চতুর্থ খণ্ড)
পবিত্র ত্রিপিটক - পঞ্চবিংশ খণ্ড - পট্ঠান (পঞ্চম খণ্ড)

লও হে মোদের অঞ্জলি

পরম পূজ্য শ্রাবকবুদ্ধ

শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তে

এক পরম পুণ্যপুরুষের নাম। বিগত ২০১২ সালে
পরিনির্বাণ লাভের পর তাঁর নিথর নির্বাক পবিত্র দেহধাতু
বাক্সবন্দী হয়ে পড়ে থাকলেও তাঁর আদর্শ ও বাণী
এখনো আমাদের মাঝে সবাক ও বর্ষণমুখর।
তিনি আমাদের জীবনে, চলনে, বলনে, মননে ও আচরণে
চিরজাগরূক হয়ে ছিলেন, আছেন এবং থাকবেন।
তিনি একজন আদর্শ স্বপ্নদ্রষ্টা।
তিনি স্বপ্ন দেখতেন, বুদ্ধবাণীর ধারক ও বাহক
পবিত্র ত্রিপিটক একদিন বাংলায় অনূদিত হবে।
ভিক্ষু-গৃহী সবাই ত্রিপিটকে বিধৃত উপদেশ মোতাবেক জীবনকে
চালিত করে পরম শান্তিময় দুঃখমুক্তি নির্বাণ লাভ করবে।
কিন্তু তাঁর সেই স্বপ্ন এখনো পুরোপুরি বাস্তবায়ন সম্ভব হয়নি।
বিলম্বে হলেও আজ আমরা এই পরম পুণ্যপুরুষের
স্বপ্ন বাস্তবায়নে দৃঢ়প্রতিজ্ঞ। একে একে আমরা
সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদ করে প্রকাশ করতে চাই।
দিকে দিকে ছড়িয়ে দিতে চাই বুদ্ধের অমৃতনির্ঝর অমিয় উপদেশবাণী।
আমরা এ কাজে সদ্ধর্মপ্রাণ ভিক্ষু-গৃহী সকলের
আন্তরিক সহযোগিতা কামনা করছি।

আমাদের সকল কার্যক্রম—ত্রিপিটক অনুবাদ ও প্রকাশ—এই মহান
পুণ্যপুরুষের পবিত্র করকমলে—
পরম কৃতজ্ঞতায় শ্রদ্ধাঞ্জলিরূপে নিবেদিত।

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি

বাংলাদেশ

দ্বিতীয় প্রকাশের নিবেদন

আপনারা সবাই জানেন বিগত ২৫ আগস্ট ২০১৭, রোজ শুক্রবার ত্রিপাসো বাংলাদেশ নতুন এক গৌরবোজ্জ্বল ইতিহাস সৃষ্টি করে সর্বপ্রথম বাংলায় সমগ্র ত্রিপিটক (ত্রিপিটকের ৫৯টি বইকে মোট ২৫ খণ্ডে কম্বাইন্ড করে) প্রকাশ করেছিল। দিনটি বাংলার বৌদ্ধ ইতিহাসে ছিল অবিস্মরণীয় গৌরবের এবং দুর্লভ অর্জনের। এক জাকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সর্বপ্রথম বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশ করে ত্রিপাসো, বাংলাদেশ 'এখনো বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশিত হয়নি' এই অপবাদটি অপসৃত করেছে চিরতরে। ত্রিপাসো, বাংলাদেশ এই অনন্য কাজটি করার মধ্য দিয়ে একদিকে যেমন সদ্ধর্মপ্রাণ বৌদ্ধ জনসাধারণকে ভগবান বুদ্ধের শিক্ষা-উপদেশগুলো পরিপূর্ণ ও ভালোভাবে জানার, শেখার, অনুশীলন করার সুযোগ সৃষ্টি করে দিয়েছে, অপরদিকে (বাংলা ভাষায়) বুদ্ধধর্ম বিষয়ে গবেষক ও বৌদ্ধ-দর্শন বিষয়ে অনুসন্ধিৎসুগণকে আরও বেশি করে বুদ্ধধর্মকে নিয়ে আলোচনা-গবেষণা করার অবারিত দ্বার খুলে দিয়েছে।

বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশিত হওয়ার পর এদেশের আপামর জনসাধারণের মাঝে এক অভূতপূর্ব আলোড়ন সৃষ্টি হয়। অধ্যাপক, গবেষক ও বিজ্ঞ পাঠকসমাজ কর্তৃক সমাদৃত হয় দারুণভাবে। প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে সর্বস্তরের লোকজন পরম আগ্রহে বাংলা ত্রিপিটকের রয়েল সেট সংগ্রহ করতে থাকেন। কেবল বৌদ্ধরা নন, অনেক উচ্চ শিক্ষিত, মুক্ত-চিন্তাবিদ হিন্দু, মুসলমানেরাও ত্রিপিটক সংগ্রহ করতে মনোযোগী হন। আর তাই তো মাত্র দশ দিনের মাথায় প্রথম সংস্করণের সব কপি শেষ হয়ে যায়। ফলে ত্রিপিটক সংগ্রহ করতে আসা অনেককে মলিন মুখে, মনে অতৃপ্তি নিয়ে ফিরে যেতে হয়েছে। তারা আমাদের অতৃপ্তির কথা জানিয়ে পুনর্মুদ্রণ করার আকুল আহ্বান জানান, আর কবে নাগাদ পুনর্মুদ্রিত ত্রিপিটক পাবেন সেটি জানতে চান।

ধর্মপ্রাণ আগ্রহী পাঠকসমাজের প্রত্যাশা ও অনুরোধের প্রেক্ষিতে মাত্র এক মাসের ব্যবধানে বাংলায় সমগ্র ত্রিপিটক পুনর্মুদ্রণের সিদ্ধান্ত নিতে হলো। সত্যি কথা বলতে কী, পাঠকসমাজ কর্তৃক বাংলায় সমগ্র ত্রিপিটকের প্রতি এই সমাদর ও আগ্রহ দেখে আমরাও আনন্দিত।

মধু মঙ্গল চাকমা

সভাপতি, ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ

নির্ধারিত সময়ের আগে প্রকাশনা প্রসঙ্গে

ত্রিপাসো, বাংলাদেশ-এর উদ্যোগে এই প্রথম বাংলা ভাষায় একসঙ্গে সমগ্র ত্রিপিটককে প্রকাশ করার এক মহান পরিকল্পনা গ্রহণ এবং সেই লক্ষ্যে কার্যক্রম শুরু করা হয়েছিল ২০১৫ সালের একদম গোড়ার দিকে জানুয়ারি মাসে। আমরা লক্ষ্য স্থির করেছিলাম, ২০১৯ সালের ৮ জানুয়ারি পূজ্য বনভন্তের শততম জন্মদিনে সমগ্র ত্রিপিটকটি মোড়ক উন্মোচনের মাধ্যমে প্রকাশ করবো এবং পূজ্য বনভন্তের শততম জন্মদিনটিকে বাংলাদেশের বৌদ্ধ ইতিহাসের পাতায় স্মরণীয় করে রাখবো। এতদিন আমরা সেভাবেই প্রচার করে আসছিলাম।

কিন্তু, বেশ কয়েকটি কারণে আমরা নির্ধারিত সময়ের আগেই ২০১৭ সালের ২৫ আগস্ট তারিখে **"পবিত্র ত্রিপিটক"** নামে ২৫ খণ্ডবিশিষ্ট সমগ্র ত্রিপিটকটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছি।

এক. পবিত্র ত্রিপিটকের বেশ কিছু বইয়ের বাংলায় অনুবাদ ও পূর্বে অনূদিত বইগুলোর সম্পাদনা, প্রুফ রিডিং-এর কাজ শেষ করতে যত সময় লাগবে বলে আমরা ভেবেছিলাম আমাদের অভিজ্ঞ সম্পাদনা পরিষদ তার অনেক আগেই, অন্তত দেড় বছর আগে, দক্ষতার সঙ্গে কাজ শেষ করতে সক্ষম হয়েছে।

দুই. বই ছাপা ও বাইন্ডিং-এর কাজও অনুবাদ ও সম্পাদনার কাজের সঙ্গে তাল মিলিয়ে অসম্ভব দ্রুততার সঙ্গে শেষ হয়েছে।

তিন. ত্রিপাসো-র সাধারণ সদস্য-সদস্যা, পবিত্র ত্রিপিটকের অগ্রিম গ্রাহক ও সমগ্র ত্রিপিটক পড়তে আগ্রহী এমন অনেক ধর্মপ্রাণ বৌদ্ধদের পক্ষ থেকে একটা অনুযোগ একদম শুরু থেকেই ছিল যে, ত্রিপিটক প্রকাশনার তারিখটি এত দেরিতে কেন! তাদের সকলের আকুল অনুরোধ ছিল এই যে, সম্ভব হলে প্রকাশের তারিখটি এগিয়ে আনা হোক।

একদিকে অনুবাদ, সম্পাদনা, প্রুফ রিডিংসহ ছাপার কাজও যখন পুরোপুরি শেষ হয়েছে, আর অন্যদিকে আগ্রহী পাঠকরাও যখন ভগবান বুদ্ধের অমূল্য উপদেশবাণী সম্বলিত পবিত্র ত্রিপিটকটি হাতের কাছে পাবার ও পড়ে দেখার অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন, তখন আর দেরি কেন! কেন শুধু বসে বসে দীর্ঘ দেড়টি বছর অপেক্ষার প্রহর গুনতে থাকা! কথায় আছে : "শুভ কাজে দেরি করতে নেই।" তাই আমরাও দেরি না করে সমগ্র ত্রিপিটকটি আনুষ্ঠানিকভাবে প্রকাশের তারিখটিকে এগিয়ে নিয়ে আসলাম। এতে করে আপনাদের সমগ্র ত্রিপিটক পাঠের শুভ সূচনা হোক! বুদ্ধজ্ঞানের আলোয় উদ্ভাসিত হোক প্রতিটি মানুষের জীবন!

"চিরং তিট্‌ঠতু বুদ্ধসাসনং!"

মধু মঙ্গল চাকমা

সভাপতি, ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ

প্রকাশকের নিবেদন

ত্রিলোকশাস্তা মহাকারুণিক তথাগত ভগবান বুদ্ধ অনন্ত জ্ঞানের আধার। তাঁর প্রবর্তিত ও প্রচারিত ধর্মের নাম বৌদ্ধধর্ম। এ ধর্ম জ্ঞানের ধর্ম, এ ধর্ম ত্যাগের ধর্ম। এক কথায় উচ্চমার্গীয় পণ্ডিত-বেদনীয় ধর্ম বললে মোটেও অত্যুক্তি হবে না। অপরদিকে এই বিশ্বচরাচরে সত্ত্বগণের দুঃখমুক্তি নির্বাণ লাভের একমাত্র ধর্মও বটে। আজ আড়াই হাজার বছর অধিককাল যাবত প্রতিরূপ দেশসহ বিশ্বের নানা দেশে এ ধর্ম প্রতিপালিত হয়ে আসছে। এ কর্মবাদী ও আচরণীয় ধর্মের অমূল্য ও অতুলনীয় নীতিশিক্ষাগুলো আপনাপন জীবনে অনুশীলন করে বহু মানুষ লৌকিক ও লোকোত্তর-সুখের সন্ধান পেয়েছেন, এখনো পাচ্ছেন এবং ভবিষ্যতেও পাবেন, এতে কোনো সন্দেহ নেই।

এরই ধারাবাহিকতায় এই পার্বত্যাঞ্চলের মহান আর্যপুরুষ সর্বজনপূজ্য সাধনানন্দ মহাস্থবির বনভন্তেও লোকোত্তর-সুখের সন্ধান ও স্বাদ পেয়েছেন। এদেশের বৌদ্ধধর্মের পুনর্জাগরণে ও নড়েবড়ে বৌদ্ধধর্মকে একটি শক্ত ভিত্তির উপর দাঁড় করানোতে পূজ্য বনভন্তের যে অতুলনীয় অবদান তা অনস্বীকার্য। তাঁর সেই অতুলনীয় অবদানের কথা এদেশের বৌদ্ধ ইতিহাসে উজ্জ্বল স্বর্ণাক্ষরে অক্ষয় হয়ে লেখা থাকবে। সুদীর্ঘ কাল ধরে এদেশের বৌদ্ধদের মাঝে প্রকৃত বৌদ্ধধর্মের প্রচার-প্রসার করে তিনি বিগত ৩০ জানুয়ারি ২০১২ খ্রিষ্টাব্দে চুরানব্বই বছর বয়সে পরিনির্বাপিত হন। তিনি অকাল বলবো না তবে অকস্মাৎ পরিনির্বাণ লাভ করায় যে অপরিসীম ক্ষতি হয়েছে তা ভাষায় প্রকাশ করার মতো না।

আমরা জানি, বৌদ্ধধর্মের মূল ভিত্তিস্তম্ভ হচ্ছে 'ত্রিপিটক'। সুদীর্ঘ পঁয়তাল্লিশ বছরব্যাপী দেবমানব তথা সকল প্রাণীর হিত-সুখ ও মঙ্গলের উদ্দেশ্যে তথাগত বুদ্ধ যে অমিয় উপদেশবাণী—চুরাশি হাজার ধর্মস্কন্ধ—প্রচার করেছিলেন সে-সব নীতিশিক্ষা ও উপদেশবাণীর আকর গ্রন্থই হচ্ছে ত্রিপিটক। মূলত সূত্র, বিনয় ও অভিধর্ম এই তিনটি পিটককেই ত্রিপিটক বলা হয়। দুঃখমুক্তি নির্বাণপ্রদায়ক ধর্মকে জানতে হলে, বুঝতে হলে ত্রিপিটক শিক্ষা ও গবেষণার কোনো বিকল্প নেই। বিশ্বের বিভিন্ন জাতি-গোষ্ঠী বহুকাল আগে থেকে প্রয়োজনের তাগিদে পালি থেকে নিজ নিজ ভাষায় ত্রিপিটক

অনুবাদ করে বুদ্ধবাণীর চর্চা শুরু করেছিলেন। তাই প্রকৃত বুদ্ধবাণীর ধারক ও বাহক পবিত্র ত্রিপিটক আজ বিশ্বের বহু ভাষায় অনূদিত ও বহুলভাবে পঠিত ও পাঠক-নন্দিত।

আমরা জানি, পবিত্র ত্রিপিটকের বিভিন্ন গ্রন্থ বাংলায় অনুবাদ ও প্রকাশের কাজ শুরু হয়েছে আজ থেকে শত বছর আগে। এ কাজে বহু সদ্ধর্মপ্রাণ পণ্ডিত ভিক্ষু-গৃহীর ব্যক্তিক ও সামষ্টিক উদ্যোগ লক্ষ করা গেছে। পবিত্র ত্রিপিটককে বাংলায় অনুবাদ ও প্রকাশ করার লক্ষ্যে ইতিপূর্বে *বৌদ্ধ মিশন প্রেস*, *যোগেন্দ্র-রূপসীবালা ট্রাস্ট*, *ত্রিপিটক প্রচার বোর্ড*সহ বহু প্রতিষ্ঠানের জন্ম হয়েছে কিছু মহৎপ্রাণ ভিক্ষু-গৃহীর ব্যক্তিগত ও সমন্বিত উদ্যোগে। কিন্তু বড়ই দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এত কিছু উদ্যোগ সত্ত্বেও সম্পূর্ণ ত্রিপিটক বাংলায় অনুবাদ করা সম্ভব হয়নি।

আমাদের পরম সৌভাগ্য যে, এ দেশের মাটিতে শ্রাবকবুদ্ধ শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তের মতো মহান এক পুণ্যপুরুষের আবির্ভাব হয়েছে। তাঁর পূতপবিত্র পুণ্যস্পর্শে ও ঐকান্তিক প্রচেষ্টায় এ দেশের বৌদ্ধসমাজে যে নবজাগরণ সৃষ্টি হয়েছে তা এক কথায় অভূতপূর্ব! প্রকৃতির অমোঘ বিধান অনুযায়ী তাঁর সবাক উপস্থিতি এখন আর আমাদের মাঝে নেই। তাঁর নির্বাক নিথর পবিত্র দেহধাতুই শুধু আমাদের মাঝে পড়ে আছে। তিনি এখন অনুপাদিশেষ নির্বাণে পরিনির্বাপিত। কিন্তু তাঁর আশা জাগানীয়া স্বপ্নের বাণীগুলো এখনো আমাদের মাঝে সবাক ও বর্ষণমুখর। তাঁর সুললিত উপদেশবাণীগুলো এখনো আমাদের বন্ধুর জীবন চলার পথে একমাত্র পাথেয় হয়ে আছে। তিনি তাঁর জীবদ্দশায় বহুজন হিতায় বহুজন সুখায় দিনরাত অবিশ্রান্তভাবে অঝোর ধারায় অমৃতোপম ধর্মবারি বর্ষণ করে লাখো মানুষকে সদ্ধর্মে সিক্ত করেছেন।

তিনি তাঁর ধর্মদেশনায় প্রায়ই কিছু আশা ও স্বপ্নের কথা ব্যক্ত করতেন। তন্মধ্যে একটি হলো, সমগ্র ত্রিপিটককে বাংলায় অনুবাদ করে প্রকাশ করা। তিনি বলতেন, এতে করে সবাই ত্রিপিটকে বিধৃত বুদ্ধের উপদেশবাণীগুলো পড়ার, জানার ও উপলব্ধি করার সুযোগ হবে এবং তদনুযায়ী আচরণ, প্রতিপালন ও কর্মসম্পাদন করে দুঃখ থেকে মুক্ত হওয়া সম্ভব হবে।

পূজ্য বনভন্তের সেই মহান আশা ও স্বপ্নকে বাস্তব রূপদানের লক্ষ্যেই *ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ* নামে একটি ধর্মীয় প্রকাশনা সংস্থা প্রতিষ্ঠা করা হয় বিগত ২০১২ সালের ১৪ সেপ্টেম্বর খাগড়াছড়িতে ২১ (একুশ) সদস্যবিশিষ্ট একটি এডহক কমিটি গঠনের মাধ্যমে। এটি মূলত

সদ্ধর্মপ্রাণ উপাসক-উপাসিকাদের মাসিক ১০০/- টাকা হারে দেওয়া শ্রদ্ধাদান-নির্ভর একটি প্রতিষ্ঠান। বর্তমানে এটির সদস্য সংখ্যা আট শতাধিক। এটির মূল উদ্দেশ্য হচ্ছে, পিটকীয় বইগুলো বাংলায় অনুবাদ করে ধারাবাহিকভাবে প্রকাশের ব্যবস্থা করা এবং সদ্ধর্মপ্রাণ আগ্রহী পাঠকদের কাছে পৌঁছানোর ব্যবস্থা করা। ত্রিপাসো প্রতিষ্ঠার পর থেকে খুব অল্প সময়ে ভিক্ষুসংঘ ও সর্বস্তরের সদ্ধর্মপ্রাণ উপাসক-উপাসিকাদের কাছ থেকে যে পরিমাণ ব্যাপক সাড়া আমরা পেয়েছি তাতে আমরা যারপরনাই অভিভূত ও কৃতজ্ঞ।

আজ আমরা অতীব আনন্দিত যে সম্পাদনা পরিষদের নিরলস প্রচেষ্টায় দীর্ঘ কয়েক বছরের ব্যাপক প্রস্তুতির পর শেষ পর্যন্ত মহান বুদ্ধবাণীর আকর গ্রন্থ পুরো ত্রিপিটক এই প্রথম সম্পূর্ণ বাংলা ভাষায় ছাপানোর কাজটা শুরু করতে পেরেছি। এর আগেও বেশ কয়েকবার মহান সব ব্যক্তি ও প্রতিষ্ঠানের উদ্‌যোগে পুরো ত্রিপিটক বাংলায় প্রকাশ করার কাজ শুরু করেও শেষ পর্যন্ত সফলতার মুখ দেখেনি। আমরা খুব আশাবাদী যে আমাদের এবারের বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশ করার মহান এই কাজটি সকলের প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তায় সফলতার সাথে শেষ করতে পারবো। এবং এর মাধ্যমে বাংলাভাষী পাঠকদের কাছে প্রকৃত বুদ্ধবাণীকে জানার, বুঝার ও উপলব্ধি করার অবারিত দ্বার উন্মোচিত হবে।

এবার একটু সোসাইটি প্রতিষ্ঠা সম্পর্কে পাঠকদের অবগতির জন্য না বললেই নয়। এ সোসাইটি প্রতিষ্ঠায় যার মহান স্বপ্ন ছিল এবং যাদের গৌরবোজ্জ্বল ভূমিকা ও প্রচেষ্টায় এতো বড় মহৎ পুণ্যকর্ম করার সুযোগ হয়েছে তন্মধ্যে আমি প্রথমে বাংলায় ত্রিপিটক প্রকাশনার স্বপ্নদ্রষ্টা ও সকলের কল্যাণমিত্র পরম পূজ্য বনভন্তেকে শ্রদ্ধাচিত্তে স্মরণ করছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। এরপর সম্পাদনা পরিষদের অন্যতম সদস্য ও পূজ্য বনভন্তের একান্ত আদর্শিক শিষ্য শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তেকে শ্রদ্ধাভিনন্দন ও গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি। কারণ তিনিই মূলত ২০১২ খ্রিষ্টাব্দে বর্ষাবাস পালনের উদ্দেশ্যে রাংগাপানিছড়া শান্তিগিরি বনভাবনা কুটিরে আসেন এবং বিহারাধ্যক্ষ শ্রদ্ধেয় আর্যদ্বীপ ভন্তেকে বাংলায় ত্রিপিটক প্রকাশনা বিষয়ে তাঁর সদিচ্ছা ব্যক্ত করেন। আমরা বর্তমান কার্যনির্বাহী পরিষদের কতিপয় সদস্য শ্রদ্ধেয় আর্যদ্বীপ ভন্তের মারফত বিষয়টি অবগত হই এবং শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তের সাথে দেখা করি। সাক্ষাতে তিনি সমগ্র ত্রিপিটক বাংলায় প্রকাশের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন এবং সাংগঠনিক কর্মপরিকল্পনা, অর্থের

উৎসসহ যাবতীয় বিষয়ে যৌক্তিক ধারণা উপস্থাপন করেন এবং এ ব্যাপারে শ্রদ্ধেয় ইন্দ্রগুপ্ত মহাস্থবির ও শ্রদ্ধেয় বিধুর মহাস্থবির ভন্তের সদিচ্ছা রয়েছে এবং সহযোগিতা পাওয়া যাবে বলে আমাদেরকে আশ্বস্ত করেন। শ্রদ্ধেয় ভন্তের আত্মপ্রত্যয়ী মনের দৃঢ়তা ও ঐকান্তিক সদিচ্ছা আমাদের সবাইকে ভীষণভাবে উৎসাহিত ও অনুপ্রাণিত করে। ফলে এ মহৎ মানবকল্যাণকর পুণ্যকর্মের সুযোগ হাতছাড়া করা সঙ্গত হবে না মনে করে সকলের মতৈক্যের ভিত্তিতে শ্রদ্ধেয় ভন্তের প্রত্যক্ষ সহযোগিতায় ও দিকনির্দেশনায় ত্রিপিটক পাবলিশিং সোসাইটি প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে। আমি শ্রদ্ধেয় ভন্তের এ মহতী উদ্যোগ ও কুশলকর্মের প্রচেষ্টাকে সোসাইটির সকল সদস্যের পক্ষ থেকে শ্রদ্ধাচিত্তে সাধুবাদ জানাই এবং ব্রহ্মচর্য জীবনের সফলতা ও দীর্ঘায়ু কামনা করছি।

এ ছাড়াও সম্পাদনা পরিষদের যে সকল শ্রদ্ধাভাজন ভিক্ষুসংঘ নিরলসভাবে ও একান্ত অধ্যবসায়ের সাথে প্রকাশনার কার্যক্রমে মূখ্য ভূমিকা পালন করে ঐতিহাসিক স্বাক্ষর রেখেছেন বা রেখে যাচ্ছেন তাঁরা বৌদ্ধজাতির ইতিহাসে চিরভাস্বর হয়ে থাকবেন। আমি তাঁদের সকলকে শ্রদ্ধাবনত চিত্তে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সোসাইটির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হওয়ার পর থেকে দেশ-বিদেশ হতে যে সকল ধর্মানুরাগী বৌদ্ধ জনসাধারণ সোসাইটির সদস্যভুক্ত হয়ে কিংবা দাতা হিসেবে এককালীন অর্থ সহায়তা দিয়ে সোসাইটির কার্যক্রমকে বেগবান করেছেন আমি তাঁদের এ মহান ত্যাগ ও পুণ্যকর্মের চেতনাকে সোসাইটির পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে আমি বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশনার মাধ্যমে সকলের ধর্মজ্ঞান, ধর্মচক্ষু ও ধর্মবোধ উৎপন্ন হয়ে কোনো এক জন্মে দুঃখমুক্তি নির্বাণ লাভ হোক, এ প্রার্থনা করছি।

নিবেদক

মধু মঙ্গল চাকমা

সভাপতি

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ

সম্পাদনা পরিষদের বক্তব্য

'ত্রিপিটক' হলো বৌদ্ধদের পবিত্র ধর্মীয় গ্রন্থের নাম। পৃথিবীর ধর্মগ্রন্থসমূহের মধ্যে ত্রিপিটকের পরিসর যথেষ্ট ব্যাপক ও বিশাল। ত্রিলোকশাস্তা ভগবান বুদ্ধ সত্ত্বগণের হিত ও কল্যাণে যে বাণী প্রচার করেছিলেন, তারই সমন্বিত রূপ হলো ত্রিপিটক। মোটকথা, ভগবান বুদ্ধের বাণী ও নির্দেশনার পূর্ণাঙ্গ সংগ্রহ হলো ত্রিপিটক। এ ত্রিপিটক বুদ্ধের উপদেশ, কথোপকথন, বচন, উপাখ্যান, বিধান প্রভৃতি বিষয়ক পরিপূর্ণ এক বিশাল শাস্ত্রবিশেষ।

'ত্রিপিটক'-এর আভিধানিক অর্থ হলো পেটিকা, ঝুড়ি, ভাণ্ডার, ধারণপাত্র, আধার। বৌদ্ধসাহিত্যে পিটক শব্দ অর্থ এভাবে ব্যবহৃত হয়েছে—বুদ্ধের দেশনা বা ধর্ম-দর্শন যেখানে সংরক্ষিত রয়েছে, তা-ই পিটক। ত্রিপিটক মানে তিনটি পিটক। বুদ্ধের বিনয় বা নীতিমালা-বিষয়ক নির্দেশনার আধারকে বলা হয় বিনয়পিটক। সূত্র-বিষয়ক উপদেশের আধারকে বলা হয় সূত্রপিটক। পরমার্থ-বিষয়ক দেশনার আধারকে বলা হয় অভিধর্মপিটক। এই তিনটি পিটকের সমন্বিত সমাহারের নাম ত্রিপিটক। বলা বাহুল্য যে, প্রথম ধর্মসঙ্গীতি (খ্রিষ্টপূর্ব ৫৪৫ অব্দে) ও দ্বিতীয় ধর্মসঙ্গীতিতে (খ্রিষ্টপূর্ব ৪র্থ শতকে) ত্রিপিটক নামের সূচনা হয়নি। তখন 'ধর্ম-বিনয়' নামে অভিহিত করা হয়েছিল। ভগবান বুদ্ধের মহাপরিনির্বাণের দুইশত ছত্রিশ বছর পর খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে তৃতীয় ধর্মসঙ্গীতিতে 'ধর্ম-বিনয়কে' পিটকানুসারে 'ত্রিপিটক' নামকরণ করা হয়।

তৃতীয় ধর্মসঙ্গীতি বুদ্ধধর্মের ইতিহাসে অনন্য মাইলফলক হিসেবে স্বীকৃত। এ সঙ্গীতির মাধ্যমে যেমনি বুদ্ধবচনকে (ধর্ম-বিনয়কে) ত্রিপিটকরূপে আখ্যায়িত করা হয়, তেমন বুদ্ধের সদ্ধর্মশাসনকে রক্ষা করার স্তম্ভও নির্মিত হয় সুদৃঢ়ভাবে। সঙ্গীতি সমাপ্তিলগ্নে সঙ্গীতিতে অংশগ্রহণকারী অর্হৎ ভিক্ষুগণ দেখতে পান বিধর্মীর কবলে পড়ে বুদ্ধের সদ্ধর্মশাসন ভারতবর্ষ হতে তিরোহিত হবে একদিন। বুদ্ধের শাসনদরদী সঙ্গীতির সভাপতি মোগ্‌গলিপুত্ত তিস্‌স স্থবির সদ্ধর্মশাসনকে রক্ষাকল্পে সম্রাট অশোককে দেশ-বিদেশে ভিক্ষু প্রেরণ করার জন্য উদ্বুদ্ধ করেন। স্থবিরের অনুরোধে অশোক ভারতবর্ষ ও এর পার্শ্ববর্তী বিভিন্ন দেশে ধর্মদূত হিসেবে

বিশিষ্ট ভিক্ষুদের প্রেরণ করেন সুপরিকল্পিতভাবে। যেসব স্থানে ভিক্ষু প্রেরণ করেন, তন্মধ্যে কাশ্মীর, গান্ধার, মহারাষ্ট্র, সুবর্ণভূমি (বর্তমানে মায়ানমার ও থাইল্যান্ড), সিংহলদ্বীপ (বর্তমানে শ্রীলংকা) এবং মধ্য-এশিয়ার দেশসমূহ বিশেষভাবে উল্লেখযোগ্য। সে সময় সম্রাট অশোকপুত্র ভিক্ষু মহিন্দকে শ্রীলংকায় প্রেরণ করা হয়। 'সম্রাট অশোকের পুত্র-কন্যা যথাক্রমে থের মহিন্দ ও থেরী সংঘমিত্রা কর্তৃক প্রথম ত্রিপিটক শ্রীলংকায় নীত হয়। এভাবে ক্রমে ত্রিপিটক দেশ-বিদেশে ছড়িয়ে পড়ে।' (*ত্রিপিটক পরিচিতি এবং অন্যান্য প্রসঙ্গ*—সুকোমল বড়ুয়া, সুমন কান্তি বড়ুয়া, পৃ. ৬)

চতুর্থ ধর্মসঙ্গীতি আগ পর্যন্ত বুদ্ধের বাণীর আধার 'ত্রিপিটক' পুস্তক আকারে সংকলিত হয়নি। খ্রিষ্টপূর্ব প্রথম শতাব্দীতে শ্রীলংকার ধর্মপ্রাণ নৃপতি বট্টগামনী অভয়ের পৃষ্ঠপোষকতায় শ্রীলংকায় চতুর্থ ধর্মসঙ্গীতি অনুষ্ঠিত হয়। এ সঙ্গীতিতে সমগ্র ত্রিপিটক ও এর অর্থকথা তালপত্র ও ভূর্জপত্রে লিপিবদ্ধ করা হয়। অর্থাৎ বুদ্ধের বাণীর আধার ত্রিপিটক প্রথম পুস্তক আকারে সংকলিত করা হয়। এতদিন যেই ত্রিপিটক শ্রুতিধর পণ্ডিত ভিক্ষুগণের মাঝে গুরু-শিষ্যপরম্পরায় স্মৃতিতে বা মুখে মুখে ছিল, এ সঙ্গীতিতে সেই ত্রিপিটক লেখ্যরূপ পায়। ইহাই (থেরবাদীদের) বর্তমান ত্রিপিটক।

ত্রিপিটক কেবল বৌদ্ধদের নিকট নিখাদ একটি ধর্মীয় গ্রন্থ (বা গ্রন্থের সম্ভার) নয়। এটির জ্ঞানগর্ভ এবং সর্বজনীন বিষয়বস্তুর কারণে সর্বদেশে ও সর্বজনের অনুসন্ধিৎসু মনকে আলোড়িত করে, পুলকিত এবং নিবৃতও করে। বিশ্বের বিবেকবান, যুক্তিবাদী ও সত্য অনুসন্ধানী মানুষের হৃদয় জয় করে নেয় এ ত্রিপিটক। ক্রমেই ত্রিপিটক (ভারতবর্ষ অতিক্রম করে) এশিয়া ও প্রাচ্যের বহুদেশে গিয়ে পৌঁছে। বৌদ্ধপ্রধান দেশের ভাষায় যেমন—সিংহলী, বার্মিজ, থাই, চীনা, কম্পোডীয়, তিব্বতী প্রভৃতি ভাষায় অনূদিত হয় (মূল পালি ত্রিপিটক)। অনেক উৎসুক ও সত্যসন্ধানী ব্যক্তি নিজস্ব উদ্যোগে ত্রিপিটকের কিছু কিছু অংশ বিভিন্ন দেশের ভাষায় অনুবাদ করেন। ১৮৫৪ খ্রিষ্টাব্দে ড. ফৌসবল প্রথম ল্যাটিন ভাষায় ধর্মপদ অনুবাদ করে প্রকাশ করেন। উনিশ শতকের শেষভাগে সিংহলী ত্রিপিটক প্রথম ইংরেজি ভাষায় অনূদিত হয়। অধ্যাপক টি. ডব্লিউ রীস ডেভিডস্ (Prof. T.W. Rhys Davids) ১৮৮১ সালে লন্ডনে 'পালি টেক্সট সোসাইটি' গঠন করে পূর্ণাঙ্গ ত্রিপিটকের ইংরেজি অনুবাদ করার উদ্যোগ গ্রহণ করেন। সেই পালি টেক্সট সোসাইটি থেকে ক্রমে ক্রমে পূর্ণাঙ্গ ত্রিপিটকের ইংরেজি অনুবাদ করা হয়। তখন ইউরোপ-আমেরিকার অসংখ্য পাঠকসহ বিশ্বের পাঠকসমাজ ত্রিপিটক

সম্পর্কে জানার সুযোগ লাভ করেন। 'এই মহৎ ও সুকঠিন কাজটি সুসম্পন্ন করতে রীস ডেভিডস্-এর সহধর্মিনীসহ বহু মনীষী নিষ্ঠার সাথে কাজ করেন। এসব মনীষীর মধ্যে উল্লেখযোগ্য হলেন—E.B. Cowell, Flusball, Alexander David Neill, W. Montgomery, Prof. Lamam Foucaux, Abel Remusat, Sylvain Levi, E.B. Muller, J.E. Ellam, Childers, Dr. Paulcarus, Karl Neumann, Oldenburg, Hapkin.' (*ত্রিপিটক পরিচিতি এবং অন্যান্য প্রসঙ্গ*—সুকোমল বড়ুয়া ও সুমন কান্তি বড়ুয়া, পৃ. ১০৯)। এর সমসাময়িককালে ত্রিপিটকের অনেক গ্রন্থ জার্মান, ফ্রান্স, রুশ ও ইতালীয় ভাষায় অনূদিত হয়।

বাংলা ভাষায় ত্রিপিটক অনুবাদের ইতিহাস কিছুতেই সুদীর্ঘকালের বলা যাবে না। উনিশ শতকের দিকে বুদ্ধের বাণীর আধার এই ত্রিপিটক বাংলায় অনুবাদ করা শুরু হয়। বিশেষত অগ্রমহাপণ্ডিত ভদন্ত প্রজ্ঞালোক মহাস্থবির মহান ত্রিপিটক বাংলায় অনুবাদের এক মহাউদ্যোগ হাতে নেন ১৯৩০ সালে। তিনি এই বছর রেঙ্গুনে 'বৌদ্ধ মিশন প্রেস' প্রতিষ্ঠা করেন। আর বাংলায় অনূদিত ত্রিপিটকের গ্রন্থগুলো প্রকাশ করার জন্য একে একে 'যোগেন্দ্র-রূপসীবালা ট্রাষ্ট', 'রাজেন্দ্র ত্রিপিটক প্রকাশনী' গঠিত হয়। প্রজ্ঞালোক মহাস্থবিরের সেই উদ্যোগের সাথে একাত্মতা প্রকাশ করে বাংলায় ত্রিপিটক অনুবাদের কাজে আত্মনিয়োগ করেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রধান পালি অধ্যাপক ড. বেণীমাধব বড়ুয়া এমএ, ডি-লিট লন্ডন; পণ্ডিত প্রজ্ঞানন্দ স্থবির, ধর্মতিলক স্থবির, পণ্ডিত ধর্মাধার মহাস্থবির, শ্রীজ্যোতিপাল স্থবির প্রমুখ সদ্ধর্মহিতৈষীগণ। ১৯৩৪ সালে শ্রীধর্মতিলক স্থবির কর্তৃক অনূদিত 'বুদ্ধবংশ' গ্রন্থটি প্রকাশিত হয় বৌদ্ধ মিশন প্রেস থেকে। ১৯৩৫ সালে বৌদ্ধ মিশন প্রেস থেকে শ্রীমৎ প্রজ্ঞালোক স্থবির কর্তৃক অনূদিত 'থেরগাথা' গ্রন্থটি প্রকাশিত হয়। আর ১৯৩৭ সালে প্রজ্ঞানন্দ স্থবির অনূদিত বিনয়পিটকের 'মহাবর্গ' গ্রন্থটিও প্রকাশিত হয় বৌদ্ধ মিশন প্রেস থেকে। গ্রন্থটি ছাপানোর ব্যয়ভার বহন করে 'যোগেন্দ্র-রূপলীবালা ট্রাষ্ট'। ১৯৪০ সালে ড. বেণীমাধব বড়ুয়া অনূদিত 'মধ্যমনিকায় - প্রথম খণ্ড' উক্ত ট্রাষ্ট হতে প্রকাশিত হয়। বলে রাখা দরকার, ইতিপূর্বে ১৯২৯ সালে ঈশানচন্দ্র ঘোষ কর্তৃক ৬ খণ্ড জাতক বাংলায় অনূদিত ও প্রকাশিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪২ সালে বৌদ্ধ মিশন প্রেসের বিশেষ ক্ষতি সাধন হয়। ফলশ্রুতিতে কিছুসংখ্যক ত্রিপিটকের গ্রন্থ প্রকাশের পর অগ্রমহাপণ্ডিত প্রজ্ঞালোক মহাস্থবিরের মহা উদ্যোগ শেষ হয়ে যায়।

পরবর্তীকালে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের বরেণ্য ভিক্ষু ও বিদ্বজ্জনের উদ্যোগে ত্রিপিটকের কিছু কিছু গ্রন্থ বিচ্ছিন্নভাবে বাংলায় অনূদিত হতে থাকে। এ পর্বে যাদের অবদান অনস্বীকার্য তাঁরা হলেন—ভিক্ষু শীলভদ্র, শান্তরক্ষিত মহাথের, জ্যোতিপাল মহাথের, শীলানন্দ ব্রহ্মচারী, ড. সুকোমল চৌধুরী, ড. আশা দাস, ডা. সীতাংশু বড়ুয়া, অধ্যাপক সুকোমল চৌধুরী প্রমুখ। তারপরও বেশ কিছু পিটকীয় গ্রন্থ বাংলায় অননূদিত থেকে যায়।

বিংশ শতাব্দীর শেষের দিকে লোকোত্তর জ্ঞানের বৈভবে ঋদ্ধ, মহামানব পরম পূজ্য বনভন্তের পবিত্র সান্নিধ্যে পার্বত্যাঞ্চলের বৌদ্ধসমাজ খুঁজে পায় মৌলিক বুদ্ধধর্মের পুনরুত্থান বা পুনর্জাগরণ। এতদঞ্চলে রচিত হয় বুদ্ধধর্মের এক নতুন অধ্যায়, নতুন ইতিহাস। শুধু পার্বত্যাঞ্চলে নয়, গোটা বাংলাদেশের বৌদ্ধসমাজে তাঁর এ পুনর্জাগরণের ঢেউ ছড়িয়ে পড়ে। তাঁর প্রাণসঞ্চারী সদ্ধর্ম প্রচারের ফলে পার্বত্যাঞ্চলে যেন বুদ্ধযুগের আবহ সৃষ্টি হয়। সদ্ধর্ম পুনর্জাগরণের মহাযোগী বনভন্তের সদ্ধর্ম প্রচার ও বুদ্ধের শাসন রক্ষা, শ্রীবৃদ্ধি সাধনের চিন্তা-চেতনা, পরিকল্পনা, উদ্দেশ্য, পদক্ষেপ গ্রহণ করা অকল্পনীয়। তাঁর সেই পদক্ষেপের গৌরবোজ্জ্বল প্রতিটি অধ্যায় অনন্য দীপ্তিতে উদ্ভাসিত হতে থাকে নানারূপে, নানারঙে। এসব অধ্যায়ের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায় হলো, ত্রিপিটকের অননূদিত গ্রন্থসমূহ বাংলায় অনুবাদ করিয়ে নিয়ে প্রকাশ করা। আর সেগুলো ছাপানোর জন্য রাজবন বিহারে একটি প্রেস প্রতিষ্ঠা করা। পূজ্য বনভন্তের সেই পদক্ষেপ বা পরিকল্পনাকে ফুলে-ফলে সুশোভিত করতে রাজবন বিহারের ভিক্ষুসংঘ 'বনভন্তে প্রকাশনী' নামে একটি প্রকাশনা সংস্থা গঠন করে ১৯৯৯ সালের জুন মাসে। সংস্থার ফান্ড বৃদ্ধির জন্য একই বছরের ২৬ জুনে 'উৎসর্গ ও সূত্র' নামে ভিক্ষু-গৃহীদের ব্যবহারিক ধর্মীয় কর্তব্য সন্নিশ্রিত ছোট্ট পুস্তিকা প্রকাশ করা হয়। আর এভাবেই শুরু হয় বনভন্তে প্রকাশনীর পথচলা। এরপর ২০০৩ সালে বনভন্তে প্রকাশনী হতে প্রকাশ করা হয় পণ্ডিত সত্যপ্রিয় মহাথের অনূদিত বিনয়পিটকীয় গ্রন্থ 'চূলবর্গ' গ্রন্থটি। এর পরে আরও বহু পিটকীয় ও সংকলিত বই বনভন্তে প্রকাশনী হতে প্রকাশিত হয়।

ইতিপূর্বে বুদ্ধের শাসনদরদী শ্রাবকবুদ্ধ পূজ্য বনভন্তে সমগ্র ত্রিপিটক শাস্ত্রকে বাংলায় অনুবাদ করিয়ে নিয়ে প্রকাশ করার লালিত স্বপ্নকে বাস্তবায়িত করতে বহুগ্রন্থ প্রণেতা ও শ্রীলংকায় পালি বিষয়ে উচ্চশিক্ষাপ্রাপ্ত ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরকে দিয়ে 'মহাসতিপট্‌ঠান সুত্ত অট্‌ঠকথা' গ্রন্থটি বাংলায় অনুবাদ করিয়ে নেন ২০০১ সালে। একই বছরের ৪ মার্চে রাজবন বিহার উপাসক-উপাসিকা পরিষদ কর্তৃক সেটা প্রকাশিত হয়। পূজ্য বনভন্তে তাঁর সেই লালিত স্বপ্নকে পূরণ করা সহজতর করতে রাজবন বিহারে একটি প্রেস প্রতিষ্ঠার নির্দেশ দেন

শিষ্যদেরকে। এবার রাজবন বিহারে প্রেস প্রতিষ্ঠার যাবতীয় পদক্ষেপ গ্রহণ করা হলো। আর প্রতিষ্ঠা করা হলো 'রাজবন অফসেট প্রেস'। ২০০৪ সালের ২৯ জুলাই, রোজ মঙ্গলবার পূজ্য বনভন্তে আনুষ্ঠানিকভাবে প্রেসের কার্যক্রম শুভ উদ্বোধন করেন। ২০০৫ সালে বনভন্তে প্রকাশনী হতে অধ্যাপক সুমঙ্গল বড়ুয়া কর্তৃক অনূদিত 'অঙ্গুত্তরনিকায়' (চতুর্থ খণ্ড) প্রকাশ করা হয়। আর গ্রন্থটিও মুদ্রিত হয় রাজবন অফসেট প্রেস হতে।

এ সময় পরম পূজ্য বনভন্তে প্রায়ই ত্রিপিটক বাংলায় অনুবাদের প্রয়োজনীয়তা তুলে ধরতেন। তিনি বলেন, আমি এতদঞ্চলে বুদ্ধের শাসন উন্নতি, শ্রীবৃদ্ধি ও সুরক্ষা করতে চাচ্ছি। তজ্জন্য পুরো ত্রিপিটক শাস্ত্র রাজবন বিহারে সংগ্রহ করে রেখেছি। আর সেগুলো বাংলায় অনুবাদ করার দিকে জোর দিচ্ছি। ত্রিপিটক ছাড়া বুদ্ধের শাসন সুরক্ষা করা সম্ভব নয়। আন্দাজ করে বুদ্ধধর্ম আচরণ করা যায় না। এ দেশে ত্রিপিটকশাস্ত্র বাংলায় অনুবাদ করে সহজলভ্য করা অনিবার্য হয়ে পড়েছে। এ কাজের জন্য একটি শক্তিশালী লেখক তথা অনুবাদক গোষ্ঠী গড়ে তোলা অপরিহার্য। তিনি আমাদেরকে (শিষ্যদেরকে) লক্ষ করে বলেন, তোমরা পালি শিক্ষা কর, ত্রিপিটক শিক্ষা কর। অননূদিত পিটকীয় গ্রন্থসমূহ বাংলায় অনুবাদ করতে পালি শিক্ষা কর।

গুরুভন্তের মুখ হতে এমন অনুপ্রেরণাময়, অনাবিল সঞ্জীবনী সুধাপূর্ণ বাক্য শুনে কিছুসংখ্যক শিষ্য পালি শিক্ষা করতে উৎসাহিত, অনুপ্রাণিত হয় দারুণভাবে। তারা ব্যক্তিগতভাবে পালি শিক্ষা করতে উদ্যোগী হন। তাদের সেই উদ্যোগ পূজ্য বনভন্তের কাছে নিবেদন করলে বুদ্ধশাসন হিতৈষী ভন্তে বেশ প্রীত হন। তিনি তাদেরকে আশীর্বাদ প্রদান করে অনুমতি প্রদান করেন। এবার তারা ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরোর কাছে পালি শিক্ষা করা আরম্ভ করলেন। কয়েক বছর ধরে গভীর আগ্রহে পালি শিক্ষা করার পর তারা একটা ভালো পর্যায়ে পৌঁছুতে সমর্থ হন। অন্যদিকে ২০০৬ সালে রাজবন বিহারে পালি শিক্ষা করার এক সংঘবদ্ধ উদ্যোগ গ্রহণ করা হলো বনভন্তের উৎসাহপূর্ণ দেশনায় উজ্জীবিত ভিক্ষুগণের প্রচেষ্টায়। পূজ্য বনভন্তের অনুমোদন ও আশীর্বাদ পেয়ে তারা বহু গ্রন্থপ্রণেতা এবং পালি ভাষায় অভিজ্ঞ ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরকে রাজবন বিহারে এসে পালি শিক্ষা দিতে বিনীত অনুরোধ জানান। মহান আর্যপুরুষ পূজ্য বনভন্তের এই ঐকান্তিক সদিচ্ছা, আগ্রহ ও আশীর্বাদের কথা শুনে ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথেরও শাসনদরদী চিত্তে এগিয়ে আসেন। তিনি ২০০৬ সালের বর্ষাবাস রাজবন বিহারে যাপন করে ৩৫ জনের অধিক ভিক্ষু-শ্রামণকে পালি শিক্ষা দিতে আরম্ভ করেন। তবে শিক্ষা গ্রহণের মাঝখানে অনেক চড়াই-উতরাই পাড়ি দিতে গিয়ে প্রায় শিক্ষার্থীই শিক্ষার কার্যক্রম হতে ঝড়ে

পড়েন। মাত্র ৭/৮ জনের মতো ভিক্ষু শিক্ষা কোর্স সমাপ্ত করতে সক্ষম হন। তারা পালি ভাষা অর্জনের মোটামুটি একটা ভালো পর্যায়ে উপনীত হন ২০০৯ সালের প্রথমদিকে।

সুখের বিষয়, পালি শিক্ষা গ্রহণের পর পূজ্য বনভন্তের সেই শিষ্যগণ মূল ত্রিপিটক বাংলায় অনুবাদ করার কাজে আত্মনিয়োগ করেন। ২০০৭ সালের বৈশাখী পূর্ণিমা তিথিতে করুণাবংশ ভিক্ষু বিনয়পিটকের 'পাচিত্তিয়' বাংলায় অনুবাদ করে বাংলাভাষী পাঠকসমাজকে উপহার দেন। একই বছরের আষাঢ়ী পূর্ণিমা তিথিতে বুদ্ধবংশ ভিক্ষু বিনয়পিটকের 'পারাজিকা' গ্রন্থটি বাংলায় অনুবাদ করে বাংলাভাষী পাঠকের হাতে অর্পণ করেন। আর বছরের শেষের দিকে প্রবারণা পূর্ণিমা তিথিতে বিনয়পিটকের 'পরিবার পাঠ ১ম খণ্ড' এবং ২০০৮ সালের সেপ্টেম্বর মাসে বিনয়পিটকের 'পরিবার পাঠ ২য় খণ্ড' বাংলায় অনুবাদ করে ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথের নিজকে একটা অনন্য স্থানে অধিষ্ঠিত করেন। অপরদিকে ২০০৮ সালের আষাঢ়ী পূর্ণিমা তিথিতে প্রজ্ঞাদর্শী ভিক্ষু সূত্রপিটকের 'অঙ্গুত্তরনিকায়' (পঞ্চম নিপাত) বঙ্গানুবাদ করে প্রকাশ করেন। ২০১০ সালের পূজ্য বনভন্তের ৯১তম দিনে 'সংযুক্তনিকায়, স্কন্ধ-বর্গ' গ্রন্থটি বাংলায় অনূদিত হয়। অনুবাদ করেন ইন্দ্রগুপ্ত ভিক্ষু, সুমন ভিক্ষু, আদিকল্যাণ ভিক্ষু, সীবক শ্রামণ যৌথভাবে। এই পিটকীয় গ্রন্থ সবই রাজবন অফসেট প্রেস থেকে মুদ্রিত হয়। এভাবেই পূজ্য বনভন্তের সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদ করে নেওয়ার অনুপম সদিচ্ছা বাস্তবায়নে তাঁর শিষ্যগণ দৃঢ়প্রত্যায়ী হয়ে এগিয়ে আসেন। তাদের আন্তরিক প্রচেষ্টায় একের পর এক অননূদিত পিটকীয় গ্রন্থগুলো বাংলায় অনুবাদ হতে থাকে। বলে রাখা দরকার, বনভন্তের শিষ্যদের এ মূল ত্রিপিটক বাংলায় অনুবাদ করার মহৎ কাজ দেখে পালি শিক্ষায় সমৃদ্ধ সদ্ধর্মশাসন অনুরাগী ভিক্ষুরাও এ কাজে আগ্রহশীল হয়ে উঠেন।

মহান আর্যপুরুষ পূজ্য বনভন্তে বিগত ২০১২ সালের জানুয়ারি মাসে পরিনির্বাণ লাভের পর তাঁর নির্বাক পবিত্র দেহধাতু বাক্সবন্দী অবস্থায় পড়ে থাকলেও তাঁর আদর্শ, বাণী এখনো আমাদের মাঝে সবাক ও বর্ষণমুখর। তিনি আমাদের পথপ্রদর্শক, মহান স্বপ্নদ্রষ্টা ও অপরিসীম প্রেরণার উৎস। আমাদের অন্তরের মণিকোঠায় তিনি চিরঞ্জীব, চির অম্লান। জগদ্দুর্লভ এ মহাপুরুষের সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদ ও প্রকাশ করে বাংলাভাষী পাঠকসমাজে সহজলভ্য করার স্বপ্নকে বাস্তব রূপদানকল্পে প্রতিষ্ঠা করা হয় 'ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ' নামে একটি প্রকাশনা সংস্থা। বনভন্তের শিষ্যসংঘের মধ্য থেকে কতিপয় চিন্তাশীল, শাসনহিতৈষী, সাহিত্যানুরাগী ভিক্ষু এবং সচেতন ধর্মপিপাসু ও জ্ঞানান্বেষী দায়ক-দায়িকাবৃন্দের যৌথ উদ্যোগে গঠিত হয় এ

প্রকাশনা সংস্থাটি। সংস্থার অন্যতম একটা লক্ষ্য হচ্ছে পূজ্য বনভন্তের শিষ্যদের মধ্যে যাঁরা ত্রিপিটকের অননূদিত গ্রন্থ বঙ্গানুবাদের কাজে ব্রতী হয়েছেন, তাদের অনূদিত গ্রন্থসমূহ একটি সুনির্দিষ্ট প্রকাশনা হতে প্রকাশ করার সুব্যবস্থা করা। সংস্থার বিশ্বাস, সম্মিলিত প্রচেষ্টা ও সুপরিকল্পিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এখনো অননূদিত পিটকীয় গ্রন্থসমূহ কয়েক বছরে বাংলায় অনুবাদ ও প্রকাশ করা সম্ভব।

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশে প্রতিষ্ঠার পর পরই সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদ ও প্রকাশ করার কাজে নেমে পড়ে। ২০১৩ সালে শ্রীমৎ জ্যোতিপাল ভিক্ষু কর্তৃক অনূদিত 'উদান' গ্রন্থটি পুনঃপ্রকাশ এবং ২০১৪ সালের জানুয়ারিতে ইন্দ্রগুপ্ত ভিক্ষু, বঙ্গীস ভিক্ষু, অজিত ভিক্ষু ও সীবক ভিক্ষু কর্তৃক অনূদিত খুদ্দকনিকায়ের 'মহানির্দেশ' গ্রন্থটি প্রকাশের মাধ্যমে সোসাইটির অগ্রযাত্রা সূচিত হয়। এরপর ২০১৪ সালের অক্টোবরে করুণাবংশ ভিক্ষু কর্তৃক অনূদিত খুদ্দকনিকায়ের 'অপদান' (প্রথম খণ্ড) ও 'অপদান' (দ্বিতীয় খণ্ড) গ্রন্থ দুটি ত্রিপিটক পাবলিশিং সোসাইটি থেকে প্রকাশিত হয়। ২০১৫ সালের জানুয়ারিতে প্রকাশিত হয় খুদ্দকনিকায়ের 'চূলনির্দেশ' গ্রন্থটি। এ গ্রন্থের যৌথ অনুবাদক হলেন : ইন্দ্রগুপ্ত ভিক্ষু, পূর্ণজ্যোতি ভিক্ষু, বঙ্গীস ভিক্ষু, অজিত ভিক্ষু ও সীবক ভিক্ষু। ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ এভাবে একের পর এক পিটকীয় গ্রন্থ প্রকাশ করে বাংলাভাষী পাঠকবৃন্দের হাতে তুলে দিয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে। সোসাইটির এই প্রকাশনা কার্যক্রম বৌদ্ধসমাজের বরেণ্য বুদ্ধিজীবী, সাহিত্যানুরাগী, সচেতন ও সদ্ধর্মপ্রাণ ব্যক্তিবর্গের কাছে বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হয়। তারা ক্রমেই সোসাইটির সাথে সম্পৃক্ত হয়ে নিজেদেরকে বুদ্ধশাসন ও সদ্ধর্ম সুরক্ষার দুর্লভ কার্যক্রমে নিয়োজিত করতে থাকেন। অন্যদিকে সোসাইটির সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দ ছাড়াও পূজ্য বনভন্তের যেসব শিষ্য পিটকীয় গ্রন্থ অনুবাদে নিয়ত তারাও সোসাইটির ছত্রতলে এসে প্রবল আগ্রহ আর নিষ্ঠার সাথে অনুবাদের কাজে যোগ দেন। এ রকম সমন্বিত প্রয়াস ও সুপরিকল্পনা-মাফিক অনুবাদকাজের ফলে মূল ত্রিপিটকের সমস্ত গ্রন্থ বাংলায় অনূদিত হবার শেষ পর্যায়ে এসে পৌঁছায় কয়েক বছরের মধ্যে।

এবার ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ পরম পূজ্য বনভন্তের লালিত স্বপ্ন সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদ ও প্রকাশ করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও সময় নির্ধারণ করে। নির্ধারিত সময়টি হলো, ২০১৯ সালের পূজ্য বনভন্তের ১০০তম শুভ জন্মদিন উপলক্ষে ত্রিপাসো পক্ষ থেকে এই প্রথম বাংলা ভাষায় সমগ্র ত্রিপিটক 'পবিত্র ত্রিপিটক' নামে প্রকাশ করবে।

এই গুরুত্বপূর্ণ, মহান ও পবিত্র কাজটি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়ন করার জন্য ত্রিপাসো-এর সম্পাদনা পরিষদ ও সাধারণ পরিষদ হতে দক্ষ, অভিজ্ঞ সদস্য নিয়ে 'বাংলায় সমগ্র ত্রিপিটক প্রকাশনা কমিটি' নামে ৯ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় ১৯ সেপ্টেম্বর ২০১৫ সালে।

তারই প্রেক্ষিতে ২০১৬ সালের ৩০ জানুয়ারি পূজ্য বনভন্তের ৫ম পরিনির্বাণ দিবসে আনুষ্ঠানিকভাবে মহান ত্রিপিটকের গ্রন্থ ছাপানোর কাজ শুভ উদ্বোধন করার ব্যবস্থা গ্রহণ করা হয়। ত্রিপাসো-এর পক্ষ হয়ে এ মহান কাজের শুভ উদ্বোধন করেন বনভন্তের শিষ্যসংঘের প্রধান ও রাজবন বিহারের আবাসিক প্রধান এবং ত্রিপাসো-এর উপদেষ্টা পরিষদের আহবায়ক শ্রদ্ধেয় শ্রীমৎ প্রজ্ঞালংকার মহাস্থবির, আর চাকমা রাজা ব্যারিস্টার দেবাশীষ রায়।

সমগ্র ত্রিপিটকের মোট ৫৯টি গ্রন্থকে মাত্র ২৫ খণ্ডে বিভাজিত করে 'পবিত্র ত্রিপিটক' নামে রয়েল সেট আকারে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় সর্বদিক বিবেচনা করে। ত্রিপিটকের মতো বিশাল গ্রন্থের সমাহার প্রকাশনা ও সম্পাদনা করা অত্যন্ত কঠিন একটা কাজ, আর শ্রমসাধ্য তো বটেই। এ কাজ সুষ্ঠুভাবে সমাধানের জন্য অভিজ্ঞতার যেমন প্রয়োজন রয়েছে, তেমনি রয়েছে মহামূল্যবান শ্রমদান ও ন্যায়-নিষ্ঠ দায়িত্ব কাঁধে তুলে নেয়ার অপরিসীম ধৈর্য ও কষ্ট-সহিষ্ণু মনোবৃত্তিরও। আমরা এ প্রকাশনা এবং সম্পাদনার কাজ সুন্দর, আকর্ষণীয় ও পাঠকের কাছে সুখপাঠ্য করে তুলতে অনেক খ্যাতিমান লেখক, সাহিত্যিকের সাথে আলোচনা করেছি। তাদের সুপরামর্শ ও যৌক্তিক অভিমতগুলো গ্রহণ করেছি। অন্যদিকে পিটকীয় গ্রন্থের অনেক অনুবাদকের সাথেও যোগাযোগ করেছি। তারা প্রত্যেকে নিঃশর্তভাবে আমাদেরকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। তজ্জন্য আমরা সবার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বাংলায় অনূদিত পিটকীয় বইগুলোর অধিকাংশ আজ থেকে বহু বছর আগে অনুবাদ করা। বইগুলো প্রুফ দেখাসহ সম্পাদনা করতে গিয়ে আমরা পূর্বপ্রকাশিত (পিটকীয়) গ্রন্থের বানানরীতিতে পরিবর্তন এনেছি। বর্তমান পাঠকবৃন্দের যাতে সহজবোধ্য ও সুখপাঠ্য হয় সেই লক্ষ্যে এ পরিবর্তন আনা হয়েছে। আর বাংলা একাডেমির আধুনিক 'প্রমিত বাংলা বানানরীতি' মেনেই এ পরিবর্তন আনা হয়েছে। অনুবাদকগণ বৌদ্ধ পারিভাষিক শব্দগুলোর ভিন্ন ভিন্ন বানান ব্যবহার করেছেন। বৌদ্ধ পারিভাষিক শব্দগুলোর বানানের এই অসামঞ্জস্য দূর করার জন্য আমরা বৌদ্ধ পারিভাষিক শব্দের বানানরীতি প্রণয়ন করেছি এবং সেই বানানরীতিই আমরা ব্যবহার করেছি। তাই কিছু কিছু বৌদ্ধ পরিভাষার বানানেও পরিবর্তন এনেছি। আমাদের এই পরিবর্তন আধুনিক বাংলা

ব্যাকরণরীতি এবং অর্থগত দিকের সাথে অবশ্যই সামঞ্জস্যপূর্ণ। আমাদের এ কাজটি অনেকের কাছে যথেষ্ট সাহসীও মনে হতে পারে। আসল কথা হলো, আমরা সর্বোচ্চ চেষ্টা করেছি মূলানুবাদের ভাষা অবিকৃত রেখে অধিকতর আধুনিক ও যুগোপযোগী করার। এতগুলো বইয়ের পাণ্ডুলিপি সম্পূর্ণ নতুনভাবে তৈরিসহ বিভিন্ন পর্যায়ের প্রকাশনার কাজে দুয়েকটি ভুলক্রটি থাকা অস্বাভাবিক কিছু নয়। যদিও আমরা সেটা না করতে যথেষ্ট সচেতন ছিলাম। নির্ভুল, সর্বাঙ্গ সুন্দর প্রকাশনার মাধ্যমে পাঠকসমাজকে বাংলায় সমগ্র ত্রিপিটক উপহার দেয়ার মানসে নিরলসভাবে কাজ করেছি আমরা। তার পরও অনিচ্ছাকৃত ভুল-প্রমাদ রয়ে গেলে, সেগুলো উদার চিত্তে গ্রহণ করার আহ্বান রইল। সমগ্র ত্রিপিটক এই প্রথম বাংলায় প্রকাশনার এ মহতী ও বিশাল কর্মকাণ্ডে, বিশেষত প্রুফ রিডিংসহ বিভিন্ন কাজে আমাদেরকে যাঁরা আন্তরিকভাবে কায়িক-বাচনিক ও আর্থিক সহায়তা করেছেন, তাদের প্রত্যেকের কাছে আমরা চির কৃতজ্ঞ।

এই প্রথম বাংলা ভাষায় সমগ্র ত্রিপিটক প্রকাশ করে ত্রিপাসো একদিকে যেমন পরম পূজ্য বনভন্তের সেই লালিত স্বপ্নকে বাস্তবায়ন করে দিতে সমর্থ হলো, অন্যদিকে এখনো বাংলায় সমগ্র ত্রিপিটক অনূদিত হয়নি, এ লজ্জাজনক উক্তি ঘুচিয়ে এক অনন্য ইতিহাস সৃষ্টি করলো বলে আমরা মনে করি। এ মহতী পুণ্যময় কার্য সমাধা করে ত্রিপাসো কেবল আমাদের পরম কল্যাণমিত্র মহাগুরু বনভন্তের প্রতি অকৃত্রিম শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রদর্শনই করলো না, এতদঞ্চলে প্রকৃত বুদ্ধবাণীর প্রচার, প্রসার ও চিরস্থায়ী করার সুযোগ সৃষ্টি করে দিলো। ত্রিপাসো-এর পরবর্তী লক্ষ্য, মূল পিটকের বাইরে অট্‌ঠকথা ও টীকা-অনুটীকাসমূহ বাংলায় অনুবাদ করে প্রকাশ করা। আর এসব গ্রন্থ প্রজন্মপরম্পরা সহজলভ্য করার তাগিদে কাজ করা।

নিবেদক

সম্পাদনা পরিষদ

ত্রিপিটক পাবলিশিং সোসাইটি, বাংলাদেশ

১৯ জানুয়ারি ২০১৬

সূচিপত্র

অভিধর্মপিটকে পট্ঠান (পঞ্চম খণ্ড)

প্রকাশকের কথা

"নমো তস্‌স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্‌স"

শাক্যপুত্রীয় গৌতম বুদ্ধ সুমেধ তাপস জন্মে দীপংকর বুদ্ধের আশীর্বাদ লাভের পর থেকে চার লক্ষাধিক অসংখ্যেয় কল্পকাল পারমী পূরণ করে শেষ জন্মে গয়ার বোধিদ্রুম মূলে সর্বাসব ক্ষয় করে গৌতম বুদ্ধ নামে জগতে অনুত্তর শাস্তা হন। এর পর সারনাথে ঋষিপতন মৃগদায়ে পঞ্চবর্গীয় শিষ্যদের উদ্দেশ্য করে ধর্মচক্র প্রবর্তনের মধ্য দিয়ে তিনি ধর্মের যে চাকা চালু করেছিলেন, সে চাকা চলতে চলতে দীর্ঘ পঁয়তাল্লিশ বছর দিকদিগন্তে বিচরণ করে কুশীনারার জোড়া শালগাছের গোড়ায় সমাপ্ত হয়। এর পরবর্তীকালে ধর্মরাজের তৃতীয় শিষ্য মহাকাশ্যপ স্থবির প্রমুখ পাঁচশ অর্হৎ ভিক্ষুর উপস্থিতে বুদ্ধবাণী সংগ্রহ করা হয়। বুদ্ধ জীবিত থাকাকালে সেই বুদ্ধবাণীকে ধর্মবিনয় নামে আখ্যায়িত করা হতো এবং এর পরে বুদ্ধবাণীকে ত্রিপিটক নামে সবার কাছে পরিচিতি লাভ করে।

বুদ্ধ দীর্ঘ পঁয়তাল্লিশ বছরব্যাপী চারি আর্যসত্য, আর্য অষ্টাঙ্গিক মার্গ, প্রতীত্যসমুৎপাদ-নীতি তথা দুঃখমুক্তির সহায়ক অমৃতপদ সম্বন্ধে যে সদ্ধর্ম দেশনা করেছিলেন, যা বর্তমানে ত্রিপিটকে সংগৃহীত আছে। সূত্রপিটক, বিনয়পিটক ও অভিধর্মপিটক—এই তিন পিটক মিলে ত্রিপিটক। সূত্রপিটক হচ্ছে ভিক্ষু-ভিক্ষুণী-উপাসক-উপাসিকাদের এই চার পরিষদের উদ্দেশ্যে দেশিত ইহ ও পরলোক মঙ্গল ও দুঃখমুক্তির উপদেশবাণী। বিনয়পিটক হচ্ছে চারি পরিষদের আচরণবিধি ও নিয়মাবলির সন্নিবেশ। এবং অভিধর্মপিটক হচ্ছে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্পর্কে পরমার্থিকভাবে বিশ্লেষণমূলক সূক্ষ্ম ব্যাখ্যা। এই তিনটি পিটকের মধ্যে অভিধর্ম বা অভিধম্ম মানে উচ্চতর বাণী। কারণ এটি কোনো ব্যক্তিকে বিমুক্তির সোপানে পৌঁছিয়ে দিতে সক্ষম। অর্থাৎ এটি সূত্র ও বিনয়পিটকের শিক্ষাকেও অতিক্রম করে। বুদ্ধের ধর্মস্কন্ধ বিচার-বিশ্লেষণ করলে পরে অভিধর্ম একাকী বিয়াল্লিশ হাজার ধর্মস্কন্ধ ধারণ করে, অপরদিকে সূত্র ও বিনয়পিটক যৌথভাবে ধারণ করে বিয়াল্লিশ হাজার ধর্মস্কন্ধ। সূত্রপিটক পাঁচটি নিকায়ে বিভক্ত, বিনয়পিটক পাঁচটি খণ্ডে বিভক্ত এবং অভিধর্মপিটক সাতটি খণ্ডে বিভক্ত। সেই সাতটি

গ্রন্থ হচ্ছে : ধর্মসঙ্গণী, বিভঙ্গ, ধাতুকথা, পুদ্গল-পঞ্ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্ঠান। তন্মধ্যে পট্ঠানই বুদ্ধ ধর্মদর্শনের চূড়ান্ত পর্যায়। তাবতিংস স্বর্গে বুদ্ধ তিন মাস যাবত এই পট্ঠান দেশনা করেছিলেন। সেহেতু এই পট্ঠান দেবতাদের নিকট খুবই প্রিয়। কোনো পুণ্যকামী ব্যক্তি যদি এই পট্ঠান আবৃত্তি করে, শ্রবণ করে কিংবা এই গ্রন্থটি ফুল ও মোমবাতি দিয়ে পূজা করে তবে তিনি দেবতাদের নিকট প্রিয় হবেন এতে কোনো সন্দেহ নেই। এই পট্ঠানের মর্মার্থ যথাযথভাবে বুঝতে না পারলেও এটি খুবই দরকারি। কারণ অতীতে কশ্যপ বুদ্ধের সময় পাঁচশজন বাদুড় এই পট্ঠান শ্রবণ করে গৌতম বুদ্ধের সময় মনুষ্যজন্ম লাভ করে এই পট্ঠান একবার শ্রবণমাত্র তা অধিগত করেছিলেন এবং অর্হত্ত্ব লাভ করেছিলেন। একমাত্র এই পট্ঠান গবেষণা করার সময়ই নরশ্রেষ্ঠ বুদ্ধের বত্রিশ মহাপুরুষ লক্ষণ ও আশি প্রকার অনুব্যঞ্জনসম্পন্ন রমণীমোহন শরীর হতে ষড়রশ্মি নির্গত হয়েছিল। এই পট্ঠানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করে আমার এই প্রকাশনার প্রয়াস।

পট্ঠানে ২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে আলোচনা করা হয়েছে। এতে প্রতীত্যসমুৎপাদ বা কার্যকারণনীতি, নির্বাণ, জন্ম-জন্মান্তরবাদ ইত্যাদি অভিধর্মের সুকঠিন তত্ত্ব রয়েছে। পট্ঠানের বিষয়বস্তু অধ্যায়, বিভাগ, উপবিভাগ, শাখা-প্রশাখা প্রশ্নোত্তর এত বিশাল, ব্যাপক, অনন্ত, অপরিমেয় এবং যথার্থ সূক্ষ্ম অতি গভীর এবং জটিল যে সাধারণ মানুষের বোধগম্য হওয়া অত্যন্ত কঠিন। সেজন্য বলা হয়েছে : 'পট্ঠান' কেবলমাত্র সর্বজ্ঞ বুদ্ধগণের গোচর, অন্য কারো গোচরীভূত হতে পারে না।

ত্রিলোকগুরু ভগবান বুদ্ধ কর্তৃক প্রদর্শিত অভিধর্মনীতি পট্ঠানের আলোচ্য বিষয় অপার সমুদ্র-সদৃশ অনন্ত, অপরিমেয়, অতি সূক্ষ্ম, অতি গভীর। এজন্য পট্ঠানকে **'মহাপ্রকরণ'** আখ্যা দেওয়া হয়েছে। ভগবান বুদ্ধের বোধিজ্ঞান যে কতো গভীর ছিল তা কেবলমাত্র 'পট্ঠান' হতেই প্রমাণ পাওয়া যায়। যদি কোনো বিদগ্ধ পণ্ডিত যথার্থভাবে এই পট্ঠানের বিষয়বস্তু আয়ত্ত ও উপলব্ধি করতে সক্ষম হন, কেবল তিনিই স্বীকার করবেন যে বাস্তবিকই বুদ্ধের জ্ঞানের সীমা অনন্ত, অচিন্তনীয় এবং অপ্রমেয়। ভগবান বুদ্ধের ধর্মসেনাপতি অর্হৎ সারিপুত্র স্থবির হতে আরম্ভ করে আচার্য পরম্পরায় কীভাবে এই পট্ঠান মহাপ্রকরণ সুরক্ষিত হয়েছে তা অচিন্তনীয়।

আমাদের জন্য পরম দুর্লভ সৌভাগ্য যে ওই 'পট্ঠান' গ্রন্থাকারে আজও আমাদের মাঝে বিদ্যমান। কিন্তু এর বিষয় অনুধাবন, ভাবন, চিন্তন করা

এবং এর গভীরে বিন্দুমাত্রও প্রবেশ করা আমাদের কারো পক্ষে সম্ভব কি? আমরা কি পট্‌ঠান গ্রন্থের নাম শুনেছি, এর পাতা উলটায়ে দেখেছি এর মধ্যে কী আছে তা তাত্ত্বিক এবং ব্যবহারিকভাবে মিলায়ে দেখেছি বা এর মধ্যে আদৌ প্রবেশ করার চেষ্টা করেছি? জগতে মনুষ্যজন্ম লাভ করা বড়ই দুর্লভ। তার চেয়েও অত্যন্ত দুর্লভ পট্‌ঠানের বিষয়ে অধিগত হওয়া।

লৌকিক দৃষ্টিতে যেসব তর্কপ্রশ্নের সমাধান নেই তার একমাত্র সমাধান পট্‌ঠানের মাধ্যমে সম্ভব। যেমন সৃষ্টিকর্তা, ঈশ্বর আছেন কি নেই, আত্মা আছে কি নেই, এ বিশ্বের আদি-অন্ত কোথায় ইত্যাদি বিষয় নিয়ে যুগে যুগে দেশে দেশে মহাপণ্ডিতেরা ভুরি ভুরি তর্ক-বিতর্ক করে তাঁদের পাণ্ডিত্য জাহির করেছেন কিন্তু আঙুল দিয়ে দেখিয়ে দিতে পারেননি। তাঁদের (পণ্ডিতদের) যদি পট্‌ঠানের বিষয়বস্তুতে প্রবেশ করার সমান্যতমও যোগ্যতা থাকতো তাহলে বহু পূর্বেই এ সকল জিজ্ঞাসা এবং প্রশ্নের মীমাংসা ও সদুত্তর পাওয়া যেতো।

'পট্‌ঠান' হচ্ছে বৌদ্ধ দর্শনের মূল ভিত এবং বিষয়বস্তুসমূহ নিগূঢ় তত্ত্বসম্পন্ন। সমগ্র অভিধর্ম সম্পর্কে যদি কোনো অনুসন্ধিৎসু পাঠক বা ব্যক্তি অবগত হতে চান, তাহলে তাকে পট্‌ঠানের ২৪ প্রকার প্রত্যয়গুলো পঠন-পাঠন অধ্যয়ন, গবেষণা ও শিক্ষা করলেই যথেষ্ট হবে। কেননা, সমগ্র অভিধর্মের নিগূঢ় তত্ত্ব ও জটিল বিষয়সমূহগুলো পট্‌ঠান বা প্রস্থাননীতিতে নিহিত রয়েছে। এক কথায় বলা যায় যে, পট্‌ঠানই সম্পূর্ণ অভিধর্মের প্রাণ ও জীবন। পট্‌ঠান বা প্রস্থাননীতি ব্যতীত অভিধর্মের দার্শনিক ও গভীর গবেষণাযুক্ত বিষয়বস্তু চিন্তা করা যায় না।

পট্‌ঠান অভিধর্মের বহু উচ্চস্তরের পুস্তক। যাঁরা অর্হত্ত্ব লাভ করেছেন তাঁদের প্রতিসম্ভিদাপ্রাপ্ত হওয়া ও সাধারণ ব্যক্তিবর্গের প্রতীত্যসমুৎপাদ তত্ত্বজ্ঞান লাভ এবং সৎকায়দৃষ্টি, শ্বাশতদৃষ্টি, উচ্ছেদদৃষ্টি ও অহেতুকদৃষ্টি ধ্বংস করার জন্য পট্‌ঠান খুবই জরুরি। বাস্তবিক হনলুলুর অবস্থান, নেপোলিয়ানের অভিযান, রাশিয়ার শাসনতন্ত্র, জ্যামিতির সমস্যা পূরণ, আকাশের নক্ষত্র-গতি ইত্যাদি অবগত হওয়া অপেক্ষা কি চিত্তের অকুশল-বৃত্তি দমনের ও কুশল-বৃত্তি সংগঠনের কৌশল-প্রণালি শিক্ষা করা গুরুতর কর্তব্য নহে?

অভিধর্মপিটকের অন্তর্গত অমূল্য গ্রন্থ পাঁচ খণ্ডবিশিষ্ট পট্‌ঠানের পুরোটাই বাংলাতে অনুবাদ করেছেন জগদ্দুর্লভ অর্হৎ শ্রাবকবুদ্ধ পরম পূজ্য সাধনানন্দ মহাস্থবির বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য শ্রদ্ধেয় রাহুল ভন্তে মহোদয়। ভন্তে

মহোদয় সূক্ষ্মাতিসূক্ষ্ম ও গুরুগম্ভীর এই পট্ঠানসহ খুদ্দকনিকায়ের বিমানকাহিনি ও প্রেতকাহিনি গ্রন্থ দুটিও অনুবাদ করেছেন শুনে আমি অতীব আনন্দিত। তিনি বুদ্ধ ও বনভন্তের শাসনসদ্ধর্মের উন্নতির মানসে আমাকে ৫ম খণ্ডসহ অপর খণ্ডগুলোও প্রকাশনার জন্য সুযোগ করে দিয়েছেন তাতে আমি খুবই গৌরবান্বিত। আমার মনে হয় ভন্তেই প্রথম ব্যক্তি যিনি বাংলাভাষীদের জন্য এত অল্প বয়সেই এতগুলো বই অনুবাদ করেছেন। আমি ভন্তের নিরোগ দীর্ঘায়ু কামনা করছি। আমার একান্তই ইচ্ছা যে এই মহামূল্যবান গ্রন্থগুলো প্রকাশ করে আমার আচার্য-উপাধ্যায়-গুরুভাইদের এবং সদ্ধর্মপ্রাণ উপাসক-উপাসিকাদের দান করি। তদ্ধেতু সদ্ধর্মপ্রাণ বৌদ্ধ দায়ক-দায়িকাদের কাছ থেকে শ্রদ্ধাদানের উপর ভিত্তি করে এই গ্রন্থগুলো প্রকাশ করা হলো। আমি শ্রদ্ধা-ভক্তিযুক্ত হয়ে দানধর্মকারী সকল দায়ক-দায়িকাদের অশেষ কৃতজ্ঞতা ও অকাতরে পুণ্যদান করছি এবং সকলের জীবন সুখ-শান্তিতে ভরে উঠুক এই আশা রাখছি। পরম পূজ্য বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য অভিধর্মাচর্য, বহু গ্রন্থের অনুবাদক শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তে মহোদয় মুদ্রণের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে সমাধা করে দিয়েছেন। তজ্জন্য ভন্তের এই মহান অবদানকেও আমি অসীম কৃতজ্ঞতায় স্মরণ করছি। পরিশেষে আমাকে সাহায্য-সহযোগিতাকারী সবাইকে জানাই মৈত্রীময় আশীর্বাদ। সকলে ত্রিপিটক শিক্ষায় শিক্ষিত হোক এই তো আমার স্বপ্ন।

ইতি

শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু

ধর্মপুর আর্য বনবিহার, খাগড়াছড়ি

৭ জানুয়ারি ২০১৬

অবতরণিকা

লেখার প্রারম্ভে ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা নিবেদন করছি। বন্দনা নিবেদন করছি বাংলাদেশের বৌদ্ধধর্মের প্রাণপুরুষ, আমার উপাধ্যায়গুরু ধর্মপিতা শ্রাবকবুদ্ধ অর্হৎ বনভন্তের চরণতলে। বিংশ শতাব্দীর বঙ্গীয় বৌদ্ধদের ধর্মীয় জীবনের এক ক্রমবর্ধমান অবক্ষয় লগ্নে বর্তমানকালের জাতি-ধর্ম-নির্বিশেষে সর্বজনপূজ্য পরম শ্রদ্ধেয় বনভন্তের আবির্ভাব হলে 'বনভন্তে' নামটি বাংলাদেশের সকল বৌদ্ধদের নিকট একটি পরিচিত ও অত্যন্ত গৌরবের একটি নাম হয়ে ওঠে। গৃহীজীবনে যখন পরম শ্রদ্ধেয় বনভন্তের সাথে সামনাসামনি সাক্ষাৎ লাভ করি তখন তিনি আমাদের উদ্দেশ্য করে বলেছিলেন : 'তোমরা নাম, রূপ, চিত্ত, চৈতসিক বুঝ কি না?' কিন্তু সে সময় আমি সেই কথাটির অর্থ সঠিক বুঝতে না পারলেও শ্রদ্ধেয় ভন্তের কথাটি আমার মনে জায়গা করে নিয়েছিল। এরপর ২০১০ সালের ২২ জুন রাজবন বিহারে আমার প্রব্রজ্যা লাভের পর থেকে সেই অভিধর্মের আলোচ্য বিষয়গুলো জানার জন্য তীব্র বাসনা জাগে। অবশেষে পূজ্য বনভন্তের সেবাদি বিবিধ পুণ্যকর্মে রত থেকে ২০১২ সালের ৭ জানুয়ারি শুভ উপসম্পদা লাভ করি। ২০১২-২০১৩ সালে খাগড়াছড়িস্থ শান্তিগিরি বন ভাবনাকেন্দ্রে অবস্থানের সময় আমি শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তের নিকট পালি ও অভিধর্ম শিক্ষা সমাপ্ত করে ২০১৪ সালে বর্ষাবাসের আগে রাঙামাটিস্থ জগনাতলী বন ভাবনাকেন্দ্রে অবস্থানের সময় আমি নামরূপের সূক্ষ্মানুসূক্ষ্ম ব্যাখ্যা-সম্বলিত অভিধর্মপিটকের পট্ঠানের পঞ্চম খণ্ড অনুবাদ করি। এর মধ্য দিয়ে আমার অনুবাদকর্মের শুরু হয় এবং সেখানের অবস্থানের সময়ই আমার পট্ঠানের চতুর্থ খণ্ডও অনুবাদ সম্পন্ন হয়। ২০১৪ সালে বর্ষাবাস আমি রাঙামাটিস্থ নির্বাণরত্ন বন ভাবনা কুটিরে অবস্থানের সময় আমি পট্ঠানের ৩য়, ২য় ও ১ম খণ্ডও এভাবে শেষ থেকে অনুবাদ করি। আমার পরমগুরু শ্রদ্ধেয় বনভন্তের আশীর্বাদে মাত্র পাঁচ মাস সময়েই আমি পাঁচ খণ্ড অনুবাদ সম্পন্ন করি। এটি সর্বজনবিদিত সত্য এবং আমার জানা মতে পট্ঠানের ৩য়, ৪র্থ ও ৫ম খণ্ডের বাংলা ভাষায় আমার কৃত অনুবাদই প্রথম

অনুবাদ। এর আগের এই গ্রন্থগুলোর অনুবাদ হয়নি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় প্রকাশকের অভাবে আমাকে গ্রন্থগুলো প্রকাশ করতে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। এর জন্য আমি নিজের অতীত জন্মের পুণ্যফলের স্বল্পতাকে দায়ী বলে মনে করছি। এহেন পুণ্যেতে আমার জন্মজন্মান্তরের সকল অকুশলকর্মের বিপাক বিনাশ হোক এবং সর্বাসবক্ষয় তথা নির্বাণ লাভের হেতু হোক।

অভিধর্মের আলোচ্য বিষয়ের বিচার ও মীমাংসা পারমার্থিকভাবেই সম্পাদন করেছে, ব্যবহারিক অর্থে নহে। 'মিলিন্দ-প্রশ্ন' গ্রন্থে মিলিন্দরাজের 'রথ' শুধু দ্রব্য-সম্ভারের বিশেষাকারে সন্নিবেশের অবস্থামাত্র দ্রব্য-সম্ভারকে বাদ দিয়ে 'রথের' বিদ্যমানতা নেই। এজন্য পণ্ডিত নাগসেন স্থবির জিজ্ঞাসা করেছিলেন, 'রথ' কোথায়? 'রথ' 'ব্যবহারিক-সত্য' বা 'সম্মতি-সত্য'। জনসাধারণের সুবিধার্থে সর্বসম্মতিক্রমে দ্রব্য-সম্ভারের সন্নিবিষ্ট অবস্থাকে 'রথ' বলা হয় মাত্র। সুতরাং যা ব্যবহারিক-সত্য, তা দ্রব্য-সম্ভারের উপর নির্ভর করে। কিন্তু পারমার্থিক-সত্য অন্য কিছুর উপর নির্ভরশীল নহে; এটি অনন্যসাপেক্ষ। ব্যবহারিক-সত্যানুসারে রথ, গৃহ, ভূমি, পর্বত, নারী-পুরুষ, সন্ত-সন্ততি, রূপ, নদী-সাগর, চন্দ্র-সূর্য ইত্যাদি বিদ্যমান। কিন্তু পারমার্থিকভাবে অবিদ্যমান পরমার্থ-সত্য বা অনপেক্ষ সত্যানুযায়ী সত্ত্ব বা আত্মা বিদ্যামান নেই; শুধুমাত্র এতে পঞ্চস্কন্ধই বিদ্যমান। অভিধর্মে যাকে উচ্চতর জ্ঞানে অনাত্মা বা নিঃসত্ত্বই আখ্যা দিয়েছে। এরূপ পারমার্থিক-সত্যের যথার্থ উপলব্ধি করে তদনুযায়ী জীবন গঠন করে সম্মতি-সত্যের প্রভাবোৎপন্ন মিথ্যাদৃষ্টি ও সংসারদুঃখ হতে চিরমুক্তির জন্যে এই 'অভিধর্ম' উক্ত 'শীলদর্শন' অতুলনীয় ও অপরিহার্য অবলম্বন।

বৌদ্ধদর্শনের গুরুত্বপূর্ণ বিষয় হলো মনোবিজ্ঞান। এই মনোবিজ্ঞান বা মনোজগতের ক্রিয়াশীল বৃত্তিসমূহের বিস্তারিত আলোচনায় ভরপুর অভিধর্মপিটক। ধর্ম ও অভিধর্মের মধ্যে খুব বেশি পার্থক্য নেই। 'ধর্ম' শব্দের যেই অর্থ 'অভিধর্ম' শব্দেরও সেই অর্থ। শুধুমাত্র 'ধর্ম' শব্দের সাথে 'অভি' উপসর্গ যোগ করে 'অভিধর্ম' পদ গঠিত হয়েছে। 'অভি', 'অতি', 'অধি' প্রভৃতি সমার্থক উপসর্গ। এর অর্থ অধিক, বেশি, অতিরিক্ত, বিশিষ্ট অথবা অধিকতর। সুতরাং 'অভিধর্ম' শব্দের অর্থ 'বিশিষ্ট ধর্ম', 'অতিরিক্ত ধর্ম', বা 'অধিকতর ধর্ম'। অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর অত্থসালিনী নামক অভিধর্ম অর্থকথা গ্রন্থে 'অভিধর্ম' শব্দের অর্থ বিশ্লেষণ করে বলেছেন, 'ধম্মাতিরেক ধম্মবিসেসট্ঠেন অভিধম্মোতি বুচ্চতি' অর্থাৎ সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম।

ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্গল পঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান—অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের এই সাতটি গ্রন্থের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবনবিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্‌ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

‘পট্‌ঠান’ শব্দের অর্থ ‘প্রধান কারণ,’ ‘মূল কারণ’ বা ‘প্রকৃত কারণ’। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে মহাপ্রকরণও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি ‘প্রতীত্যসমুৎপাদ-রীতি,’ অপরটি ‘পট্‌ঠান-রীতি’। পট্‌ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্‌ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্‌ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতিসরলভাবে বর্ণিত হয়েছে। পট্‌ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় ‘প্রত্যয়-উদ্দেশ’। এরপর ‘প্রত্যয়-নির্দেশে’ প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্‌ঠানের বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে। পট্‌ঠানের বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোন প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্‌ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়্‌বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্‌ঠান গ্রন্থের মাহাত্ম্য বোঝা যায়।

বাস্তুবিকপক্ষে 'ধর্মসঙ্গণী' এবং বিরাটকায় 'পট্‌ঠানই' অভিধর্মের বিশুদ্ধ সারাংশ। ধর্মসঙ্গণী গ্রন্থে অভিধর্মের বিষয়বস্তু উপস্থিত করে একে অন্যান্য গ্রন্থে বিস্তারিত আলোচনা করে পট্‌ঠানে সমাপ্ত করা হয়েছে। 'নাম-রূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয়ই পট্‌ঠানের প্রতিপাদ্য বিষয়। মনোজগতের সাথে মনোজগতের এবং মনোজগতের সাথে জড়জগতের পরস্পর সম্পর্ক কী, সামগ্রিকভাবে বলতে গেলে যাবতীয় নাম-রূপের পরস্পর সম্পর্কই বা কী সে সম্বন্ধে বিশাল 'পট্‌ঠান' গ্রন্থে এই ২৪ প্রকার প্রত্যয়ের দ্বারা গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। ব্যবহারিক দৃষ্টিতে ও ভাষাতাত্ত্বিক বিশ্লেষণে যাকে আমরা আমি, তুমি, মাতা, পিতা, শত্রু, মিত্র, রাজা, প্রজা, পৃথিবী, নদী, পর্বত, গরু, ছাগল, নগর, গৃহ প্রভৃতি বলে পরিচিত করি, তাই আবার পারমার্থিক দৃষ্টিতে বিচার করলে 'উৎপত্তি-বিলয়শীল' ব্যাপার মাত্র। এরূপ বিচারে 'পট্‌ঠান'কে প্রতীত্যসমুৎপাদ-নীতি বা জন্ম-মৃত্যু রহস্যেরই বিশেষ বিশ্লেষণ বলা যায়। সূত্রপিটকের অন্তর্গত প্রতীত্যসমুৎপাদ-নীতিতে যা দ্বাদশ প্রকার নিদানাকারে সজ্জিত করে বর্ণনা করা হয়েছে, তা-ই পুনরায় অভিধর্মপিটকের পট্‌ঠান গ্রন্থে ২৪ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্মপিটকের মূল প্রতিপাদ্য বিষয় নাম-রূপের অনিত্যতা ও অনাত্মতা। অভিধর্মপিটকের পট্‌ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথার্থভাবে প্রদর্শিত হয়েছে।

অভিধর্ম বৌদ্ধ মননশীলতার চরম বিকাশ। সূত্রপিটকে বলা হয়েছে যে, প্রাণিহত্যা করা উচিত নয়। এটি অকুশল কর্ম। এর পরিণাম দুঃখজনক। কেন প্রাণিহত্যা করা অনুচিত সূত্রপিটকে এর মনস্তাত্ত্বিক বিশ্লেষণ ও প্রমাণ পাওয়া কঠিন। অভিধর্মপিটকেই এর যথাযথ কারণ ও প্রমাণ প্রদর্শিত হয়েছে। এতে কাল্পনিক কোনো বিষয়ের অবতারণা করে মূল বক্তব্যকে চাপা দেওয়ার প্রচেষ্টা নেই। সূত্রপিটকে যে ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে, অভিধর্মপিটকে তা অসাধারণ বা পারমার্থিক উপায়ে আলোচিত, ব্যাখ্যাত ও বিভাজিত করা হয়েছে। কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের সাহায্যে বক্তব্য বিষয়ের বিশ্লেষণ করাই এর প্রধান বিশেষত্ব। পূর্বেই বলা হয়েছে যে, অভিধর্মের মূল আলোচ্য বিষয় বৌদ্ধদর্শন ও পরমার্থ-সত্য। পরমার্থ মাত্রই জটিল ও সাধনালভ্য। সংস্কার, মন ও কঠোর সাধনা ব্যতীত এটি হৃদয়ঙ্গম করা কঠিন। শীলবান ব্যক্তি একনিষ্ঠ সাধনার দ্বারাই এতে বুৎপত্তি লাভ করেন। অত্যাধিক কামনা-বাসনাপরায়ণ ব্যক্তির জন্য সত্যিই এটি দুরবগাহ। দর্শন

আলোচনার জন্য কিছুটা মানসিক প্রস্তুতির প্রয়োজন। সেইরূপ মানসিক প্রস্তুতি ও শীলসম্পন্ন না হয়ে পারমার্থিক বিষয়ে মনসংযোগ করা যায় না। এই জন্য অভিজ্ঞ বৌদ্ধাচার্যগণ প্রথমে ধর্ম-বিনয় শিক্ষা ও অনুশীলন করার পরই অভিধর্ম চর্চা করার জন্য উপদেশ প্রদান করে থাকেন।

অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয় হিসেবে স্থান পেয়েছে চারটি। যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। রূপ ব্যতীত চিত্ত, চৈতসিক ও নির্বাণ হচ্ছে মানস প্রকৃতি বা মনসম্পর্কিত। আবার রূপের স্বভাব বা প্রকৃতি উপলব্ধির জন্যও মনের প্রয়োজন। অভিধর্মের পরিধি হচ্ছে দেহ-মনের সূক্ষাতিসূক্ষ্ম বিশ্লেষণ, পর্যবেক্ষণ, পরীক্ষণ এবং বাহ্যিক বিষয়বস্তুর সাথে নিজের দেহ-মনের তুলনামূলক বিশ্লেষণ। এটা সম্পূর্ণ মনস্তাত্ত্বিক ব্যাপার। এটার আলোচনার গবেষণা অত্যন্ত সূক্ষ্ম, জটিল এবং অফুরন্ত ব্যাপার। অভিধর্ম চর্চা এবং আধ্যাত্মিক ধ্যান-সাধনা ব্যতীত তথাগত বুদ্ধের ধর্ম বুঝা কঠিন। অভিধর্মের আলোচ্য চারটি বিষয়কে সংক্ষেপে দুইটি বিষয়ে রূপান্তরিত করা যায়। যথা : রূপ ও অরূপ। চিত্ত, চৈতসিক ও নির্বাণ অরূপের পর্যায়ভুক্ত আর রূপ রূপের পর্যায়ভুক্ত। একে আবার নাম-রূপও বলা হয়। তন্মধ্যে চিত্ত, চৈতসিক ও রূপ প্রত্যায়াধীন কিন্তু নির্বাণ প্রত্যয়াধীন নহে। এই পট্ঠান পাঁচ খণ্ডবিশিষ্ট হলেও এর আলোচনা কিন্তু ঘুরেফিরে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই সূক্ষ্ম থেকে সূক্ষ্মতরভাবে উপস্থাপন করা হয়েছে।

'পট্ঠানে' সমস্ত পরমার্থ-সত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে, যেমন: (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে, যেমন: (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্ঠানের ২৪টি (৪×৬) বিভাগ রয়েছে।

প্রত্যেকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে, যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়, (৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে, যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার

অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। 'পট্‌ঠান' এর সমস্ত অধ্যায়ের আলোচনা 'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ' এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

বর্তমান গ্রন্থে শুধুমাত্র পরমার্থসত্যের মূল প্রশ্নগুলোই উল্লেখ করা হয়েছে। এর কোনো বিস্তারিত আলোচনা তেমন করা হয়নি। বিস্তারিত আলোচনাগুলো পূর্বের গ্রন্থ হতে পাঠ করতে হবে। এখানে সমগ্র পরমার্থসত্যের কোন ধর্মকে ভিত্তি করে কোন ধর্ম উৎপন্ন হয় শুধুমাত্র তা-ই আলোকপাত করা হয়েছে। পরমার্থসত্যগুলো হলো : (ক) ত্রিক পট্‌ঠান; যথা : ১. কুশলত্রিকে—কুশল, অকুশল, অব্যাকৃত; ২. বেদনাত্রিকে—সুখবেদনা-সম্প্রযুক্ত, দুঃখবেদনা-সম্প্রযুক্ত, অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত; ৩. বিপাকত্রিকে—বিপাক, বিপাকধর্মধর্মী, নৈব-বিপাক-না-বিপাকধর্মী; ৪. উপাদিন্নত্রিকে—উপাদিন্ন-উপাদানীয়; অনুপাদিন্ন-উপাদানীয়; অনুপাদিন্ন-অনুপাদানীয়; ৫. সংক্লিষ্টত্রিকে—সংক্লিষ্ট-সংক্লেশিক; অসংক্লিষ্ট-সংক্লেশিক, অসংক্লিষ্ট-অসংক্লেশিক; ৬. বিতর্কত্রিকে—সবিতর্ক-সবিচার, অবিতর্ক-বিচারমাত্র, অবিতর্ক-অবিচার; ৭. প্রীতিত্রিক—প্রীতিসহগত, সুখসহগত, উপেক্ষাসহগত; ৮. দর্শনত্রিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্য, ভাবনার দ্বারা পরিত্যাজ্য, দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্য; ৯. দর্শনহেতুকত্রিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক, ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক, দর্শনের দ্বারা অথবা ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক; ১০. আচয়গামীত্রিকে—আচয়গামী, অপচয়গামী, না-আচয়গামী-না-অপচয়গামী; ১১. শৈক্ষ্যত্রিকে—শৈক্ষ্য, অশৈক্ষ্য, না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য; ১২. পরিত্তত্রিকে—পরিত্ত, মহদ্‌গত, অপ্রমাণ; ১৩.পরিত্তালম্বনত্রিকে—পরিত্তালম্বন, মহদ্‌গতালম্বন, অপ্রমাণালম্বন; ১৪. হীনত্রিকে—হীন, মধ্যম, প্রণীত; ১৫. মিথ্যাদৃষ্টিতে নিয়তত্রিকে—মিথ্যাদৃষ্টি নিয়ত, সম্যকদৃষ্টি নিয়ত, অনিয়ত; ১৬. মার্গালম্বনত্রিকে—মার্গালম্বন, মার্গাধিপতি, মার্গহেতুক; ১৭. উৎপন্নত্রিকে—উৎপন্ন, অনুৎপন্ন, উৎপত্তিশীল; ১৮. অতীতত্রিকে—অতীত, ভবিষ্যৎ, বর্তমান; ১৯. অতীতালম্বনত্রিকে—অতীতালম্বন, অনাগতালম্বন, বর্তমানালম্বন; ২০. আধ্যাত্মিকত্রিকে—আধ্যাত্মিক, বাহ্যিক, আধ্যাত্মিক-বাহ্যিক; ২১. আধ্যাত্মিকালম্বনত্রিকে—আধ্যাত্মিকালম্বন, বাহ্যিকালম্বন, আধ্যাত্মিকালম্বন-বাহ্যিকালম্বন; ২২. সনিদর্শনত্রিকে—সনিদর্শন-সপ্রতিঘ,

অনিদর্শন-সপ্রতিঘ, অনিদর্শন-অপ্রতিঘ। (খ) দ্বিক ১. হেতুগুচ্ছ; যথা : ১. হেতুদ্বিক—হেতু, না-হেতু; ২. সহেতুকদ্বিকে—সহেতুক, অহেতুক; ৩. হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু-সম্প্রযুক্ত, হেতু-বিপ্রযুক্ত; ৪. হেতু অথচ সহেতুকদ্বিকে—হেতু অথচ সহেতুক, সহেতুক অথচ না-হেতু; ৫. হেতু অথচ হেতু-সম্প্রযুক্তদ্বিকে—হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত, হেতু-সম্প্রযুক্ত না-হেতু; ৬. না-হেতু সহেতুকদ্বিকে—না-হেতু সহেতুক, না-হেতু অহেতুক। (গ) ক্ষুদ্রান্তরদ্বিক; যথা : ১. সপ্রত্যয়দ্বিকে—সপ্রত্যয়, অপ্রত্যয়; ২. সংস্কৃতদ্বিকে—সংস্কৃত, অসংস্কৃত; ৩. সনিদর্শনদ্বিকে—সনিদর্শন, অনিদর্শন; ৪. সপ্রতিঘদ্বিক—সপ্রতিঘ, অপ্রতিঘ; ৫. রূপীদ্বিকে—রূপী, অরূপী; ৬. লোকীয়দ্বিকে—লোকীয়, লোকোত্তর; ৭. (চক্ষু-বিজ্ঞানাদির) কোনো প্রকারে বিজ্ঞেয়দ্বিকে—কোনো প্রকারে বিজ্ঞেয়, কোনো প্রকারে না-বিজ্ঞেয়। (ঘ) আসবগুচ্ছ; যথা : ১. না-আসবদ্বিকে—আস্রব, না-আসব; ২. সাসবদ্বিকে–সাসব, আসব; ৩. আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব-সম্প্রযুক্ত, আসব-বিপ্রযুক্ত; ৪. আসব অথচ সাসবদ্বিকে—আসব অথচ সাসব, সাসব অথচ না-আসব; ৫. আসব অথচ আসব-সম্প্রযুক্তদ্বিকে—আসব অথচ আসব-সম্প্রযুক্ত, আসব-সম্প্রযুক্ত অথচ না-আসব; ৬. আসব বিপ্রযুক্ত সাসবদ্বিকে—আসব-বিপ্রযুক্ত সাসব, আসব-বিপ্রযুক্ত অনাসব। (ঙ) সংযোজনগুচ্ছ যথা : ১. সংযোজনদ্বিকে—সংযোজন, না-সংযোজন; ২. সংযাজনীয়দ্বিকে—সংযোজনীয়, অসংযোজনীয়; ৩. সংযোজন-সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন-বিপ্রযুক্ত; ৪. সংযোজন অথচ সংযোজনীয়দ্বিকে—সংযোজন অথচ সংযোজনীয়, সংযোজন অথচ না-সংযোজন; ৫. সংযোজন অথচ সংযোজন সম্প্রযুক্তদ্বিকে—সংযোজন অথচ সংযোজন-সম্প্রযুক্ত, সংযোজন অথচ না-সংযোজন সম্প্রযুক্ত; ৬. সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়দ্বিকে—সংযোজন-বিপ্রযুক্ত সংযোজনীয়, সংযোজন-বিপ্রযুক্ত না-সংযোজন; (চ) গ্রন্থিগুচ্ছ যথা : গ্রন্থিদ্বিকে—গ্রন্থি, না-গ্রন্থি; ২. গ্রন্থির-উপযুক্ত (গ্রন্থিনীয়) দ্বিকে—গ্রন্থির উপযুক্ত, গ্রন্থির-অনুপযুক্ত (অগ্রন্থিনীয়); ৩. গ্রন্থি- সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত; ৪. গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-উপযুক্ত অথচ না-গ্রন্থির ৫. গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্তদ্বিকে—গ্রন্থি অথচ গ্রন্থি-সম্প্রযুক্ত, গ্রন্থি অথচ না-গ্রন্থি-সম্প্রযুক্ত ৬. গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্তদ্বিকে—গ্রন্থি-

বিপ্রযুক্ত গ্রন্থির-উপযুক্ত, গ্রন্থি-বিপ্রযুক্ত গ্রন্থির-অনুপযুক্ত। (ছ) ওঘগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (জ) যোগগুচ্ছ (গ্রন্থিগুচ্ছের ন্যায় জানতে হবে)। (ঝ) নীবরণগুচ্ছ; যথা : ১. নীবরণদ্বিকে—নীবরণ, না-নীবরণ. ২. নীবরণীয়দ্বিকে—নীবরণীয়, অনীবরণীয়; ৩. নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে– নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-বিপ্রযুক্ত; ৪. নীবরণ অথচ নীবরণীয়দ্বিকে—নীবরণ অথচ নীবরণীয়, নীবরণীয় অথচ না-নীবরণ; ৫. নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্তদ্বিকে—নীবরণ অথচ নীবরণ-সম্প্রযুক্ত, নীবরণ-সম্প্রযুক্ত অথচ না-নীবরণ; ৬. নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়দ্বিকে—নীবরণ-সম্প্রযুক্ত নীবরণীয়, নিবরণ-বিপ্রযুক্ত না-নীবরণীয়। (ঞ) পরামাসগুচ্ছ যথা : ১. পরামাসদ্বিকে—পরামাস, না-পরামাস; ২. পরামৃষ্টদ্বিকে—পরামৃষ্ট (বিকৃতবিশিষ্ট), না-পরামাস; ৩. পরামাস-সম্প্রযুক্তদ্বিকে—পরামাস-সম্প্রযুক্ত, পরামাস-বিপ্রযুক্ত; ৪. পরামাস অথচ পরামৃষ্টদ্বিকে—পরামাস অথচ পরামৃষ্ট, পরামৃষ্ট অথচ না-পরামাস; ৫. পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্টদ্বিকে—পরামাস-বিপ্রযুক্ত পরামৃষ্ট, পরামাস-বিপ্রযুক্ত অপরামৃষ্ট। (ট) মহত্তরগুচ্ছ; যথা : ১. সালম্বনদ্বিকে—সালম্বন, অনালম্বন; ২. চিত্তদ্বিকে—চিত্ত, না-চিত্ত; ৩. চৈতসিকদ্বিকে—চৈতসিক, অচৈতসিক; ৪. চিত্ত সম্প্রযুক্তদ্বিকে—চিত্ত-সম্প্রযুক্ত, চিত্ত-বিপ্রযুক্ত; ৫. চিত্ত-সংযুক্তদ্বিকে—চিত্ত-সংযুক্ত, না-চিত্ত-সংযুক্ত; ৬. চিত্ত-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সমুত্থিত, না-চিত্ত-সমুত্থিত; ৭. চিত্ত-সহজাতদ্বিকে—চিত্ত-সহজাত, না-চিত্ত-সহজাত; ৮. চিত্ত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-অনুপরিবর্তী, না-চিত্ত-অনুপরিবর্তী; ৯. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত; ১০. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত; ১১. চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিকে—চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী, না-চিত্ত-সশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী; ১২. আধ্যাত্মিকদ্বিকে—আধ্যাত্মিক, বাহ্যিক; ১৩. উপাদাদ্বিকে–উপাদা, না-উপাদা; ১৪. উপাদিন্নদ্বিকে—উপাদিন্ন, না-উপাদিন্ন। (ঠ) উপাদানগুচ্ছ; যথা : ১. উপাদানদ্বিকে—উপাদান, না-উপাদান; ২. উপাদানীয়দ্বিকে—উপাদানীয়, না-উপাদানীয়; ৩. উপাদান-সম্প্রযুক্তদ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-বিপ্রযুক্ত; ৪. উপাদান অথচ উপাদানীয়দ্বিকে—উপাদান অথচ উপাদানীয়, উপাদানীয় অথচ না-উপাদান; ৫. উপাদান অথচ উপাদান-

সম্প্রযুক্তদ্বিকে—উপাদান অথচ উপাদান-সম্প্রযুক্ত, উপাদান-সম্প্রযুক্ত অথচ না-উপাদান; ৬. উপাদান-বিপ্রযুক্ত উপাদানীয়দ্বিকে—উপাদান-সম্প্রযুক্ত উপাদানীয়, উপাদান-বিপ্রযুক্ত না-উপাদান। (ড) ক্লেশগুচ্ছ; যথা : ১. ক্লেশদ্বিকে–ক্লেশ, না- ক্লেশ; ২. সংক্লেশিকদ্বিকে—সংক্লেশিক, অসংক্লেশিক; ৩. সংক্লিষ্টদ্বিকে–সংক্লিষ্ট, অসংক্লিষ্ট; ৪. ক্লেশ-সম্প্রযুক্তদ্বিকে—ক্লেশ-সম্প্রযুক্ত, ক্লেশ-বিপ্রযুক্ত; ৫. ক্লেশ অথচ সংক্লেশিকদ্বিকে—ক্লেশ অথচ সংক্লেশিক, সংক্লেশিক অথচ না-ক্লেশ; ৬. ক্লেশ অথচ সংক্লিষ্টদ্বিকে—ক্লেশ অথচ সংক্লিষ্ট, সংক্লিষ্ট অথচ না-ক্লেশ; ৭. ক্লেশ অথচ ক্লেশ-সম্প্রযুক্তদ্বিকে—ক্লেশ অথচ ক্লেশ-সম্প্রযুক্ত, ক্লেশ-সম্প্রযুক্ত অথচ না-ক্লেশ; ৮. ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিকদ্বিকে—ক্লেশ-বিপ্রযুক্ত সংক্লেশিক, ক্লেশ-বিপ্রযুক্ত অসংক্লেশিক। (ড) পৃষ্ঠ বা শেষদ্বিক; যথা : ১. দর্শনের দ্বারা পরিত্যাজ্যদ্বিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্য, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য; ২. ভাবনার দ্বারা পরিত্যাজ্যদ্বিকে—ভাবনার দ্বারা পরিত্যাজ্য, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য; ৩. দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিকে—দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক, না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক; ৪. ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিকে—ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক, না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক; ৫. সবিতর্কদ্বিকে—সবিতর্ক, অবিতর্ক; ৬. সবিচারদ্বিকে—সবিচার, অবিচার; ৭. সপ্রীতিকদ্বিকে—সপ্রীতিক, অপ্রীতিক; ৮. প্রীতিসহগতদ্বিক—প্রীতিসহগত, না-প্রীতিসহগত; ৯. সুখসহগতদ্বিকে– সুখসহগত, না-সুখসহগত; ১০. উপেক্ষাসহগতদ্বিকে—উপেক্ষাসহগত, না-উপেক্ষাসহগত; ১১. কামাবচরদ্বিকে—কামাবচর, না-কামাবচর; ১২. রূপাবচরদ্বিকে—রূপাবচর, না-রূপাবচর; ১৩. অরূপাবচরদ্বিকে—অরূপাবচর, না-অরূপাবচর; ১৪. পর্যায়পন্নদ্বিকে—পর্যায়পন্ন, না-পর্যায়পন্ন; ১৫. নিয্যানিকদ্বিকে—নিয্যানিক, অনিয্যানিক; ১৬. নিয়তদ্বিকে—নিয়ত, অনিয়ত; ১৭. সউত্তরদ্বিকে—সউত্তর, অনুত্তর; ১৮. সরণদ্বিকে—সরণ, অরণ।

পট্‌ঠান ৫ম খণ্ডে আবার একটি পরমার্থসত্যকে নানাভাবে, নানা আঙ্গিকে উপস্থাপন করা হয়েছে। যেমন : সুখবেদনা-সম্প্রযুক্ত, না-সুখবেদনা-সম্প্রযুক্ত, সুখবেদনা-সম্প্রযুক্ত কুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত না-কুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত অকুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অকুশল, সুখবেদনা-সম্প্রযুক্ত অব্যাকৃত, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অব্যাকৃত, সুখবেদনা-সম্প্রযুক্ত হেতু, সুখবেদনা-সম্প্রযুক্ত না-হেতু, সুখবেদনা-সম্প্রযুক্ত না-না-হেতু,

সুখবেদনা-সম্প্রযুক্ত সনিদর্শন-সপ্রতিঘ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-সনিদর্শন-সপ্রতিঘ, সুখবেদনা-সম্প্রযুক্ত সরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-সরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত অরণ, সুখবেদনা-সম্প্রযুক্ত না-অরণ ইত্যাদি। প্রত্যেকটি পরমার্থসত্যকে এভাবে দেখনো হয়েছে। প্রশ্নের কোনো যে শেষ নেই তা আপনারা গ্রন্থটি পড়লেই তা জানতে পারবেন। তদ্ধেতু ঐ সম্পর্কে আর আলোচনায় যাচ্ছি না।

'পট্‌ঠান' গ্রন্থটির আলোচনা সমাপ্ত হয়েও যেন সমাপ্ত হবার নয়, পট্‌ঠানের আলোচনার কোনো কুল-কিনারা যে নেই; মহাসমুদ্রের মতো। তা বোঝাবার জন্য বুদ্ধঘোষ একটি ঘটনার উল্লেখ করেছেন। একবার শ্রীলংকাবাসী মহাগতিম্বতিস্‌স দত্ত স্থবির বোধিবৃক্ষকে পূজা করার মানসে শ্রীলংকা থেকে জাহাজে করে ভারতে আসছিলেন। তিনি জাহাজে বসে চতুর্দিকের মহাসমুদ্রকে দেখছিলেন। তিনি দেখলেন সমুদ্রের এপার-ওপার দেখা যাচ্ছে না। অনন্ত ঊর্মিমালা ও জলরাশি ভিন্ন কিছুই দেখা যাচ্ছে না। শুধু জল আর জল। তখন তিনি ভাবলেন : 'এই মহাসমুদ্রের ঊর্মিবেগই বলবান না চতুর্বিংশতি প্রত্যয় সমন্বিত পট্‌ঠান বলবান?' তারপর তিনি দেখলেন যে, এই মহাসমুদ্র অসীম নয়! এই মহাসমুদ্রের নিচে পৃথিবী, উপরে আকাশ, একদিকে চক্রবালপর্বত, অন্যদিকে বেলাভূমি। কিন্তু পট্‌ঠানের তো কোনো সীমা-পরিসীমা নেই। এটি অনন্ত, অসীম। এইভাবে গূঢ় ও সূক্ষ্মধর্ম প্রত্যবেক্ষণ করতে করতে তাঁর প্রীতি বলবতী হলো। কিন্তু তিনি প্রীতিকে সংযত করে বিপস্‌সনা বাড়াতে বাড়াতে ওই আসনেই সমস্ত চিত্তক্লেশ দূর করে অর্হত্ত্বরূপ অগ্রফলে প্রতিষ্ঠিত হয়েছিলেন।

বাংলা ত্রিপিটকের মধ্যে পট্‌ঠানের বিষয়বস্তু উপলব্ধি করা একমাত্রই কঠিন ও দুর্বোধ্য হলেও পালি ত্রিপিটক থেকে কিন্তু পট্‌ঠানের অনুবাদ করাই একমাত্রই সহজ। সূক্ষ্মানুসূক্ষ্ম, গুরুগম্ভীর ও জটিলতাপূর্ণ পট্‌ঠানের গ্রহণযোগ্য ও ভালো মানের অনুবাদ উপহার দেওয়ার আপ্রাণ চেষ্টা করেছি। পাঁচ মাস সময়ের মধ্যে পাঁচ খণ্ড পট্‌ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমাপ্রার্থী। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। গ্রন্থের পরিসর বড় হওয়ার ভয়ে প্রতিটি গ্রন্থে প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেওয়া থেকে বিরত থাকলাম। গ্রন্থের কোনো ক্ষেত্রে নিজের

অনিচ্ছাকৃত ভুলের জন্য আন্তরিক ক্ষমাপ্রার্থী।

বর্তমান গ্রন্থটি অনুবাদ করতে গিয়ে আমি যেসব গ্রন্থের সহায়তা নিয়েছি সেসব গ্রন্থের লেখকদের কাছে আমি অশেষ কৃতজ্ঞ। শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তের অনুরোধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের সহযোগী অধ্যাপক ড. জ্ঞানরত্ন মহাথের মহোদয় অনেক ব্যস্ততার মাঝেও গভীর পাণ্ডিত্যপূর্ণ মূল্যবান ভূমিকা লিখে দিয়েছেন। তাঁর সুলিখিত ভূমিকাটুকু এই গ্রন্থের বিষয়বস্তু বুঝতে পাঠককে অসম্ভব রকম সহায়তা করবে এতে কোনো সন্দেহ নেই। সেজন্য শ্রদ্ধেয় ড. ভন্তের প্রতি অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। আর আমার অনুরোধে পূজ্য বনভন্তের সেবক শ্রদ্ধেয় বিধুর মহাস্থবির ভন্তে মহোদয় তাঁর সংক্ষিপ্ত অথচ সুলিখিত অভিমত বাণী দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। তজ্জন্য আমি অন্তরের অন্তস্থল থেকে শ্রদ্ধেয় ভন্তেকে অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। আমার শিক্ষাগুরু, বহুগ্রন্থের অনুবাদক, পালি ও ত্রিপিটক শাস্ত্র বিশারদ, সুলেখক, সুদেশক, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। শ্রদ্ধাভাজন প্রিয়শীলী বিপুলানন্দ ভন্তে মহোদয় কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি সম্পাদন করে দিয়ে আমাকে চিরকৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন। তাই ভন্তে মহোদয়ের নির্বাণসুখ কামনা করছি।

অভিধর্মপিটকের পট্ঠান ৫ম খণ্ড প্রকাশের মধ্য দিয়ে আমি দ্বিতীয়বারের মতো দীর্ঘ স্বস্তির নিঃশ্বাস ফেললাম। এটিই বাংলা ভাষায় প্রথম অনুবাদ ও প্রকাশনা। আমরা বৌদ্ধ ভিক্ষুরা টাকা-পয়সা ধরতে পারি না, ব্যবসা-বাণিজ্য-চাকরি-বাকরি করতে পারি না, পারি না কারো কাছে কিছু চাইতে, দায়কদের শ্রদ্ধাপ্রদত্ত দানের উপর পুরোটাই নির্ভর করে থাকতে হয়। এমতাবস্থায় পট্ঠানের একটি খণ্ড প্রকাশ করতে লাগে দেড় লাখের চেয়ে বেশি টাকা। আমার মতো স্বল্প বর্ষবাসলাভী ভিক্ষুর পক্ষে একটি গ্রন্থ প্রকাশ করা কতো যে কষ্টের তা বলার অপেক্ষা রাখে না। আমার কষ্টটুকু বুঝে বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য খাগড়াছড়িস্থ ধর্মপুর আর্য বনবিহারের আবাসিক ভিক্ষু স্নেহাভাজন ধর্মভাই ভদন্ত সমাধিনন্দ ভিক্ষু খাগড়াছড়ি ও অন্যান্য স্থানের বৌদ্ধ দায়ক-দায়িকাদের ধর্মদানের পুণ্যের ফল ব্যাখ্যা করে শ্রদ্ধাদান সংগ্রহের মধ্য দিয়ে অমূল্য পট্ঠান ১০০০ কপি প্রকাশনার উদ্যোগ নিয়েছেন। তারই কৃতিত্বে এই গ্রন্থটি প্রকাশনার মুখ দেখলো। আমি বন্ধুবর

ভিক্ষুর এই অবদানকে অগণ্য সাধুবাদের সাথে অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি এবং শ্রদ্ধাদানকারী সদ্ধর্মপ্রাণ দায়ক-দায়িকা ও উপাসক-উপাসিকাদের মৈত্রীময় আশীর্বাদ ও অকাতরে পুণ্যদান করছি।

এবং সেই সাথে বুদ্ধের শাসনের পরম হিতকামী বাথুয়ার সুসন্তান বর্তমান ম্যাক্স গ্রুপে কর্মরত শ্রদ্ধাবান উপাসক বাবু সমল বড়ুয়া ত্রিপিটক গ্রন্থ প্রকাশনায় উৎসাহিত হয়ে **‘বোধি ফান্ডস্’** নামে একটি সংগঠন করেছেন। এই সংগঠনের সদস্যদের শ্রদ্ধাদানের ভিত্তিতে তিনিও পট্‌ঠান ৫ম খণ্ডটি ১০০০ কপি প্রকাশনার ব্যয়ভার গ্রহণ করেছেন। এবং এর আগেও বোধি ফান্ডস্-এর উদ্যোগে দেড়-দুই লাখ টাকা ব্যয়ে বাথুয়া গ্রামে একটি পারিভোগিক চৈত্য নির্মাণ করা হয়। বুদ্ধধর্মের উন্নয়নে তার এই অবদান চির অম্লান হয়ে থাকুক। বোধি ফান্ডস্-এর সদস্য বাথুয়ার সুসন্তান বর্তমানে লন্ডনপ্রবাসী বিপ্লব কিশোর বড়ুয়া পট্‌ঠান প্রকাশনার জন্য লন্ডন থেকে সত্তর-আশি হাজার টাকা শ্রদ্ধাদান সংগ্রহ করে দিয়েছেন। তাকে আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। খাগড়াছড়িস্থ প্রজ্ঞা অরণ্য কুটিরের অধ্যক্ষ ধ্যানী সাধক, অরণ্যচারী পূজনীয় প্রজ্ঞারত্ন ভন্তে, রাঙামাটিস্থ মহাসতিপট্‌ঠান ধুতাঙ্গ বন ভাবনা কেন্দ্রের অধ্যক্ষ তেরো প্রকার ধুতাঙ্গব্রত পরিপূরক পূজনীয় শ্রদ্ধেয় ধর্মরত্ন ভন্তে ও ধ্যানী সাধক অরণ্যচারী পূজনীয় শ্রদ্ধেয় সর্বানন্দ ভন্তে মহোদয় বাবু সমল বড়ুয়াকে পট্‌ঠান প্রকাশনায় উৎসাহিত করেছেন। তাঁদের এই অবদান আমার হৃদয়ে স্মৃতির পাতার চিরদিন লেখা থাকবে। আমার গৃহী বড় ভাই রাউজানস্থ দক্ষিণ জয়নগর গ্রামের সুসন্তান শিক্ষক সেতুরাজ বড়ুয়া এ ব্যাপারে কায়িক-বাচনিক সাহায্যের হাত বাড়িয়েছেন। তার কাছেও আমি কৃতজ্ঞ। পরিশেষে এই প্রকাশনার সাথে জড়িত সকলকে আমি অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি ও অকাতরে পুণ্যদান করছি। এই পুণ্যেতে সবার বৌদ্ধ হয়ে জন্ম নেয়াটা সার্থক হোক, সর্বাঙ্গিন সাফল্য অর্জন করুক এবং নির্বাণ লাভের হেতু উৎপন্ন হোক।

পরিশেষে পাঠক ও পাঠিকাগণের কাছে এতটুকুই প্রত্যাশা; বই পড়ুন, ধর্মজ্ঞানে নিজেকে উদ্ভাসিত করুন। বুদ্ধের বাণী ও দর্শন যার সহায়তায় মানুষের ব্যক্তি সত্ত্বার উন্মেষ হয় এবং যে বাণীতে আত্মোপলব্ধির ও স্বাধিকারের জয়গান ঘোষিত হয়েছে, সেই বাণী অবশ্যই বিজ্ঞানভিত্তিক সত্যবাণী। এ ধর্ম গভীর গবেষণাপ্রসূত, সূক্ষ্ম বিশ্লেষণযোগ্য, নিরপেক্ষ বিচার-মীমাংসানির্ভর। ‘পট্‌ঠান’ ৫ম খণ্ড বইটি পড়ে সিন্ধুর মাঝে বিন্দুতুল্যও যদি পাঠক মহলের মধ্যে ধর্মজ্ঞান উৎপন্ন হয়, এতে করে আমার এতো

শ্রমের সার্থকতা হবে। এতটুকু প্রত্যাশায়—
জগতের সকল প্রাণী প্রজ্ঞাবান হোক!

প্রণত
অনুবাদক
ভদন্ত রাহুল ভিক্ষু

"ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে নমস্কার"

অভিধর্মপিটকে

পট্‌ঠান

(পঞ্চম খণ্ড)

ধর্মানুলোমে[১] ত্রিক-ত্রিক পট্‌ঠান

১-১. কুশলত্রিক-বেদনাত্রিক

১. সুখবেদনা-সম্প্রযুক্তপদ

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক[২]

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত[৩] (পুণ্য সুখানুভূতি সংযুক্ত) ধর্মকে (আপন আপন স্বভাব ধারণ করে বলে ধর্ম) ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল সুখবেদনা-সম্প্রযুক্ত[৪] (পাপ সুখানুভূতি সংযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সুখবেদনা-সম্প্রযুক্ত অকুশল ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত সুখবেদনা-সম্প্রযুক্ত[৫] (কুশলও নয় অকুশলও নয় এমন

---

[১]। অনুলোম দুই প্রকার; যথা : একটি প্রত্যয়-অনুলোম এবং অন্যটি ধর্ম-অনুলোম।

[২]। প্রত্যয়-চতুষ্ক বলতে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম ও প্রতিলোম-অনুলোম প্রত্যয় বুঝায়।

[৩]। মহাকুশল ৪, প্রথম ধ্যানে ৫ (রূপাবচর প্রথম ধ্যান কুশল ১, লোকোত্তরে ৪), দ্বিতীয় ধ্যানে ৫, তৃতীয় ধ্যানে ৫, চতুর্থ ধ্যানে ৫ ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম। [১২১চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[৪]। লোভমূলক ৪ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[৫]। সুখসহগত সন্তীরণ চিত্ত ১, ১ সুখসহগত কায়-বিজ্ঞান, ১ হসিতোদপাদ চিত্ত, মহাবিপাক-মহাক্রিয়ায় ৮, প্রথম ধ্যানে ৬ (রূপাবচর প্রথম ধ্যান বিপাক-ক্রিয়ায় ২,

সুখানুভূতি সংযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে তিন... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৩)

৩. (১) কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অকুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অব্যাকৃত সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

(১-৯) কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম কুশল সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৪. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্ব-প্রত্যয়ে নয়। (সংক্ষিপ্ত করা হয়েছে)। (কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

২. দুঃখবেদনা-সম্প্রযুক্তপদ

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (১)

৫. (১) অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত[১] (পাপ দুঃখানুভূতি সংযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল দুঃখবেদনা সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

আলম্বন-প্রত্যয় (২)

(১) অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

লোকোত্তরে ৪), দ্বিতীয় ধ্যানে ৬, তৃতীয় ধ্যানে ৬, চতুর্থ ধ্যানে ৬ ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অব্যাকৃত সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[১]। ২ দৌর্মনস্য-সহগত দ্বেষমূলক চিত্ত বেদনা, প্রীতি, লোভ, মিথ্যাদৃষ্টি, মান ও বিচিকিৎসা ব্যতীত (২৭-৬) = ২১ চৈতসিক অকুশল দুঃখ-বেদনা সম্প্রযুক্ত ধর্ম।

(২) অব্যাকৃত দুঃখবেদনা-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অব্যাকৃত দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

৬. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক, আলম্বন-প্রত্যয়ে দুই... অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (১)

৭. (১) অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (২)

(১) অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অকুশল দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অব্যাকৃত দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অব্যাকৃত দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত করা হয়েছে)।

৮. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক, আলম্বন-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত। কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

৩. অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্তপদ

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (৩)

৯. (১) কুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত[২] (পুণ্য সুখ ও দুঃখানুভূতির প্রতি নিরপেক্ষ অনুভূতি সংযুক্ত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ১ পূর্বজন্মকৃত অকুশল বিপাক দুঃখ-সহগত কায়-বিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত ৭ সর্বচিত্ত সাধারণ চৈতসিক অব্যাকৃত দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ৪ উপেক্ষাসহগত মহাকুশল চিত্ত, রূপাবচরে পঞ্চম ধ্যানে ১, অরূপাবচরে ৪, লোকোত্তর পঞ্চম ধ্যানে ৪ চিত্ত; বেদনা, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিকই কুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[৩]। ৪ উপেক্ষাসহগত লোভমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত; বেদনা, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৫ চৈতসিক অকুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

(৩) অব্যাকৃত অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

১০. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে তিন... অবিগত-প্রত্যয়ে তিন। (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

১১. (১) কুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম কুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম অকুশল অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত[১] ধর্ম অব্যাকৃত অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

১২. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে নয়, অধিপতি-প্রত্যয়ে সাত, অনন্তর-প্রত্যয়ে সাত... উপনিশ্রয়-প্রত্যয়ে নয়, অবিগত-প্রত্যয়ে তিন। (সংক্ষিপ্ত। কুশলত্রিকে প্রশ্নবারের ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

১-২. কুশলত্রিক-বিপাকত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক (বিপাকপদ)

হেতু-প্রত্যয় (১)

১৩. (১) অব্যাকৃত বিপাক (ফলদান)[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত বিপাক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক, আলম্বন-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে এক। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

---

[১]। ১৪ অহেতুক চিত্ত, ৪ মহাবিপাক, ৪ মহাক্রিয়াচিত্ত, রূপাবচর পঞ্চম ধ্যান বিপাকে ১, ক্রিয়ায় ১, অরূপাবচর বিপাকে ৪, ক্রিয়ায় ৪, লোকোত্তর পঞ্চম ধ্যানে ৪; বেদনা, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অব্যাকৃত অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। ৩৬ বিপাক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অব্যাকৃত বিপাক ধর্ম।

বিপাকধর্মীপদ

হেতু-প্রত্যয় (২)

১৪. (১) কুশল বিপাকধর্মী (বিপাক উৎপাদক)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল বিপাকধর্মী[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল বিপাকধর্মধর্মী উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে দুই, আলম্বন-প্রত্যয়ে দুই... অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাতবার... সম্প্রযুক্তবার পর্যন্ত প্রতীত্যবার সদৃশ জ্ঞাতব্য)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১৫. (১) কুশল বিপাকধর্মী ধর্ম কুশল বিপাকধর্মী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল বিপাকধর্মী ধর্ম অকুশল বিপাকধর্মী ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৪)

(১-২) কুশল বিপাকধর্মী ধর্ম কুশল বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল বিপাকধর্মী ধর্ম অকুশল বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩-৪) অকুশল বিপাকধর্মী ধর্ম অকুশল বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল বিপাকধর্মী ধর্ম কুশল বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

১৬. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে দুই, আলম্বন-প্রত্যয়ে চার, অধিপতি-প্রত্যয়ে তিন, অনন্তর-প্রত্যয়ে দুই... সহজাত-প্রত্যয়ে দুই, উপনিশ্রয়-প্রত্যয়ে চার... অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত)। কুশলত্রিকে যেরূপ প্রশ্নবারেও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

---

[১]। ৮ কামাবচর শোভন চিত্ত, ৫ রূপাবচর কুশল চিত্ত, ৪ অরূপাবচর কুশল চিত্ত, ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল বিপাকধর্মী ধর্ম।

[২]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ১৪ চৈতসিক অকুশল বিপাকধর্মী ধর্ম।

নৈব-বিপাক-না-বিপাকধর্মীপদ

হেতু-প্রত্যয় (১)

১৭. অব্যাকৃত নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী (বিপাক বা ফলদানও নয় এবং বিপাক উৎপাদকও নয়)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক, আলম্বন-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে এক (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

১-৩. কুশলত্রিক-উপাদিন্নত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

উপাদিন্ন-উপাদানীয়পদ—হেতু-প্রত্যয় (১)

১৮.(১) অব্যাকৃত উপাদিন্ন-উপাদানীয় (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীত এবং উপাদানের বা আসক্তির বিষয়)[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে এক। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

অনুপাদিন্ন-উপাদানীয়পদ

হেতু-প্রত্যয় (৯)

১৯. (১-৩) কুশল অনুপাদিন্ন-উপাদানীয় (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীত নয় কিন্তু উপাদানের বা আসক্তির বিষয়)[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অকুশল অনুপাদিন্ন-উপাদানীয়[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয়[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয়

---

[১]। ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্ম।

[২]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক ও ১৮ প্রকার কর্মজ-রূপ কুশল উপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৩]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৫]। ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ এবং ১২ আহারজ-রূপ অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

দ্বারা অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(৮) কুশল অনুপাদিন্ন-উপাদানীয় এবং অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(৯) অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় এবং অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।। (সংক্ষিপ্ত)।

২০. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে নয়, অবিগত-প্রত্যয়ে নয়। (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (৭)

২১. (১-৩) কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

আলম্বন-প্রত্যয় (৯)

২২. (১-৩) কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম কুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অকুশল অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অব্যাকৃত অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)। (সংক্ষিপ্ত)।

২৩. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে সাত, আলম্বন-প্রত্যয়ে নয়, অবিগত-প্রত্যয়ে এগার (সংক্ষিপ্ত)। (কুশলত্রিকে যেরূপ প্রশ্নবারেও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

অনুপাদানীয়-অনুপাদানীয়পদ

হেতু-প্রত্যয় (২)

২৪. (১) কুশল অনুপাদিন্ন-অনুপাদানীয়[১] (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীতও নয় উপাদানের বা আসক্তির বিষয়ও নয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(২) অব্যাকৃত অনুপাদিন্ন-অনুপাদানীয়[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে দুই, অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৪. কুশলত্রিক-সংক্লিষ্টত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

সংক্লিষ্ট-সংক্লেশিকপদ—হেতু-প্রত্যয় (১)

২৫. (১) অকুশল সংক্লিষ্ট-সংক্লেশিক (কলুষিত-ক্লেশের বিষয়)[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে এক... অবিগত-প্রত্যয়ে এক। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

অসংক্লিষ্ট-সংক্লেশিকপদ

হেতু-প্রত্যয় (৫)

২৬. (১-৩) কুশল অসংক্লিষ্ট-সংক্লেশিক (অকলুষিত কিন্তু ক্লেশের বিষয়)[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অব্যাকৃত অসংক্লিষ্ট-সংক্লেশিক[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা

---

[১]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম।

[২]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[৪]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[৫]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ অব্যাকৃত সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

অব্যাকৃত অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়।

(৫) কুশল অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অব্যাকৃত অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়।

২৭. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে পাঁচ, অবিগত-প্রত্যয়ে পাঁচ। (সংক্ষিপ্ত। সহজাতবার... প্রশ্ন অধ্যায়ও সর্বত্রই বিস্তারিত জ্ঞাতব্য)।

অসংক্লিষ্ট-অসংক্লেশিকপদ

হেতু-প্রত্যয় (২)

২৮. (১) কুশল অসংক্লিষ্ট-অসংক্লেশিক (অকলুষিত-ক্লেশের অবিষয়)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(২) অব্যাকৃত অসংক্লিষ্ট-অসংক্লেশিক[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে দুই... অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত। সহজাতবার... প্রশ্ন অধ্যায়ও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৫. কুশলত্রিক-বিতর্কত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—সবিতর্ক-সবিচারপদ

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৩)

২৯. (১) কুশল সবিতর্ক-সবিচার (বিতর্ক ও বিচারযুক্ত)[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল সবিতর্ক-সবিচার[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম।

[২]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অব্যাকৃত অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম।

[৩]। ৮ মহাকুশল চিত্ত, রূপাবচরের ১ প্রথম ধ্যান কুশল চিত্ত এবং লোকোত্তর প্রথম ধ্যান চিত্তের ৪ চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল সবিতর্ক-সবিচার ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[৪]। ১২ অকুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৫ চৈতসিক অকুশল সবিতর্ক-সবিচার ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

(৩) অব্যাকৃত সবিতর্ক-সবিচার[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে তিন, অবিগত-প্রত্যয়ে তিন। (সংক্ষিপ্ত। সহজাতবারে... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পাঠ করতে হবে)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (৩)

৩০. (১) কুশল সবিতর্ক-সবিচার ধর্ম কুশল কুশল সবিতর্ক-সবিচার ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল সবিতর্ক-সবিচার ধর্ম অকুশল সবিতর্ক-সবিচার ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত সবিতর্ক-সবিচার ধর্ম অব্যাকৃত সবিতর্ক-সবিচার ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

৩১. (গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে নয়, অবিগত-প্রত্যয়ে তিন। (সংক্ষিপ্ত, যথা কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

অবিতর্ক-বিচারমাত্র পদ

হেতু-প্রত্যয় (২)

৩২. (১) কুশল অবিতর্ক-বিচারমাত্র (বিতর্কহীন কিন্তু বিচারযুক্ত)[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অবিতর্ক-বিচারমাত্র ধর্ম উৎপন্ন হয়।

(২) অব্যাকৃত অবিতর্ক-বিচারমাত্র[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অবিতর্ক-বিচারমাত্র ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে দুই, অবিগত-প্রত্যয়ে দুই। (সংক্ষিপ্ত)।

---

[১]। ৮ অহেতুক বিপাক চিত্ত, মহাবিপাক-মহাক্রিয়ায় ১৬ চিত্ত, রূপাবচর প্রথম ধ্যানে বিপাকে ও ক্রিয়ায় ২ চিত্ত, লোকোত্তর প্রথম ধ্যানের ফলচিত্ত ৪ ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অব্যাকৃত সবিতর্ক-সবিচার ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। ৮ মহাকুশল চিত্ত, ১ রূপাবচর দ্বিতীয় ধ্যান কুশল চিত্ত, লোকোত্তর দ্বিতীয় ধ্যানে ৪ কুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অবিতর্ক-বিচারমাত্র ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[৩]। ২ রূপাবচর দ্বিতীয় ধ্যান বিপাক ও ক্রিয়াচিত্ত, লোকোত্তর দ্বিতীয় ধ্যানে চিত্তে ৪ বিপাক চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অব্যাকৃত অবিতর্ক-বিচারমাত্র ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

(সহজাতবারে... সম্প্রযুক্তবারেও সর্বত্রই অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

অবিতর্ক-অবিচারপদ

হেতু-প্রত্যয় (৫)

৩৩. (১-৩) কুশল অবিতর্ক-অবিচার (বিতর্ক ও বিচারহীন)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অব্যাকৃত অবিতর্ক-অবিচার[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয়।

(৫) কুশল অবিতর্ক-অবিচার এবং অব্যাকৃত অবিতর্ক-অবিচার ধর্মকে ভিত্তি করে অব্যাকৃত অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে পাঁচ, আলম্বন-প্রত্যয়ে দুই, অবিগত-প্রত্যয়ে পাঁচ। (সংক্ষিপ্ত। সহজাতবার... প্রশ্নবারেও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৬. কুশলত্রিক-প্রীতিত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয় চতুষ্ক

হেতু-প্রত্যয় (৩)

৩৪. (১) কুশল প্রীতিসহগত[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল প্রীতিসহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল প্রীতিসহগত[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল প্রীতিসহগত ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ৫ তৃতীয় ধ্যান চিত্ত, ৫ চতুর্থ ধ্যান চিত্ত, রূপাবচরে পঞ্চম ধ্যান চিত্ত ১টি, অরূপাবচরে ৪টি ও লোকোত্তরে ৪ কুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অবিতর্ক-অবিচার ধর্ম। [১২১ চিত্ত মতে]

[২]। দ্বিপঞ্চ-বিজ্ঞান ১০, ৬ তৃতীয় ধ্যান চিত্ত, ৬ চতুর্থ ধ্যান চিত্ত, রূপাবচরে পঞ্চম ধ্যান চিত্ত ২টি, অরূপাবচরে ৮টি ও লোকোত্তরে ৪ বিপাক চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ২৮ রূপ ও নির্বাণ অব্যাকৃত অবিতর্ক-অবিচার ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৩]। সৌমনস্যসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথম ধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৫ চিত্ত, তৃতীয় ধ্যানে ৫ চিত্ত ও প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিক কুশল প্রীতিসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৪]। সৌমনস্যসহগত ৪ লোভমূলক চিত্ত, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক অকুশল প্রীতিসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

(৩) অব্যাকৃত প্রীতিসহগত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত প্রীতিসহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতু-প্রত্যয়ে তিন, আলম্বন-প্রত্যয়ে তিন, অবিগত-প্রত্যয়ে তিন। (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৩৫. (১) কুশল প্রীতিসহগত ধর্ম কুশল প্রীতিসহগত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল প্রীতিসহগত ধর্ম অকুশল প্রীতিসহগত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত প্রীতিসহগত ধর্ম অব্যাকৃত প্রীতিসহগত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে সাত, অনন্তরে পাঁচ, অবিগতে তিন। (সংক্ষিপ্ত)। (যথা কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৩৬. (১) কুশল সুখসহগত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল সুখসহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল সহগত[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সুখসহগত ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত সুখসহগত[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সুখসহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

---

[১]। সৌমনস্যসহগত ২ অহেতুক চিত্ত, সৌমনস্যসহগত ৪ মহাবিপাক চিত্ত, সৌমনস্যসহগত ৪ মহাক্রিয়াচিত্ত, প্রথম ধ্যানে ৬ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৬ চিত্ত, তৃতীয় ধ্যানে ৬ চিত্ত ও প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিক অব্যাকৃত প্রীতিসহগত ধর্ম। [১২১চিত্ত মতে]

[২]। সুখসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথম ধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৫ চিত্ত, তৃতীয় ধ্যানে ৫ চিত্ত, চতুর্থ ধ্যানে ৫ চিত্ত ও বেদনা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিকই কুশল সুখসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৩]। সুখসহগত ৪ লোভমূলক চিত্ত; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য ও কৌকৃত্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক অকুশল সুখসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৪]। ১ সুখসহগত সন্তীরণ চিত্ত, ১ সুখসহগত কায়-বিজ্ঞান চিত্ত, ১ হসিতোৎপাদ ক্রিয়াচিত্ত, সুখসহগত ৪ মহাবিপাক চিত্ত, সুখসহগত ৪ মহাক্রিয়াচিত্ত, প্রথম ধ্যানে ৬ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৬ চিত্ত, তৃতীয় ধ্যানে ৬ চিত্ত, চতুর্থ ধ্যানে ৬ চিত্ত ও বেদনা, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিক অব্যাকৃত সুখসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

(গণনা অধ্যায়)—হেতুতে তিন, আলম্বনে তিন, অবিগতে তিন। (সংক্ষিপ্ত। সহজাতবার... প্রশ্ন অধ্যায়ও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৩৭. (১) কুশল উপেক্ষাসহগত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল উপেক্ষাসহগত ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল উপেক্ষাসহগত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল উপেক্ষাসহগত ধর্ম উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত উপেক্ষাসহগত[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত উপেক্ষাসহগত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে তিন, অবিগতে তিন। (সংক্ষিপ্ত)। (সহজাতবার... প্রশ্ন অধ্যায়ও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৭. কুশলত্রিক-দর্শনত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৩৮. (১) অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্য (পরিত্যাজ্য বা পরিত্যাগযোগ্য)[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

৩৯. (১) অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্য[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

---

[১]। উপেক্ষাসহগত ৪ মহাকুশল চিত্ত, রূপাবচর পঞ্চম ধ্যান কুশল ১, অরূপাবচর কুশল ৪, লোকোত্তর পঞ্চম ধ্যানে ৪ চিত্ত; বেদনা ও প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-২) = ৩৬ চৈতসিক কুশল উপেক্ষাসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[২]। উপেক্ষাসহগত ৪ লোভমূলক চিত্ত, উপেক্ষাসহগত ২ মোহমূলক চিত্ত; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক অকুশল উপেক্ষাসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৩]। উপেক্ষাসহগত ১৪ অহেতুক চিত্ত, উপেক্ষাসহগত ৪ মহাবিপাক চিত্ত, উপেক্ষাসহগত ৪ মহাক্রিয়াচিত্ত, পঞ্চম ধ্যানে ১৪ চিত্ত; বেদনা ও প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-২) = ৩৬ চৈতসিক অব্যাকৃত উপেক্ষাসহগত ধর্ম। [১২১ চিত্ত মতে]

[৪]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্ম।

[৫]। ৪ মিথ্যাদৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্যসহগত চিত্ত; মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = ২৫ চৈতসিক অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)।

৪০.(১-৩) কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা ধর্ম উৎপন্ন হয়।

(৫) কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য এবং অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে পাঁচ, অবিগতে পাঁচ। (সংক্ষিপ্ত। সহজাতবারে... প্রশ্নবারেও তদ্রূপভাবে সর্বত্রই বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৮. কুশলত্রিক-দর্শনহেতুকত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৪১. (১) অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয়।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)।

৪২. (১) অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয়।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)।

৪৩. (১-৭) কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম।

[২]। ৩২ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্ম।

[৩]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত ও বিচিকিৎসা-সহগত চিত্তে মোহ তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম।

[৪]। ৪ মিথ্যাদৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্যসহগত চিত্ত; ঔদ্ধত্যসহগত চিত্তে মোহ থাকাতে মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = ২৫ চৈতসিক অকুশল ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম।

প্রহাতব্যহেতুক[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে দুই, অবিগতে সাত। (সংক্ষিপ্ত। সহজাতবারে... প্রশ্নবারেও তদ্রূপভাবে সর্বত্রই বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৯. কুশলত্রিক-আচয়গামীত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৪৪.(১) কুশল আচয়গামী (পুনর্জন্মের হেতু সঞ্চয়কারী)[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল আচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

(২) অকুশল আচয়গামী[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল আচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে দুই... অবিগতে দুই (সংক্ষিপ্ত)। (সহজাতবার... প্রশ্ন অধ্যায় পর্যন্ত তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৪৫. (১) কুশল অপচয়গামী (পুনর্জন্মের হেতু ধ্বংসকারী বা ক্ষয়কারী)[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত। প্রতীত্যবারে... প্রশ্নবারেও সর্বত্র এক)।

৪৬. (১) অব্যাকৃত না-আচয়গামী-না-অপচয়গামী (পুনর্জন্মের হেতু সঞ্চয়কারীও নহে এবং পুনর্জন্মের হেতু ধ্বংসকারীও নহে)[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত। সহজাতবার... প্রশ্ন অধ্যায়ও তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক কুশল ধর্ম এবং ৩২ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল আচয়গামী ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল আচয়গামী ধর্ম।

[৪]। ৪ লোকোত্তর মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল অপচয়গামী ধর্ম।

[৫]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম।

১-১০. কুশলত্রিক-শৈক্ষ্যত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৪৭. (১) কুশল শৈক্ষ্য (শিক্ষাব্রতী বা শিশিক্ষু তাদৃশ)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়।

(২) অব্যাকৃত শৈক্ষ্য[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে দুই, অবিগতে দুই। (সংক্ষিপ্ত। সহজাতবারে... প্রশ্নবারেও তদ্রূপ সর্বত্রই বিস্তারিত জ্ঞাতব্য)।

৪৮. (১) অব্যাকৃত অশৈক্ষ্য (শিক্ষার সমাপ্ত হয়েছে তাদৃশ)[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সংক্ষিপ্ত)। (সহজাতবারে... প্রশ্নবারেও সর্বত্রই এক)।

৪৯. (১-৩) কুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য (শিক্ষাব্রতীও নহে শিক্ষাপ্রাপ্তও নহে তাদৃশ)[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) অকুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) অব্যাকৃত না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য[৬] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়, অবিগতে নয়। (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পঠিতব্য)।

৫০. কুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম কুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অবিগতে তেরো।

---

[১]। ৪ লোকোত্তর মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক কুশল শৈক্ষ্য ধর্ম।

[২]। অর্হত্ত্বফলচিত্ত ব্যতীত ৩ লোকোত্তর ফলচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অব্যাকৃত শৈক্ষ্য ধর্ম।

[৩]। ১ অর্হত্ত্বফলচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অব্যাকৃত অশৈক্ষ্য ধর্ম।

[৪]। ১৭ লোকীয় কুশলচিত্ত তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম।

[৫]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম।

[৬]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম।

(সংক্ষিপ্ত। কুশলত্রিকের প্রশ্ন অধ্যায়ের ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

১-১১. কুশলত্রিক-পরিত্তত্রিক

১-৭. প্রতীত্যবার প্রভৃতি—প্রত্যয়-চতুষ্ক

৫১. (১-৩) কুশল পরিত্ত (সামান্য বা সসীম অর্থাৎ কামাবচর)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। কুশল পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। কুশল পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল পরিত্ত ও অব্যাকৃত পরিত্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) অকুশল পরিত্ত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল পরিত্ত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭) অব্যাকৃত পরিত্ত[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত পরিত্ত ধর্ম উৎপন্ন হয়।

(৮) কুশল পরিত্ত এবং অব্যাকৃত পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(৯) অকুশল পরিত্ত এবং অব্যাকৃত পরিত্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন, অবিগতে নয়। (সংক্ষিপ্ত। সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৫২. (১-৩) কুশল পরিত্ত ধর্ম কুশল পরিত্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) অকুশল পরিত্ত ধর্ম অকুশল পরিত্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) অব্যাকৃত পরিত্ত ধর্ম অব্যাকৃত পরিত্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১) কুশল পরিত্ত ধর্ম কুশল পরিত্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে সাত, আলম্বনে নয়, অবিগতে তেরো।

---

[১]। ৮ মহাকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল পরিত্ত ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল পরিত্ত ধর্ম।

[৩]। ১৮ অহেতুক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৭ সর্বচিত্ত সাধারণ চৈতসিক, ২৮ প্রকার রূপ অব্যাকৃত পরিত্ত ধর্ম।

(সংক্ষিপ্ত। যথা কুশলত্রিকে প্রশ্ন অধ্যায় তদ্রূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

মহদ্‌গতাদিপদ

হেতু-প্রত্যয় (২)

৫৩. (১) কুশল মহদ্‌গত (অসামান্য বা অসীম অর্থাৎ রূপাবচর ও অরূপাবচর)[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়।

(২) অব্যাকৃত মহদ্‌গত[২] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত মহদ্‌গত ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে দুই, আলম্বনে দুই, অবিগতে দুই। (সংক্ষিপ্ত। সহজাতবারে... প্রশ্নবারেও তদ্রূপভাবে সর্বত্রই বিস্তারিত জ্ঞাতব্য)।

৫৪. (১) কুশল অপ্রমাণ (সীমাহীন বা অপ্রমেয় অর্থাৎ লোকোত্তর)[৩] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়।

(২) অব্যাকৃত অপ্রমাণ[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(৭-৯) না-হেতু না-অহেতুক এবং না-না-হেতু না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অহেতুক এবং না-না-হেতু না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অহেতুক এবং না-না-হেতু না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অহেতুক এবং না-না-হেতু না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে নয়... অবিগতে নয়। (সবক্ষেত্রে নয়)।

৫. (১-৩) না-হেতু না-হেতু-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-হেতু-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

৬. (১-৩) না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৪-৬) না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত এবং না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(৭-৯) না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত এবং না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (তিন)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়। (সর্বত্রই তদ্রূপভাবে বিস্তৃত করতে হবে)।

৭. (১) না-হেতু না-হেতু অথচ না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-হেতু অথচ না-অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(প্রশ্ন অধ্যায় পর্যন্ত একটি করে প্রশ্ন হবে)।

(১) না-না-হেতু না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১) না-হেতু না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১) না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয়

দ্বারা।

(১) না-হেতু না-সহেতুক ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-সহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১) না-হেতু না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অহেতুক ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(গণনা অধ্যায়)—(সর্বত্রই এক)।

১-৬. হেতুদ্বিক-ক্ষুদ্রান্তরদ্বিক

৮. (১-৩) না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৭-৯) না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অপ্রত্যয় ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অপ্রত্যয় এবং না-না-হেতু না-অপ্রত্যয় ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়।

না-হেতু না-অসংস্কৃত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-সনিদর্শন ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-সপ্রতিঘ ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-অপ্রতিঘ ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-রূপী ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-অরূপী ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-লৌকিক ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-লোকোত্তর ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু কোনো প্রকারে না-বিজ্ঞেয় ধর্মকে প্রত্যয় করে... না-হেতু কোনো প্রকারে না-না-বিজ্ঞেয় ধর্মকে প্রত্যয় করে...।

১-১৩-১৮. হেতুদ্বিক-আসবাদিগুচ্ছ

৯. না-হেতু না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-সাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-আসব-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-আসব-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-আসব অথচ না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-অনাসব অথচ না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-আসব অথচ না-আসব-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-আসব-বিপ্রযুক্ত অথচ না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু আসব-বিপ্রযুক্ত না-সাসব ধর্মকে প্রত্যয় করে... না-হেতু আসব-বিপ্রযুক্ত না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

১-১৯-৫৩. হেতুদ্বিক-সংযোজনাদিদ্বিক

১০. না-হেতু না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-ওঘ (মহাপ্লাবন নহে তাদৃশ) ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-যোগ ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-পরামাস ধর্মকে প্রত্যয় করে...।

১-৫৪-৮১. হেতুদ্বিক-মহত্তরদ্বিক

১১. না-হেতু না-সালম্বন ধর্মকে প্রত্যয় করে...। (সংক্ষিপ্ত)।

না-হেতু না-চিত্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-চৈতসিক ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-চিত্ত-সংশ্লিষ্ট ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-চিত্ত-সমুত্থিত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-চিত্ত-সহজাত ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-চিত্ত-অনুপরিবর্তী ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-আধ্যাত্মিক ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-বাহ্যিক ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-উপাদা ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-উপাদিন্ন ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-অনুপাদিন্ন ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-উপাদান ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-ক্লেশ ধর্মকে প্রত্যয় করে...।

১-৮২. হেতুদ্বিক-পৃষ্ঠদ্বিক

১২. না-হেতু না-দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে...।
না-হেতু না-না-দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে...।

১৩. না-হেতু না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-ভাবনার প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে...।

১৪. না-হেতু না-সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অবিচার ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-প্রীতিসহগত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-প্রীতিসহগত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-সুখসহগত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-সুখসহগত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-উপেক্ষাসহগত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-উপেক্ষাসহগত ধর্মকে প্রত্যয় করে...।

১৫. না-হেতু না-কামাবচর ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-কামাবচর ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-রূপাবচর ধর্মকে প্রত্যয় করে...

না-হেতু না-না-রূপাবচর ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অরূপাবচর ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-না-অরূপাবচর ধর্মকে প্রত্যয় করে...।

১৬. না-হেতু না-পর্যায়পন্ন ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অপর্যায়পন্ন ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-নিয়্যানিক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অনিয়্যানিক ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-নিয়ত ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অনিয়ত ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু না-সউত্তর ধর্মকে প্রত্যয় করে...। না-হেতু না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে...।

১৭. (১-৯) না-হেতু না-সরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-সরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা... (নয়)।

(১-৩) না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৭-৯) না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-না-হেতু না-অরণ ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মকে প্রত্যয় করে না-হেতু না-অরণ এবং না-না-হেতু না-অরণ ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়। (সর্বত্রই নয়)।

২-৬-১. সহেতুকাদিদ্বিক-হেতুদ্বিক

১৮. (১-৩) না-সহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-সহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-সহেতুক

না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৭-৯) না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক, না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অহেতুক না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সহেতুক না-হেতু এবং না-অহেতুক না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়।

(সবক্ষেত্রে অনুরূপভাবে বিস্তৃত করতে হবে)।

১৯. (১) না-অহেতুক না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অহেতুক না-না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে এক... অবিগতে এক। (সর্বত্রই এক)।

২০. না-হেতু-সম্প্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-হেতু-বিপ্রযুক্ত না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২১. না-হেতু অথচ না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২২. না-হেতু না-সহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-হেতু না-অহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৭-১৩-১. ক্ষুদ্রান্তরদ্বিক-হেতুদ্বিক

২৩. না-অপ্রত্যয় না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অসংস্কৃত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-সনিদর্শন না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-সপ্রতিঘ না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অপ্রতিঘ না-হেতু ধর্মকে

প্রত্যয় করে...।

না-রূপী না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অরূপী না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-লৌকিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-লোকোত্তর না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

কোনোটি দ্বারা না-বিজ্ঞেয় না-হেতু ধর্মকে প্রত্যয় করে... কোনোটি দ্বারা না-না-বিজ্ঞেয় না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

১৪-১৯-১. আসবগুচ্ছ-হেতুদ্বিক

২৪. না-আসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-আসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-সাসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনাসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-আসব-সম্প্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-আসব-বিপ্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-আসব অথচ না-অনাসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনাসব অথচ না-না-আসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-আসব অথচ না-আসব-বিপ্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-আসব-বিপ্রযুক্ত অথচ না-না-আসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে... আসব-বিপ্রযুক্ত না-সাসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে... আসব-বিপ্রযুক্ত না-অনাসব না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২০-৫১-১. সংযোজনাদিদ্বিক-হেতুদ্বিক

২৫. না-সংযোজন না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২৬. না-গ্রন্থি না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২৭. না-ওঘ না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-যোগ না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২৮. না-নীবরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

২৯. না-পরামাস না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৫৫-৬৮-১. মহত্তরদ্বিক-হেতুদ্বিক

৩০. না-সালম্বন না-হেতু ধর্মকে প্রত্যয় করে...। (সংক্ষিপ্ত)।

৩১. না-চিত্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-চৈতসিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-চিত্ত-সম্প্রযুক্ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-চিত্ত-সংশ্লিষ্ট না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-চিত্ত-সমুত্থিত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩২. না-চিত্ত-সহজাত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-চিত্তানুপরিবর্তী না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-চিত্ত-সংশ্লিষ্ট সমুত্থিত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩৩. না-আধ্যাত্মিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-বাহ্যিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-উপাদা না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩৪. না-উপাদিন্ন না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনুপাদিন্ন না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৬৯-৮২-১. উপাদানাদিদ্বিক-হেতুদ্বিক

৩৫. না-উপাদান না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩৬. না-ক্লেশ না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-ক্লেশ না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৮৩-১. পৃষ্ঠ বা শেষদ্বিক-হেতুদ্বিক

৩৭. না-দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-দর্শনের দ্বারা প্রহাতব্য না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-ভাবনার দ্বারা প্রহাতব্য না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩৮. না-সবিতর্ক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অবিতর্ক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-সবিচার না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অবিচার না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-সপ্রীতিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অপ্রীতিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-প্রীতিসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-প্রীতিসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-

সুখসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-সুখসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-উপেক্ষাসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-উপেক্ষাসহগত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৩৯. না-কামাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-কামাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-রূপাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-রূপাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৪০. না-অরূপাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-না-অরূপাবচর না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-পর্যায়পন্ন না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অপর্যায়পন্ন না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৪১. না-নিয়্যানিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনিয়্যানিক না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-নিয়ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনিয়ত না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-সউত্তর না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-অনুত্তর না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

৪২. (১) না-সরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২-৪) না-অরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অরণ না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-হেতু এবং না-অরণ না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৫) না-সরণ না-হেতু এবং না-অরণ না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(গণনা অধ্যায়)—হেতুতে পাঁচ... অবিগতে পাঁচ। (সর্বত্রই অনুরূপভাবে বিস্তৃত করতে হবে)।

৪৩. (১) না-সরণ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২) না-অরণ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে না-অরণ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(গণনা অধ্যায়)—হেতুতে দুই... অবিগতে দুই। (সর্বত্রই অনুরূপভাবে বিস্তৃত জানতে হবে)।

১০০-২-৬. সরণদ্বিক-সহেতুকাদিদ্বিক

৪৪. না-সরণ (রণযুক্ত বা বিলাপের কারণযুক্ত নহে তাদৃশ) না-সহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-হেতু-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

৪৫. না-সরণ না-হেতু অথচ না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-হেতু না-সহেতুক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-হেতু না-অহেতুক ধর্মকে প্রত্যয় করে...।

১০০-৭-১৩. সরণদ্বিক-ক্ষুদ্রান্তরদ্বিক

৪৬. না-সরণ না-অপ্রত্যয় ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অসংস্কৃত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-সনিদর্শন ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-সপ্রতিঘ ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অপ্রতিঘ ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-রূপী ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অরূপী ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-লোকোত্তর ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ কোনোটি দ্বারা না-বিজ্ঞেয় ধর্মকে প্রত্যয় করে... না-সরণ কোনোটি দ্বারা না-না-বিজ্ঞেয় ধর্মকে প্রত্যয় করে...।

১০০-১৪-১৯. সরণদ্বিক-আসবগুচ্ছ

৪৭. না-সরণ না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-সাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব অথচ না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অনাসব অথচ না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব অথচ না-আসব-বিপ্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-আসব-বিপ্রযুক্ত অথচ না-না-আসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব-বিপ্রযুক্ত না-সাসব ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আসব-বিপ্রযুক্ত না-অনাসব ধর্মকে প্রত্যয় করে...।

১০০-২০-৫৪. সরণদ্বিক-সংযোজনাদিদ্বিক

৪৮. না-সরণ না-সংযোজন ধর্মকে প্রত্যয় করে...।

৪৯. না-সরণ না-গ্রন্থি ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-ওঘ ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-যোগ ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-নীবরণ ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-পরামাস ধর্মকে প্রত্যয় করে...।

১০০-৫৫-৬৮. সরণদ্বিক-মহত্তরদ্বিক

৫০. না-সরণ না-সালম্বন ধর্মকে প্রত্যয় করে...। (সংক্ষিপ্ত)।

না-সরণ না-চিত্ত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-চৈতসিক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-চিত্ত-সম্প্রযুক্ত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-চিত্ত-সংশ্লিষ্ট ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-চিত্ত-সমুত্থিত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-চিত্ত-সহজাত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-চিত্তানুপরিবর্তী ধর্মকে প্রত্যয় করে...।

৫১. না-সরণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-চিত্ত-সংশ্লিষ্ট- সমুত্থিত-অনুপরিবর্তী ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-আধ্যাত্মিক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-বাহ্যিক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-উপাদা ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-উপাদিন্ন ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অনুপাদিন্ন ধর্মকে প্রত্যয় করে...।

১০০-৬৯-৮২. সরণদ্বিক-উপাদানাদিদ্বিক

৫২. না-সরণ না-উপাদান ধর্মকে প্রত্যয় করে...।

৫৩. না-সরণ না-ক্লেশ ধর্মকে প্রত্যয় করে...।

১০০-৮৩. সরণদ্বিক-দর্শনাদিদ্বিক

৫৪. না-সরণ না-দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-দর্শনের দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-ভাবনার দ্বারা প্রহাতব্য ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-দর্শনের দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-ভাবনার দ্বারা প্রহাতব্যহেতুক ধর্মকে প্রত্যয় করে...।

৫৫. না-সরণ না-সবিতর্ক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অবিতর্ক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-সবিচার ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অবিচার ধর্মকে প্রত্যয় করে...।

৫৬. না-সরণ সপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-অপ্রীতিক ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-প্রীতিসহগত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-প্রীতিসহগত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-সুখসহগত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-সুখসহগত ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-উপেক্ষাসহগত ধর্মকে প্রত্যয় করে...।

৫৭. না-সরণ না-না-উপেক্ষাসহগত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-কামাবচর ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-না-কামাবচর ধর্মকে প্রত্যয় করে...।

৫৮. না-সরণ না-রূপাবচর ধর্মকে প্রত্যয় করে... না-সরণ না-না-রূপাবচর ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অরূপাবচর ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-না-অরূপাবচর ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-পর্যায়পন্ন ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অপর্যায়পন্ন ধর্মকে প্রত্যয় করে...।

৫৯. না-সরণ না-নিয়্যানিক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অনিয়্যানিক ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-নিয়ত ধর্মকে প্রত্যয় করে...।

না-সরণ না-অনিয়ত ধর্মকে প্রত্যয় করে...।

৬০. (১) না-সরণ না-সউত্তর ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-সউত্তর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১) না-সরণ না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-অনুত্তর ধর্ম

উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(২-৪) না-অরণ না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে না-অরণ না-অনুত্তর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অরণ না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-অনুত্তর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। না-অরণ না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-অনুত্তর এবং না-অরণ না-অনুত্তর ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(৫) না-সরণ না-অনুত্তর এবং না-অরণ না-অনুত্তর ধর্মকে প্রত্যয় করে না-সরণ না-অনুত্তর ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে পাঁচ। (সর্বত্রই অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য। সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার, প্রশ্ন অধ্যায় পর্যন্ত অনুরূপভাবেই বিস্তারিত জ্ঞাতব্য)।

[ধর্মপ্রতিলোমে দ্বিক-দ্বিক পট্‌ঠান সমাপ্ত]

[প্রতিলোম পট্‌ঠান সমাপ্ত]

ধর্মানুলোমে-প্রতিলোমে[১] ত্রিক পট্‌ঠান

১. কুশলত্রিক—১-৬. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয় চতুষ্ক—হেতু-প্রত্যয় (১৯)

১. (১) কুশল[২] (যা সর্বদুঃখের ক্ষয়কারক তাদৃশ) ধর্মকে ভিত্তি করে না-কুশল[৩] ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(২) কুশল ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল একটি স্কন্ধসমূহকে ভিত্তি করে তিনটি স্কন্ধ (কুশল) এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়...।

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত[৪] ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল একটি স্কন্ধকে (ভাগ বা অংশকে) ভিত্তি করে তিনটি (কুশল)

---

[১]। অনুলোম-প্রতিলোম দুই প্রকার; যথা : একটি প্রত্যয় অনুলোম-প্রতিলোম এবং অন্যটি ধর্মানুলোম-প্রতিলোম।

[২]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-কুশল ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক না-অব্যাকৃত ধর্ম।

স্কন্ধ উৎপন্ন হয়...।

(৪) কুশল ধর্মকে ভিত্তি করে না-অকুশল এবং না-অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (কুশল) স্কন্ধ উৎপন্ন হয়...।

(৫) কুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল স্কন্ধসমূহে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

২. (৬) অকুশল[১] (যা সর্বদুঃখের বৃদ্ধিসাধক তাদৃশ) ধর্মকে ভিত্তি করে না-অকুশল[২] ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(৭) অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (অকুশল) স্কন্ধ চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়...।

(৮-১০) অকুশল ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

৩. (১১) অব্যাকৃত[৩] (যা সর্বদুঃখের ক্ষয়কারকও নহে সর্বদুঃখের বৃদ্ধিসাধকও নহে তাদৃশ) ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিপাক-অব্যাকৃত (৩৬ প্রকার বিপাক চিত্ত) ও ক্রিয়া-অব্যাকৃত (২০ প্রকার ক্রিয়াচিত্ত) একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (বিপাক-অব্যাকৃত ও ক্রিয়া-অব্যাকৃত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুইটি মহাভূতকে ভিত্তি করে দুইটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১২) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশল ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অকুশল ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অব্যাকৃত ধর্ম।

প্রত্যয় দ্বারা। বিপাক-অব্যাকৃত... প্রতিসন্ধিক্ষণে... মহাভূতে...।

(১৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। বিপাক-অব্যাকৃত ও ক্রিয়া-অব্যাকৃত...। (সংক্ষিপ্ত)।

৪. (১৪) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়।

(১৫-১৬) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(১৭-১৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় হেতু-প্রত্যয় দ্বারা।

(চিত্ত-সমুত্থিত-রূপেও এরূপ হয়, উনিশটি প্রশ্ন করণীয়)।

আলম্বন-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

৫. (১-৩) কুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। কুশল ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। কুশল ধর্মকে ভিত্তি করে না-অকুশল এবং না-অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৪-৬) অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৭-৯) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় আলম্বন-প্রত্যয় দ্বারা। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে উনিশ, আলম্বনে নয়, অধিপতিতে উনিশ, অনন্তরে নয়, সমনন্তরে নয়, সহজাতে উনিশ... অবিগতে উনিশ।

প্রত্যয় : প্রতিলোম

না-হেতু-প্রত্যয় (৬), না-আলম্বন-প্রত্যয় (১৫)

৬. (১-৩) অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা।

(৪-৬) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা। অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয় দ্বারা।

৭. (১-৩) কুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। কুশল ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। কুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা।

(৪-১৫) অকুশল ধর্মকে ভিত্তি করে না-অকুশল ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল ধর্ম উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা। অকুশল ধর্মকে ভিত্তি করে না-কুশল এবং না-অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় না-আলম্বন-প্রত্যয় দ্বারা... (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে ছয়, না-আলম্বনে পনেরো, না-অধিপতিতে উনিশ... না-অবিগতে পনেরো। (প্রতিলোম অনুরূপভাবে বিস্তার করতে হবে। সহজাতবার, প্রত্যয়বারও অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

(প্রত্যয়বারে হেতুতে ছব্বিশ, আলম্বনে আঠারো... অবিগতে ছব্বিশ)।(নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

১. কুশলত্রিক

৭. প্রশ্ন অধ্যায়—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (১৩), আলম্বন-প্রত্যয় (১৮)

৮. (১-৫) কুশল ধর্ম না-কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধর্ম না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধর্ম না-অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধর্ম না-অকুশল এবং না-অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধর্ম না-কুশল এবং না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯. (৬-১০) অকুশল ধর্ম না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধর্ম না-কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধর্ম না-অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধর্ম না-কুশল এবং না-অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধর্ম না-কুশল এবং না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১-১৩) অব্যাকৃত ধর্ম না-কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অব্যাকৃত ধর্ম না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অব্যাকৃত ধর্ম না-কুশল এবং না-অকুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০. (১-৬) কুশল ধর্ম না-কুশল ধর্মের না আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (ছয়টি প্রশ্ন করণীয়)।

(৭-১২) অকুশল ধর্ম না-অকুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (ছয়টি প্রশ্ন করণীয়)।

(১৩-১৮) অব্যাকৃত ধর্ম না-অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (ছয়টি প্রশ্ন করণীয়, সংক্ষিপ্ত)।

১১. (গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে আঠারো, অধিপতিতে সতের, অনন্তরে ষোল, সমনন্তরে ষোল, সহজাতে উনিশ, অন্যোন্যে নয়, নিশ্রয়ে ছব্বিশ, উপনিশ্রয়ে আঠারো, পূর্বজাতে ছয়, পশ্চাজ্জাতে নয়, আসেবনে নয়, কর্মে তেরো, বিপাকে তিন, আহারে তেরো... মার্গে তেরো, সম্প্রযুক্তে নয়, বিপ্রযুক্ত বার... অবিগতে ছব্বিশ। (প্রশ্নবারে অনুরূপভাবে বিস্তার করণীয়)।

২. বেদনাত্রিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-২১)

১২. (১) সুখবেদনা-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনকালে) সুখবেদনা-সম্প্রযুক্ত

[১]। ৬৩ সুখসহগত চিত্ত; বেদনা, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ৩ দুঃখসহগত চিত্ত; বেদনা, প্রীতি, লোভ, মিথ্যাদৃষ্টি, মান ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ২১ চৈতসিক এবং ৫৫ উপেক্ষাসহগত চিত্ত; বেদনা, প্রীতি, দ্বেষ,

স্কন্ধসমূহকে ভিত্তি করে সুখবেদনা (সুখ-অনুভূতি) এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে... (মহাভূতসমূহ হয় না)।

(২) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি (না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থিত-রূপ উৎপন্ন হয়...।

(৩-৭) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

১৩. (৮-১৪) দুঃখবেদনা-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ

ঈর্ষা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[১]। ৩ দুঃখসহগত চিত্ত; বেদনা, প্রীতি, লোভ, মিথ্যাদৃষ্টি, মান ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ২১ চৈতসিক দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ৬৩ সুখসহগত চিত্ত; বেদনা, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক এবং ৫৫ উপেক্ষাসহগত চিত্ত; বিদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত, না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

১৪. (১৫-২১) অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত, না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে একুশ, আলম্বনে একুশ... অবিগতে একুশ।

প্রত্যয় : প্রতিলোম—না-হেতু-প্রত্যয় (২১)

১৫. (১-২১) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে একুশ, না-আলম্বনে একুশ... না-বিপ্রযুক্তে চৌদ্দ... না-বিগতে একুশ। (সহজাতবার, প্রতীত্যবার,

---

[১]। ৫৫ উপেক্ষাসহগত চিত্ত; বিদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। ৩ দুঃখসহগত চিত্ত; বেদনা, প্রীতি, লোভ, মিথ্যাদৃষ্টি, মান ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ২১ চৈতসিক এবং ৬৩ সুখসহগত চিত্ত; বেদনা, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-৬) = ৪৬ চৈতসিক না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম।

নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ বিস্তৃত করতে হবে)।

২. বেদনাত্রিক

৭. প্রশ্ন অধ্যায়—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (২১)

১৬. (১-৭) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম না-সুখবেদনা-সম্প্রযুক্ত, না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে একুশ, আলম্বনে একুশ... অবিগতে একুশ।

(প্রশ্ন অধ্যায় অনুরূপভাবে বিস্তারিত জানতে হবে)।

৩. বিপাকত্রিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (২৩), আলম্বন-প্রত্যয় (১৪)

১৭. (১-৫) বিপাক[১] (ফলদান) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক[২] ধর্ম উৎপন্ন হয়। বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মধর্মী এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী

---

[১]। ৩৬ বিপাক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক বিপাক ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-বিপাক ধর্ম।

ধর্মসমূহ উৎপন্ন হয়। বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়। (পাঁচটি প্রশ্ন করতে হবে)।

১৮. (৬-১১) বিপাকধর্মী[১] (বিপাক উৎপাদনশীল) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী[২] ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়। বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়। (পাঁচটি প্রশ্ন করতে হবে)

১৯. (১১-১৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী[৩] (ফলদানও নহে বিপাক উৎপাদনশীলও নহে) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী[৪] ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়। (পাঁচটি প্রশ্ন করতে হবে)

২০. (১৬-২০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। বিপাক এবং না-বিপাক-না-বিপাকধমীধর্মী ধর্মকে ভিত্তি করে না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মধর্মী এবং না-নৈব-বিপাক-

---

[১]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক বিপাকধর্মী ধর্ম।

[২]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-বিপাকধর্মী ধর্ম।

[৩]। ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম।

না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়। বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়।

(২১-২৩) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ উৎপন্ন হয়।

২১. (১-৩) বিপাক ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪-৬) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-বিপাক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-১১) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়...।

(পাঁচটি প্রশ্ন করণীয়)।

(১২-১৪) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (সংক্ষিপ্ত)।

২২. (অনুলোম গণনা অধ্যায়)—হেতুতে তেইশ, আলম্বনে চৌদ্দ... অবিগতে তেইশ। (সংক্ষিপ্ত)।

(প্রতিলোম গণনা অধ্যায়)—না-হেতুতে আঠারো, না-আলম্বনে পনেরো। (সহজাতবার, প্রতীত্যবার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৩. বিপাকত্রিক

৭. প্রশ্ন অধ্যায়—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (১৩), আলম্বন-প্রত্যয় (১৮)

২৩. (১-৫) বিপাক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-বিপাক ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মধর্মী এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

২৪. (১-৬) বিপাক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মধর্মী এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাক ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়।

(৭-১২) বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাকধর্মধর্মী এবং না-নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়। বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-বিপাক এবং না-বিপাকধর্মধর্মী ধর্মের প্রত্যয় হয়।

(১৩-১৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের প্রত্যয় হয়... (ছয়)। (সংক্ষিপ্ত)।

২৫. (গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে আঠারো, অধিপতিতে সতের, অনন্তরে ষোল... পূর্বজাতে ছয়, পশ্চাজ্জাতে নয়, আসেবনে ছয়, কর্মে চৌদ্দ, বিপাকে পাঁচ, ইন্দ্রিয়ে আঠারো... বিপ্রযুক্তে বার... অবিগতে ছব্বিশ। (প্রশ্ন অধ্যায়কে অনুরূপভাবে বিস্তার করতে হবে)।

৪. উপাদিন্নত্রিক

১-৬. প্রতীত্যবার ইত্যাদি—প্রত্যয়-চতুষ্ক

হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১৯)

২৬. (১-৫) উপাদিন্ন-উপাদানীয়[১] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয়[২] ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয়[৩] এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৬-৮) অনুপাদিন্ন-উপাদানীয়[৪] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৯-১৩) অনুপাদিন্ন-অনুপাদানীয়[৫] ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয়[৬] ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক ও ১৮ কর্মজ-রূপ উপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ২১ কুশল চিত্ত, ৪ ফলচিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ ও নির্বাণ না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৩]। ৪ মার্গচিত্ত, ৩৬ বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও নির্বাণ না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[৫]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম।

[৬]। ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৮ কর্মজ-রূপ, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ ও ১২ আহারজ-রূপ না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম।

অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়।

(১৪-১৬) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়।

(১৭-১৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

২৭. (গণনা অধ্যায়)—হেতুতে উনিশ, আলম্বনে নয়, অধিপতিতে একাদশ... সহজাতে উনিশ।

(সহজাতবার, প্রতীত্যবার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও অনুরূপভাবেই বিস্তার করণীয়)।

৪. উপাদিন্নত্রিক

৭. প্রশ্নবার—প্রত্যয় চতুষ্ক

হেতু-প্রত্যয় (১৩), আলম্বন-প্রত্যয় (১৫)

২৮. (১-১৩) উপাদিন্ন-উপাদানীয় (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীত-আসক্তির বিষয়) ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্ম হেতু-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়...।

২৯. (১-৫) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদানীয়-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়।

(৬-১০) অনুপাদিন্ন-উপাদানীয় (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীত নহে কিন্তু আসক্তির বিষয়) ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-উপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-উপাদানীয় এবং না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়।

(১১-১৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীতও নহে আসক্তির বিষয়ও নহে) ধর্ম আলম্বন-প্রত্যয়ের দ্বারা না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের প্রত্যয় হয়...। (সংক্ষিপ্ত)।

৩০. (গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে পনেরো, অধিপতিতে এগার।

(প্রশ্ন অধ্যায়ও অনুরূপভাবে বিস্তার করতে হবে)।

৫. সংক্লিষ্টত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—১. প্রত্যয় : অনুলোম

হেতু-প্রত্যয় (১৯)

৩১. (১-৫) সংক্লিষ্ট-সংক্লেশিক[১] (কলুষিত-ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক[২] ধর্ম উৎপন্ন হয়।

---

[১]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-সংক্লেশিক[১] ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক এবং না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৬-৮) অসংক্লিষ্ট-সংক্লেশিক[২] (কলুষিত নহে কিন্তু ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক এবং না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৯-১৩) অসংক্লিষ্ট-অসংক্লেশিক[৩] (কলুষিতও নহে ক্লেশের বিষয় বা আলম্বনও নহে) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক[৪] ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক এবং না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক এবং না-অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(১৪-১৬) অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(১৭-১৯) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি

---

[১]। ১২ অকুশল চিত্ত, তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক, ৮ লোকোত্তর চিত্ত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ না-অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[৩]। ৮ লোকোত্তর চিত্ত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক ও ২৮ প্রকার রূপ না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম।

করে হেতু-প্রত্যয় দ্বারা না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়... (তিন)। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে উনিশ, আলম্বনে নয়... অবিগতে উনিশ। (সহজাতবার, প্রতীত্যবার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবারও অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য, প্রশ্নবারে না সদৃশ করণীয়)।

৩২. (গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে পনেরো, অধিপতিতে পনেরো, অনন্তরে ষোল... পূর্বজাতে ছয়, পশ্চাজ্জাতে নয়, আসেবনে আট, কর্মে তেরো, বিপাকে আট, আহারে তেরো... মার্গে তেরো, বিপ্রযুক্তে বার... অবিগতে ছাব্বিশ।

৬. বিতর্কত্রিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি—১. প্রত্যয় : অনুলোম

হেতু-প্রত্যয় (৪৯)

৩৩. (১-৭) সবিতর্ক-সবিচার[১] (বিতর্ক ও বিচার সমন্বিত) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সবিতর্ক-সবিচার[২] ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অবিতর্ক-বিচারমাত্র ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সবিতর্ক-সবিচার এবং না-অবিতর্ক-অবিচার ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-অবিতর্ক-বিচারমাত্র এবং না-অবিতর্ক-অবিচার ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সবিতর্ক-সবিচার এবং না-অবিতর্ক-বিচারমাত্র ধর্মসমূহ উৎপন্ন হয়। সবিতর্ক-সবিচার ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা না-সবিতর্ক-সবিচার, না-অবিতর্ক-বিচারমাত্র এবং না-অবিতর্ক-অবিচার ধর্মসমূহ উৎপন্ন হয়।

৩৪. (৮-১৪) অবিতর্ক-বিচারমাত্র[৩] (বিতর্ক বিরহিত কিন্তু বিচার

---

[১]। ৫৫ সবিতর্ক-সবিচার চিত্ত, বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫২ চৈতসিক সবিতর্ক-সবিচার ধর্ম।

[১]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট না-কুশল ধর্ম।

[২]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট অকুশল ধর্ম।

[৩]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট না-অকুশল ধর্ম।

[৪]। ২৫ শোভন চৈতসিক চিত্ত-সমুত্থিত কুশল ধর্ম।

[৫]। ১৪ অকুশল চৈতসিক, অব্যাকৃত চৈতসিকসমূহ ও ১৫ চিত্তজ-রূপ না-না-চিত্ত-সমুত্থিত না-কুশল ধর্ম।

[৬]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সমুত্থিত অকুশল ধর্ম।

[৭]। ২৫ শোভন চৈতসিক, অব্যাকৃত চৈতসিকসমূহ ও ১৫ চিত্তজ-রূপ না-না-চিত্ত-সমুত্থিত না-অকুশল ধর্ম।

[৮]। ২৫ শোভন চৈতসিক চিত্ত-সহজাত কুশল ধর্ম।

[৯]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২ বিজ্ঞপ্তি রূপ ব্যতীত (২৮-২) = ২৬ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সহজাত না-কুশল ধর্ম।

[১০]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সহজাত অকুশল ধর্ম।

[১১]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২ বিজ্ঞপ্তি রূপ ব্যতীত (২৮-২) = প্রকার রূপ না-চিত্ত-সহজাত না-অকুশল ধর্ম।

৬২-১. চিত্তানুপরিবর্তীদ্বিক-কুশলত্রিক

৫৪. (১-৯) চিত্তানুপরিবর্তী কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্তানুপরিবর্তী না-কুশল[২] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে নয়।

(১-৯) চিত্তানুপরিবর্তী অকুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্তানুপরিবর্তী না-অকুশল[৪] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে নয়। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন এই প্রণালিতে জানতে হবে)।

৬৩-১. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিতদ্বিক-কুশলত্রিক

৫৫. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত কুশল[৫] ধর্মবশত না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত না-কুশল[৬] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত অকুশল[৭] ধর্মবশত না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত না-অকুশল[৮] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন এই প্রণালিতে জানতে হবে)।

৬৪-১. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাতদ্বিক-কুশলত্রিক

৫৬. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত কুশল[৯] ধর্মবশত না-চিত্ত-সংশ্লিষ্ট সমুত্থিত-সহজাত না-কুশল[১০] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত অকুশল[১১] ধর্মবশত না-চিত্ত-

---

[১]। ২৫ শোভন চৈতসিক চিত্তানুপরিবর্তী কুশল ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২ বিজ্ঞপ্তি রূপ ব্যতীত (২৮-২) = ২৬ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্তানুপরিবর্তী না-কুশল ধর্ম।

[৩]। ১৪ অকুশল চৈতসিক চিত্তানুপরিবর্তী অকুশল ধর্ম।

[৪]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২ বিজ্ঞপ্তি রূপ ব্যতীত (২৮-২) = ২৬ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্তানুপরিবর্তী না-অকুশল ধর্ম।

[৫]। ২৫ শোভন চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত কুশল ধর্ম।

[৬]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত না-কুশল ধর্ম।

[৭]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত অকুশল ধর্ম।

[৮]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত না-অকুশল ধর্ম।

[৯]। ২৫ শোভন চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত কুশল ধর্ম।

[১০]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত না-কুশল ধর্ম।

[১১]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত অকুশল ধর্ম।

সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত না-অকুশল[১] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন এই পদ্ধতিতে জানতে হবে)।

৬৫-১. চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তীদ্বিক-কুশলত্রিক

৫৭. (১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী কুশল[২] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী না-কুশল[৩] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী অকুশল[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী না-অকুশল[৫] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন এই পদ্ধতিতে জানতে হবে)।

৬৬. আধ্যাত্মিকদ্বিক-কুশলত্রিক

৫৮. (১-৩) আধ্যাত্মিক কুশল[৬] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-কুশল ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক কুশল[৭] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-কুশল ধর্ম উৎপন্ন হয়। আধ্যাত্মিক কুশল এবং বাহ্যিক কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) আধ্যাত্মিক অকুশল[৮] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক অকুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। আধ্যাত্মিক অকুশল এবং বাহ্যিক অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-আধ্যাত্মিক না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন এই পদ্ধতিতে পাঠ করতে

---

[১]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-সহজাত না-অকুশল ধর্ম।

[২]। ২৫ শোভন চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী কুশল ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী না-কুশল ধর্ম।

[৪]। ১৪ অকুশল চৈতসিক চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী অকুশল ধর্ম।

[৫]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-চিত্ত-সংশ্লিষ্ট-সমুত্থিত-অনুপরিবর্তী না-অকুশল ধর্ম।

[৬]। ২১ কুশল চিত্ত আধ্যাত্মিক কুশল ধর্ম।

[৭]। ২৫ শোভন চৈতসিক বাহ্যিক কুশল ধর্ম।

[৮]। ১২ অকুশল চিত্ত আধ্যাত্মিক অকুশল ধর্ম।

[৯]। ১৪ অকুশল চৈতসিক বাহ্যিক অকুশল ধর্ম।

হবে)।

৬৭-১. উপাদাদ্বিক-কুশলত্রিক

৫৯. (১-৩) না-উপাদা কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-উপাদা না-কুশল[২] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) না-উপাদা অকুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-উপাদা না-অকুশল[৪] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূল একটিও এই প্রকারেই পাঠ করতে হবে)।

৬৮-১. উপাদিন্নদ্বিক-কুশলত্রিক

৬০. (১) অনুপাদিন্ন কুশল[৫] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন না-কুশল[৬] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অনুপাদিন্ন অকুশল[৭] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদিন্ন না-অকুশল[৮] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে একটি প্রশ্নও এই প্রকারেই পাঠ করতে হবে)।

[মহত্তরদ্বিক সমাপ্ত]

৬৯-৮২-১. দ্বিবিধগুচ্ছ-কুশলত্রিক

৬১. (১) না-উপাদান কুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান না-কুশল[১০] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

---

[১]। ২১ কুশল চিত্ত না-উপাদা কুশল ধর্ম।

[২]। ২৪ মহাভূতোৎপন্ন রূপ না-না-উপাদা না-কুশল ধর্ম।

[৩]। ১২ অকুশল চিত্ত না-উপাদা অকুশল ধর্ম।

[৪]। ২৪ মহাভূতোৎপন্ন রূপ না-না-উপাদা না-অকুশল ধর্ম।

[৫]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অনুপাদিন্ন কুশল ধর্ম।

[৬]। ১২ অকুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ ও নির্বাণ না-উপাদিন্ন না-কুশল ধর্ম।

[৭]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অনুপাদিন্ন অকুশল ধর্ম।

[৮]। ২১ কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ১৫ চিত্তজ-রূপ, ১৩ ঋতুজ-রূপ, ১২ আহারজ-রূপ ও নির্বাণ না-উপাদিন্ন না-অকুশল ধর্ম।

[৯]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-উপাদান কুশল ধর্ম।

[১০]। ১২ অকুশল চিত্ত, ২ উপাদান ধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-২) = ২৫ চৈতসিক, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-উপাদান না-কুশল ধর্ম।

(১-৩) উপাদান অকুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপাদান না-অকুশল[২] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১) না-ক্লেশ কুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ক্লেশ না-কুশল[৪] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (সংক্ষিপ্ত)।

৮৩-১. দর্শনের দ্বারা পরিত্যাজ্যদ্বিক-কুশলত্রিক

৬২. (১) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য কুশল[৫] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-কুশল[৬] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) দর্শনের দ্বারা পরিত্যাজ্য অকুশল[৭] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-অকুশল[৮] ধর্ম উৎপন্ন হয়। না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য অকুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-অকুশল ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই।

(১-২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য অব্যাকৃত[১০] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-অব্যাকৃত (অর্থাৎ দর্শনের দ্বারা পরিত্যাজ্য অকুশল) ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই।

---

[১]। ২ উপাদান ধর্ম- লোভ ও মিথ্যাদৃষ্টি উপাদান অকুশল ধর্ম।

[২]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-উপাদান না-অকুশল ধর্ম।

[৩]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-ক্লেশ কুশল ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত, ১০ ক্লেশধর্ম ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-১০) = ১৭ চৈতসিক, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-উপাদান না-কুশল ধর্ম।

[৫]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য কুশল ধর্ম।

[৬]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্যসহগত চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত; মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (৫২-২) = ৫০ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-কুশল ধর্ম।

[৭]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা-সহগত চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক দর্শনের দ্বারা পরিত্যাজ্য অকুশল ধর্ম।

[৮]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য না-অকুশল ধর্ম।

[৯]। ৪ দৃষ্টি-বিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্যসহগত চিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য অকুশল ধর্ম।

[১০]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য অব্যাকৃত ধর্ম।

৮৪-১. ভাবনার দ্বারা পরিত্যাজ্যদ্বিক-কুশলত্রিক

৬৩. (১) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-কুশল[২] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) ভাবনার দ্বারা পরিত্যাজ্য অকুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-অকুশল[৪] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই।

(১-২) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য অব্যাকৃত[৫] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-অব্যাকৃত[৬] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই।

৮৫-১. দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিক-কুশলত্রিক

৬৪. (১) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক কুশল[৭] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-কুশল[৮] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-৩) দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয়

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য কুশল ধর্ম।

[২]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ৪ দৃষ্টিসম্প্রযুক্ত চিত্ত, ১ বিচিকিৎসা চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-কুশল ধর্ম।

[৩]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক ভাবনার দ্বারা পরিত্যাজ্য অকুশল ধর্ম।

[৪]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-অকুশল ধর্ম।

[৫]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য অব্যাকৃত ধর্ম।

[৬]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক না-না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য না-অব্যাকৃত (ভাবনার দ্বারা পরিত্যাজ্য অকুশল) ধর্ম।

[৭]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক কুশল ধর্ম।

[৮]। ৪ দুষ্টিবিপ্রযুক্ত চিত্ত, নিম্নগামী নহে ২ দ্বেষমূলক চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, মিথ্যাদৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-২) = ৫০ চৈতসিক, বিচিকিৎসা চিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-কুশল ধর্ম।

[৯]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ১ বিচিকিৎসা চিত্ত, বিচিকিৎসা চিত্তে মোহ ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-১) = ২৬ চৈতসিক দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল ধর্ম।

দ্বারা না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অকুশল[১] ধর্ম উৎপন্ন হয় ... হেতুতে তিন।

(১-২) না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক অব্যাকৃত[২] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অব্যাকৃত[৩] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই। (অব্যাকৃতবারে সর্বত্রই প্রত্যয়বশেই জ্ঞাতব্য)।

৮৬-১. ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুকদ্বিক-কুশলত্রিক

৬৫. (১) না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহতুক কুশল[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক না-কুশল[৫] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-৩) ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল[৬] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অকুশল[৭] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৮৭-১. সবিতর্কদ্বিক[৮]-কুশলত্রিক

৬৬. (১-৩) সবিতর্ক কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সবিতর্ক না-

---

[১]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অকুশল ধর্ম।

[২]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অব্যাকৃত ধর্ম।

[৩]। অর্থাৎ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল ধর্মকে উৎপন্ন হয়।

[৪]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক কুশল ধর্ম।

[৫]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ প্রতিঘ চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, ২৮ প্রকার রূপ ও নির্বাণ, ঔদ্ধত্য চিত্তে মোহমাত্র থাকাতে দৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (৫২-২) = ৫০ চৈতসিক ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল ধর্ম

[৬]। ৪ দৃষ্টিবিপ্রযুক্ত চিত্ত, ২ প্রতিঘ চিত্ত, ১ ঔদ্ধত্য চিত্ত, ঔদ্ধত্য চিত্তে মোহমাত্র থাকাতে দৃষ্টি ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক অকুশল ধর্ম

[৭]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়া চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক না-অকুশল ধর্ম।

[৮]। ৫৫ বিতর্কযুক্ত চিত্ত, বিতর্ক ব্যতীত তৎসম্প্রযুক্ত (৫২-১) = ৫১ চৈতসিক সবিতর্ক ধর্ম।

কুশল[২] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) সবিতর্ক অকুশল[৩] ধর্মবশত না-সবিতর্ক না-অকুশল[৪] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃত মূলে তিনটি অনুরূপভাবে জানতে হবে)।

৮৮-১. সবিচারদ্বিক-কুশলত্রিক

৬৭. (১-৩) সবিচার কুশল[৫] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সবিচার না-কুশল[৬] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) সবিচার অকুশল[৭] ধর্মবশত না-সবিচার না-অকুশল[৮] ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৮৯-১. সপ্রীতিকদ্বিক-কুশলত্রিক

৬৮. (১-৩) সপ্রীতিক কুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সপ্রীতিক না-কুশল ধর্ম উৎপন্ন হয়। অপ্রীতিক কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-

---

[১]। ৮ মহাকুশল চিত্ত, ১ রূপাবচর প্রথম ধ্যান কুশল চিত্ত, লোকোত্তর প্রথম ধ্যানে ৪ কুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক সবিতর্ক কুশল ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[২]। দ্বিপঞ্চবিজ্ঞান ১০, ৫ তৃতীয় ধ্যান চিত্ত, ৫ চতুর্থ ধ্যান চিত্ত, রূপাবচরে পঞ্চম ধ্যান চিত্ত ২টি, অরূপাবচরে ৮টি ও লোকোত্তরে ৪ চিত্ত; ২৮ রূপ ও নির্বাণ, বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক না-সবিতর্ক না-কুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[৩]। ১২ অকুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৫ চৈতসিক সবিতর্ক অকুশল ধর্ম।

[৪]। অর্থাৎ এখানে অবিতর্ক কুশল ও অব্যাকৃত ধর্মসমূহকে বুঝতে হবে।

[৫]। ৮ মহাকুশল চিত্ত, রূপাবচর প্রথম ধ্যানে ১, দ্বিতীয় ধ্যানে ১ চিত্ত, লোকোত্তর প্রথম ধ্যানে ৪, দ্বিতীয় ধ্যানে ৪ চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক সবিচার কুশল ধর্ম। [১২১ চিত্ত অনুসারে গণনা করা হয়েছে]

[৬]। অর্থাৎ এখানে অবিচার অকুশল ও অব্যাকৃত ধর্মসমূহকে বুঝতে হবে।

[৭]। ১২ অকুশল চিত্ত; বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ২৫ চৈতসিক সবিচার অকুশল ধর্ম।

[৮]। দ্বিপঞ্চবিজ্ঞান ১০, ১১ তৃতীয় ধ্যান চিত্ত, ১১ চতুর্থ ধ্যান চিত্ত, রূপাবচরে পঞ্চম ধ্যান চিত্ত ৩টি, অরূপাবচরে ১২টি ও লোকোত্তরে ৮ চিত্ত; ২৮ রূপ ও নির্বাণ, বিতর্ক ও বিচার ব্যতীত তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক না-সবিচার না-অকুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[৯]। সৌমনস্যসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথম ধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৫ চিত্ত, তৃতীয় ধ্যানে ৫ চিত্ত ও প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিক সপ্রীতিক কুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

সপ্রীতিক না-কুশল (অপ্রীতিক অকুশল ও অব্যাকৃত) ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক কুশল এবং অপ্রীতিক কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সপ্রীতিক কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) সপ্রীতিক অকুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সপ্রীতিক না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। অপ্রীতিক অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সপ্রীতিক না-অকুশল (অপ্রীতিক কুশল ও অব্যাকৃত) ধর্ম উৎপন্ন হয়। সপ্রীতিক অকুশল এবং অপ্রীতিক অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সপ্রীতিক অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯০-১. প্রীতিসহগতদ্বিক[২]-কুশলত্রিক

৬৯. (১-৩) প্রীতিসহগত কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-প্রীতিসহগত কুশল ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন।

(১-৩) প্রীতিসহগত অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-প্রীতিসহগত না-অকুশল (কুশল ও অব্যাকৃত) ধর্ম উৎপন্ন হয়... হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯১-১. সুখসহগতদ্বিক-কুশলত্রিক

৭০. (১-৩) সুখসহগত কুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত কুশল ধর্ম উৎপন্ন হয়। না-সুখসহগত কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। সুখসহগত কুশল এবং না-সুখসহগত কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) সুখসহগত অকুশল[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। না-সুখসহগত অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। সুখসহগত অকুশল এবং

---

[১]। সৌমনস্যসহগত ৪ লোভমূলক চিত্ত, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য, কৌকৃত্য ও বিচিকিৎসা ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক সপ্রীতিক অকুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[২]। সপ্রীতিকের ন্যায় বুঝতে হবে।

[৩]। সুখসহগত ৪ মহাকুশল চিত্ত, প্রথম ধ্যানে ৫ চিত্ত, দ্বিতীয় ধ্যানে ৫ চিত্ত, তৃতীয় ধ্যানে ৫ চিত্ত, চতুর্থ ধ্যানে ৫ চিত্ত ও বেদনা ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-১) = ৩৭ চৈতসিকই সুখসহগত কুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[৪]। সুখসহগত ৪ লোভমূলক চিত্ত; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, মাৎসর্য ও কৌকৃত্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক সুখসহগত অকুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

না-সুখসহগত অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সুখসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯২-১. উপেক্ষাসহগতদ্বিক-কুশলত্রিক

৭১. (১-৩) উপেক্ষাসহগত কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। না-উপেক্ষাসহগত কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষাসহগত কুশল এবং না-উপেক্ষাসহগত কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) উপেক্ষাসহগত অকুশল[২] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। না-উপেক্ষাসহগত অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। উপেক্ষাসহগত অকুশল এবং না-উপেক্ষাসহগত অকুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-উপেক্ষাসহগত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন। (অব্যাকৃতমূলে তিনটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯৩-১. কামাবচরদ্বিক-কুশলত্রিক

৭২. (১-২) কামাবচর কুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-কামাবচর না-কুশল ধর্ম উৎপন্ন হয়। না-কামাবচর কুশল ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-না-কামাবচর না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) কামাবচর অকুশল[৪] ধর্মবশত না-না-কামাবচর না-অকুশল[৫] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

---

[১]। উপেক্ষাসহগত ৪ মহাকুশল চিত্ত, পঞ্চম ধ্যানে ৯ চিত্ত ও বেদনা, প্রীতি ব্যতীত তৎসম্প্রযুক্ত (৩৮-২) = ৩৬ চৈতসিক উপেক্ষাসহগত কুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[২]। উপেক্ষাসহগত ৪ লোভমূলক চিত্ত, উপেক্ষাসহগত ২ মোহমূলক চিত্ত; বেদনা, প্রীতি, দ্বেষ, ঈর্ষা, কৌকৃত্য ও মাৎসর্য ব্যতীত তৎসম্প্রযুক্ত (২৭-৬) = ২১ চৈতসিক উপেক্ষাসহগত অকুশল ধর্ম। [১২১চিত্ত মতে]

[৩]। ৮ মহাকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কামাবচর কুশল ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক কামাবচর অকুশল ধর্ম।

[৫]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক ও ২৮ প্রকার রূপ না-না-কামাবচর না-অকুশল (অর্থাৎ কামাবচর কুশল ও অব্যাকৃত) ধর্ম।

৯৪-১. রূপাবচরদ্বিক-কুশলত্রিক

৭৩. (১-২) রূপাবচর কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-রূপাবচর না-কুশল[২] ধর্ম উৎপন্ন হয়। না-রূপাবচর কুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-রূপাবচর না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) না-রূপাবচর অকুশল[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-রূপাবচর না-অকুশল[৫] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯৫-১. অরূপাবচরদ্বিক-কুশলত্রিক

৭৪. (১-২) অরূপাবচর কুশল[৬] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর না-কুশল[৭] ধর্ম উৎপন্ন হয়। না-অরূপাবচর কুশল[৮] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) না-অরূপাবচর অকুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরূপাবচর না-অকুশল[১০] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

---

[১]। ৫ রূপাবচর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক রূপাবচর কুশল ধর্ম।

[২]। ৮ মহাকুশল ব্যতীত (৫৪-৮) = ৪৬ কামাবচর চিত্ত, ৪ অরূপাবচর বিপাক, ৪ অরূপাবচর ক্রিয়া, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-রূপাবচর না-কুশল ধর্ম।

[৩]। ৮ মহাকুশল, ৪ অরূপাবচর কুশল, ৪ লোকোত্তর কুশল, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-রূপাবচর কুশল ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক না-রূপাবচর অকুশল ধর্ম।

[৫]। ১২ অকুশল ব্যতীত (৫৪-১২) = ৪২ কামাবচর চিত্ত, ৪ অরূপাবচর বিপাক, ৪ অরূপাবচর ক্রিয়া, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-রূপাবচর না-অকুশল ধর্ম।

[৬]। ৪ অরূপাবচর কুশল চি ও তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক অরূপাবচর কুশল ধর্ম।

[৭]। ১২ অকুশল চিত্ত, মহাবিপাক-মহাক্রিয়ায় ১৬ চিত্ত, রূপাবচর বিপাক-ক্রিয়া ১০ চিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অরূপাবচর না-কুশল ধর্ম।

[৮]। ৮ মহাকুশল, ৫ রূপাবচর কুশল, ৪ লোকোত্তর কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-অরূপাবচর কুশল ধর্ম।

[৯]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক না-অরূপাবচর অকুশল ধর্ম।

[১০]। ২১ কুশল, ৩৬ বিপাক, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অরূপাবচর না-অকুশল ধর্ম।

৯৬-১. পর্যায়পন্নদ্বিক-কুশলত্রিক

৭৫. (১-২) পর্যায়পন্ন কুশল[১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অপর্যায়পন্ন না-কুশল[২] ধর্ম উৎপন্ন হয়। অপর্যায়পন্ন কুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অপর্যায়পন্ন না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) পর্যায়পন্ন অকুশল[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অপর্যায়পন্ন না-অকুশল[৫] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯৭-১. নিয়্যানিকদ্বিক-কুশলত্রিক

৭৬. (১-২) নিয়্যানিক কুশল[৬] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়্যানিক না-কুশল[৭] ধর্ম উৎপন্ন হয়। অনিয়্যানিক কুশল[৮] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়্যানিক না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) অনিয়্যানিক অকুশল[৯] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়্যানিক না-অকুশল[১০] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯৮-১. নিয়তদ্বিক-কুশলত্রিক

৭৭. (১-২) নিয়ত কুশল[১১] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়ত না-

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক পর্যায়পন্ন কুশল ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, মহাবিপাক-মহাক্রিয়ায় ১৬ চিত্ত, রূপাবচর বিপাক-ক্রিয়ায় ১০ চিত্ত, অরূপাবচর বিপাক-ত্রিয়ায় ৮ চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অপর্যায়পন্ন না-কুশল ধর্ম।

[৩]। ৪ লোকোত্তর বিপাক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অপর্যায়পন্ন কুশল ধর্ম।

[৪]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক পর্যায়পন্ন অকুশল ধর্ম।

[৫]। ২১ কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অপর্যায়পন্ন না-অকুশল ধর্ম।

[৬]। ৪ মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক নিয়্যানিক কুশল ধর্ম।

[৭]। ১২ অকুশল চিত্ত, মহাবিপাক-মহাক্রিয়ায় ১৬ চিত্ত, রূপাবচর বিপাক-ক্রিয়ায় ১০ চিত্ত, অরূপাবচর বিপাক-ত্রিয়ায় ৮ চিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-নিয়্যানিক না-কুশল ধর্ম।

[৮]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অনিয়্যানিক কুশল ধর্ম।

[৯]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অনিয়্যানিক অকুশল ধর্ম।

[১০]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অনিয়্যানিক না-অকুশল ধর্ম।

[১১]। ৪ মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক নিয়ত কুশল ধর্ম।

কুশল[১] ধর্ম উৎপন্ন হয়। অনিয়ত কুশল[২] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়ত না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১-২) নিয়ত অকুশল[৩] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়ত না-অকুশল[৪] ধর্ম উৎপন্ন হয়। অনিয়ত অকুশল[৫] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-নিয়ত না-অকুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জানতে হবে)।

৯৯-১. সউত্তরদ্বিক-কুশলত্রিক

৭৮. (১-২) সউত্তর কুশল[৬] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অনুত্তর না-কুশল[৭] ধর্ম উৎপন্ন হয়। অনুত্তর কুশল[৮] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অনুত্তর না-কুশল ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) সউত্তর অকুশল[৯] ধর্মবশত না-অনুত্তর না-অকুশল[১০] ধর্ম উৎপন্ন হয় হেতু-প্রত্যয়। হেতুতে এক। (অব্যাকৃতমূলে দুইটি প্রশ্ন অনুরূপভাবে জ্ঞাতব্য)।

১০০-১. সরণদ্বিক-কুশলত্রিক

৭৯. (১) অরণ (বিলাপের কারণহীন) কুশল[১১] ধর্মবশত হেতু-প্রত্যয়

---

[১]। ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ ও ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ ব্যতীত ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-নিয়ত না-কুশল ধর্ম।

[২]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অনিয়ত কুশল ধর্ম।

[৩]। ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ ও ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ, মান ও বিচিকিৎসা ব্যতীত (২৭-২) = ২৫ চৈতসিক নিয়ত অকুশল ধর্ম।

[৪]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-নিয়ত না-অকুশল ধর্ম।

[৫]। ৪ মিথ্যাদৃষ্টি সম্প্রযুক্ত চিত্তের সপ্তমক্ষণ ও ২ দ্বেষমূলক চিত্তের সপ্তমক্ষণ ব্যতীত ১২ অকুশল চিত্ত অনিয়ত অকুশল ধর্ম।

[৬]। ১৭ লোকীয় কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক সউত্তর কুশল ধর্ম।

[৭]। ১২ অকুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অনুত্তর না-কুশল ধর্ম।

[৮]। ৪ মার্গচিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক অনুত্তর কুশল ধর্ম।

[৯]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সউত্তর অকুশল ধর্ম।

[১০]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-অনুত্তর না-অকুশল ধর্ম।

[১১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক অরণ কুশল ধর্ম।

দ্বারা না-সরণ না-কুশল[১] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) সরণ (বিলাপের কারণযুক্ত) অকুশল[২] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অকুশল[৩] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) অরণ অব্যাকৃত[৪] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-অব্যাকৃত[৫] ধর্ম উৎপন্ন হয়। অরণ অব্যাকৃত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অব্যাকৃত[৬] ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ করণীয়)

প্রশ্ন অধ্যায়—আলম্বন-প্রত্যয় (২)

৮০. (১-২) অরণ অব্যাকৃত ধর্ম না-অরণ না-অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অরণ অব্যাকৃত ধর্ম না-সরণ না-অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(গণনা অধ্যায়)—আলম্বনে দুই... অবিগতে দুই।

১০০-২. সরণদ্বিক-কুশলত্রিক

৮১. (১-৩) সরণ সুখবেদনা-সম্প্রযুক্ত[৭] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সরণ সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সুখবেদনা-সম্প্রযুক্ত এবং না-অরণ না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪) অরণ সুখবেদনা-সম্প্রযুক্ত[৮] ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-

---

[১]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-সরণ না-কুশল ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক সরণ অকুশল ধর্ম।

[৩]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ না-সরণ না-অকুশল ধর্ম।

[৪]। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, ২৮ প্রকার রূপ ও নির্বাণ অরণ অব্যাকৃত ধর্ম।

[৫]। ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক না-অরণ না-অব্যাকৃত ধর্ম।

[৬]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক না-সরণ না-অব্যাকৃত ধর্ম।

[৭]। অর্থাৎ এখানে রণযুক্ত (১২ অকুশল চিত্তযুক্ত) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে বুঝতে হবে।

[৮]। অর্থাৎ এখানে রণহীন (১২ অকুশল চিত্ত ব্যতীত) সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মকে বুঝতে হবে। এভাবে অন্যান্যগুলোও বুঝতে হবে।

না-সুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়।

(গণনা অধ্যায়)—হেতুতে চার।

৮২. (১-৩) সরণ দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-দুঃখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে তিন।

(১-৪) সরণ অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্মবশত না-সরণ না-অদুঃখ-অসুখবেদনা-সম্প্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়...।

(গণনা অধ্যায়)—হেতুতে চার।

১০০-৩. সরণদ্বিক-কুশলত্রিক

৮৩. (১) অরণ বিপাক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) সরণ বিপাকধর্মী ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অরণ বিপাকধর্মী ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়।

(১) অরণ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-৪. সরণদ্বিক-কুশলত্রিক

৮৪. (১) অরণ উপাদিন্ন-উপাদানীয় ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-৫. সরণদ্বিক-সংক্লিষ্টত্রিক

৮৫. (১) সরণ সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) অরণ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-হেতু-প্রত্যয় দ্বারা অরণ না-অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অরণ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) অরণ অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-৬. সরণদ্বিক-বিতর্কত্রিক

৮৬. (১-৩) সরণ সবিতর্ক-সবিচার ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(১) অরণ সবিতর্ক-সবিচার ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-সবিতর্ক-সবিচার ধর্ম উৎপন্ন হয়। (এক)।

৮৭. (১-৪) সরণ অবিতর্ক-বিচারমাত্র ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অবিতর্ক-বিচারমাত্র ধর্ম উৎপন্ন হয়... হেতুতে চার।

(১) অরণ অবিতর্ক-অবিচার ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অবিতর্ক-অবিচার ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-৭. সরণদ্বিক-প্রীতিত্রিক

৮৮. (১-৩) সরণ প্রীতিসহগত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-প্রীতিসহগত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(১) অরণ প্রীতিসহগত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-প্রীতিসহগত ধর্ম উৎপন্ন হয়। (এক)।

(১-৩) সরণ সুখসহগত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সুখসহগত ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(১) অরণ সুখসহগত ধর্মবশত না-সরণ না-সুখসহগত ধর্ম উৎপন্ন হয়। (এক)।

(১-৪) সরণ উপেক্ষাসহগত ধর্মবশত না-সরণ না-উপেক্ষাসহগত ধর্ম উৎপন্ন হয়... হেতুতে চার।

১০০-৮. সরণদ্বিক-দর্শনত্রিক

৮৯. (১) সরণ দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) সরণ ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-৯. সরণদ্বিক-দর্শনত্রিক

৯০. (১) সরণ দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মবশত হেতু-প্রত্যয়

দ্বারা না-সরণ না-দর্শনের দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) সরণ ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ না-দর্শনের দ্বারা অথবা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-না-দর্শনের দ্বারা না-ভাবনার দ্বারা পরিত্যাজ্যহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১০. সরণদ্বিক-আচয়গামীত্রিক

৯১. (১-২) সরণ আচয়গামী ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-আচয়গামী ধর্ম উৎপন্ন হয়... হেতুতে দুই।

(১) অরণ অপচয়গামী ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ না-আচয়গামী-না-অপচয়গামী (আচয়গামীও নহে অপচয়গামীও নহে) ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-না-আচয়গামী-না-অপচয়গামী ধর্ম উৎপন্ন হয়।

১০০-১১. সরণদ্বিক-শৈক্ষ্যত্রিক

৯২. (১) অরণ শৈক্ষ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-শৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ অশৈক্ষ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-না-শৈক্ষ্য-না-অশৈক্ষ্য ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১২. সরণদ্বিক-পরিত্তত্রিক

৯৩. (১) অরণ পরিত্ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-পরিত্ত ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(২) অরণ মহদ্গত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মহদ্গত ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(৩) অরণ অপ্রমাণ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অপ্রমাণ ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১৩. সরণদ্বিক-পরিত্তালম্বনত্রিক

৯৪. (১-২) সরণ পরিত্তালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ পরিত্তালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-পরিত্তালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১-২) সরণ মহদ্‌গতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ মহদ্‌গতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মহদ্‌গতালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) অরণ অপ্রমাণালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অপ্রমাণালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১৪. সরণদ্বিক-হীনত্রিক

৯৫. (১) সরণ হীন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-হীন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১-২) অরণ মধ্যম ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-মধ্যম ধর্ম উৎপন্ন হয়। অরণ মধ্যম ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মধ্যম ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১) অরণ প্রণীত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-প্রণীত ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১৫. সরণদ্বিক-মিথ্যা বিশ্বাসে নিয়তত্রিক

৯৬. (১) সরণ মিথ্যা বিশ্বাসে নিয়ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মিথ্যা বিশ্বাসে নিয়ত ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ সম্যকবিশ্বাসে নিয়ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-সম্যকবিশ্বাসে নিয়ত ধর্ম উৎপন্ন হয়।

(১-২) অরণ অনিয়ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-অরণ না-অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। অরণ অনিয়ত ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিয়ত ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

১০০-১৬. সরণদ্বিক-মার্গালম্বনত্রিক

৯৭. (১) অরণ মার্গালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মার্গালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ মার্গহেতুক ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মার্গহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

(১) অরণ মার্গাধিপতি ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-মার্গাধিপতি ধর্ম উৎপন্ন হয়। হেতুতে এক।

১০০-১৭. সরণদ্বিক-উৎপন্নত্রিক

৯৮. (১-৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সরণ অনুৎপন্ন ধর্ম না-সরণ না-অনুৎপন্ন ধর্মের প্রত্যয় হয়... আলম্বনে চার।

(১-২) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অরণ উৎপত্তিশীল (উৎপন্ন হবার কারণযুক্ত) ধর্ম না-অরণ না-উৎপত্তিশীল ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অরণ উৎপত্তিশীল ধর্ম না-সরণ না-উৎপত্তিশীল ধর্মের প্রত্যয় হয়। আলম্বনে দুই।

১০০-১৮. সরণদ্বিক-অতীতত্রিক

৯৯. (১-৪) আলম্বন-প্রত্যয়ের দ্বারা সরণ অতীত ধর্ম না-সরণ না-অতীত ধর্মের প্রত্যয় হয়... আলম্বনে চার।

(অনাগতদ্বিক অতীতদ্বিক সদৃশ জানতে হবে)।

১০০-১৯. সরণদ্বিক-অতীতালম্বনত্রিক

১০০. (১-২) সরণ অতীতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ অতীতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অতীতালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১-২) সরণ অনাগতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ অনাগতালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনাগতালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১-২) সরণ বর্তমানালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ বর্তমানালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বর্তমানালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

১০০-২১. সরণদ্বিক-আধ্যাত্মিকালম্বনত্রিক

১০১. (১-২) সরণ আধ্যাত্মিকালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ আধ্যাত্মিকালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-আধ্যাত্মিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

(১-২) সরণ বাহ্যিকালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। অরণ বাহ্যিকালম্বন ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-বাহ্যিকালম্বন ধর্ম উৎপন্ন হয়। হেতুতে দুই।

১০০-২২. সরণদ্বিক-সনিদর্শনত্রিক

১০২. (১) অরণ অনিদর্শন-সপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। (এক)।

(১-৩) সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। সরণ অনিদর্শন-অপ্রতিঘ এবং অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মবশত হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

(গণনা অধ্যায়)—হেতুতে তিন... অবিগতে তিন।

না-হেতু-প্রত্যয় (১)

১০৩. (১) অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মবশত না-হেতু-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়।

না-আলম্বন-প্রত্যয় (৩)

(১-৩) সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্মবশত না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়...।

(গণনা অধ্যায়)—না-হেতুতে এক, না-আলম্বনে তিন... না-অবিগতে তিন।

(সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ পড়তে হবে)।

প্রশ্ন অধ্যায়—হেতু-প্রত্যয় (২)

১০৪. (১) হেতু-প্রত্যয়ের দ্বারা সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(২) হেতু-প্রত্যয়ের দ্বারা অরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্মের প্রত্যয় হয়।

(গণনা অধ্যায়)—হেতুতে দুই, অধিপতিতে দুই... অবিগতে তিন।

প্রতিলোম সংগ্রহ (৩)

১০৫. (১-৩) সরণ অনিদর্শন-অপ্রতিঘ ধর্ম না-সরণ না-অনিদর্শন-অপ্রতিঘ ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—না-হেতুতে তিন, না-আলম্বনে তিন... না-অবিগতে তিন।

(কুশলত্রিকে যেরূপ প্রশ্নবারে অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

[ধর্ম্মানুলোম-প্রতিলোমে দ্বিক-ত্রিক পট্ঠান সমাপ্ত]

ধর্মানুলোম-প্রতিলোমে ত্রিক-দ্বিক পট্ঠান

১-১. কুশলত্রিক-হেতুদ্বিক—১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (১৩)

১. (১-৫) হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু[১] ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু[২] ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-অকুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-অকুশল না-হেতু এবং না-অব্যাকৃত না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু এবং না-অকুশল না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৬-১০) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু[৩] ধর্মকে ভিত্তি করে না-অকুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু এবং না-অব্যাকৃত না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু এবং না-অকুশল না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়।

(১১-১৩) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত (পাপও নহে পুণ্যও নহে তাদৃশ) হেতু[৪] ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু ধর্মকে ভিত্তি করে না-অকুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু এবং না-অকুশল না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে নয়... অবিগতে তেরো।

---

[১]। অলোভ, অদ্বেষ, অমোহ কুশল হেতু ধর্ম।

[২]। অর্থাৎ অকুশল ও অব্যাকৃত হেতুহীন ধর্ম।

[৩]। লোভ, দ্বেষ, মোহ অকুশল হেতু ধর্ম।

[৪]। অলোভ, অদ্বেষ, অমোহ অব্যাকৃত হেতু ধর্ম।

প্রত্যয় : প্রতিলোম—না-আলম্বন-প্রত্যয় (৯)

২. (১-৯) না-আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল হেতু ধর্মকে ভিত্তি করে না-কুশল না-হেতু ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—না-আলম্বনে নয়, না-অধিপতিতে তেরো... না-বিপ্রযুক্তে নয়। (সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

হেতু-প্রত্যয় (১৩), আলম্বন-প্রত্যয় (১৮)

৩. (১-৫) হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-কুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-অকুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-অব্যাকৃত না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-অকুশল না-হেতু এবং না-অব্যাকৃত না-হেতু ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-কুশল না-হেতু এবং না-অকুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়।

(৬-১০) হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল হেতু ধর্ম না-অকুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (পাঁচ)।

(১১-১৩) হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত হেতু ধর্ম না-কুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (তিন)।

(১-১৮) আলম্বন-প্রত্যয়ের দ্বারা কুশল হেতু ধর্ম না-কুশল না-হেতু ধর্মের প্রত্যয় হয়... (সংক্ষিপ্ত)।

৪. (গণনা অধ্যায়)—হেতুতে তেরো, আলম্বনে আঠারো... অবিগতে তেরো।

(প্রশ্ন অধ্যায় অনুরূপভাবে বিস্তারিত জ্ঞাতব্য)।

৫. (১-৯) হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু ধর্মকে ভিত্তি করে না-অকুশল না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু ধর্মকে ভিত্তি করে না-অব্যাকৃত না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে নয়... অবিগতে নয়। (সবক্ষেত্রে নয়)।

১-২. কুশলত্রিক-সহেতুকদ্বিক

১-৭. প্রতীত্যবার ইত্যাদি

প্রত্যয়-চতুষ্ক—হেতু-প্রত্যয় (৯)

৬. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক[১] ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক[২] ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে তিন... অবিগতে এগার।

(সহজাতবার... সম্প্রযুক্তবারও প্রতীত্যবার সদৃশ জানতে হবে)।

৭. (১-৩) (প্রশ্ন অধ্যায়)—হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সহেতুক ধর্ম না-কুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সহেতুক ধর্ম না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা কুশল সহেতুক ধর্ম না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সহেতুক ধর্ম না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সহেতুক ধর্ম না-কুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অকুশল সহেতুক

---

[১]। ২১ প্রকার কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ প্রকার চৈতসিক কুশল সহেতুক ধর্ম।

[২]। অর্থাৎ অব্যাকৃত অহেতুক যেমন: ১৮ অহেতুক চিত্ত ও তৎসম্প্রযুক্ত ১২ প্রকার চৈতসিক।

ধর্ম না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্ম না-কুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্ম না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। হেতু-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সহেতুক ধর্ম না-কুশল না-সহেতুক এবং না-অকুশল না-সহেতুক ধর্মের প্রত্যয় হয়। (তিন)। (সংক্ষিপ্ত)।

৮. (গণনা অধ্যায়)—হেতুতে নয়, আলম্বনে পনেরো... অবিগতে এগার।

৯. (১-৩) (প্রতীত্যবার)—হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অহেতুক ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক এবং না-অব্যাকৃত না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক এবং না-অকুশল না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(গণনা অধ্যায়)—হেতুতে ছয়, আলম্বনে ছয়... অবিগতে ছয়।

১-৩. কুশলত্রিক-হেতু-সম্প্রযুক্তদ্বিক

১০. হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত[১] ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু-সম্প্রযুক্ত[২] ধর্ম উৎপন্ন হয়। (সহেতুকদ্বিক সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

১-৪. কুশলত্রিক-হেতু অথচ সহেতুকদ্বিক

১১. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ সহেতুক[৩] ধর্মকে নির্ভর

---

[১]। ২১ কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশল হেতু-সম্প্রযুক্ত ধর্ম।

[২]। অর্থাৎ অকুশল ও অব্যাকৃত হেতু-বিপ্রযুক্ত যেমন: ১৮ অহেতুক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, দুই মোহচিত্তে মোহ, ২৮ প্রকার রূপ ও নির্বাণ।

[৩]। অলোভ, অদ্বেষ, অমোহ কুশল হেতু অথচ সহেতুক ধর্ম।

করে না-অকুশল না-হেতু অথচ না-অহেতুক[১] ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-হেতু অথচ না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু অথচ অহেতুক এবং না-অব্যাকৃত না-হেতু অথচ না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু অথচ না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু অথচ না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু অথচ না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত হেতু অথচ সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু অথচ না-অহেতুক এবং না-অকুশল না-হেতু অথচ না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়।

১২. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-অহেতুক অথচ না-না-হেতু (অর্থাৎ সহেতুক অথচ না-হেতু নহে তাদৃশ) ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-অহেতুক অথচ না-হেতু এবং না-অব্যাকৃত না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অকুশল সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-অহেতুক অথচ না-না-হেতু এবং না-অব্যাকৃত না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর

---

[১]। অর্থাৎ কুশল ও অব্যাকৃত সহেতুক অথচ না- হেতু যেমন: ২১ কুশল চিত্ত, ২১ বিপাক চিত্ত, ১৭ ক্রিয়াচিত্ত, ৬ হেতু ব্যতীত তৎসম্প্রযুক্ত ৪৬ চৈতসিক।

করে না-কুশল না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-অহেতুক অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সহেতুক অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-কুশল না-অহেতুক অথচ না-না-হেতু এবং না-অকুশল না-অহেতুক অথচ না-না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

১-৫. কুশলত্রিক-হেতু অথচ হেতু-সম্প্রযুক্তদ্বিক

১৩. হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত[১] ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু অথচ হেতু-সম্প্রযুক্ত ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত এবং না-অব্যাকৃত না-হেতু অথচ না-হেতু-বিপ্রযুক্ত ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)। (অনুরূপভাবে অকুশল তিনটি প্রশ্ন করণীয় ও অব্যাকৃত তিনটি প্রশ্ন করণীয়)।

(গণনা অধ্যায়)—হেতুতে তিন।

১৪. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অব্যাকৃত না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু এবং না-অব্যাকৃত না-হেতু-বিপ্রযুক্ত অথচ না-না-হেতু ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল হেতু-সম্প্রযুক্ত অথচ না-হেতু ধর্মকে নির্ভর করে... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত... (তিন)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়।

---

[১]। হেতু অথচ সহেতুকদ্বিক এর মতো জানতে হবে।

১-৬. কুশলত্রিক-হেতু-সহেতুকদ্বিক

১৫. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু সহেতুক[১] ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু সহেতুক[২] ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু না-সহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু না-সহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা কুশল না-হেতু সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু না-সহেতুক এবং না-অকুশল না-হেতু না-সহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়। (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল না-হেতু সহেতুক... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু সহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল... না-অকুশল... না-কুশল না-হেতু না-সহেতুক এবং না-অকুশল না-হেতু না-সহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়... (তিন)।

১৬. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু অহেতুক ধর্মকে নির্ভর করে না-অকুশল না-হেতু না-অহেতুক ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত না-হেতু অহেতুক ধর্মকে নির্ভর করে না-কুশল না-হেতু না-অহেতুক এবং না-অকুশল না-হেতু না-অহেতুক ধর্মসমূহ উৎপন্ন হয়।

[হেতুগুচ্ছ সমাপ্ত]

১-৭-৮. কুশলত্রিক-সপ্রত্যয়াদিদ্বিক

১৭. (১-৫) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অপ্রত্যয়[৩] ধর্ম না-অব্যাকৃত না-অপ্রত্যয়[৪] ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অপ্রত্যয় ধর্ম না-কুশল না-অপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অপ্রত্যয় ধর্ম না-অকুশল না-অপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত অপ্রত্যয় ধর্ম না-অকুশল না-অপ্রত্যয় এবং না-অব্যাকৃত না-অপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত

---

[১]। সহেতুক অথচ না হেতু এর মতো জানতে হবে।

[২]। অর্থাৎ অকুশল ও অব্যাকৃত না-হেতু অহেতুক (বা অহেতুক); একে অহেতুক এর মতো জানতে হবে।

[৩]। নির্বাণ অব্যাকৃত অপ্রত্যয় ধর্ম।

[৪]। অর্থাৎ কুশল ও অকুশল সপ্রত্যয় যেমন: ২১ কুশল চিত্ত, ১২ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক।

অপ্রত্যয় ধর্ম না-কুশল না-অপ্রত্যয় এবং না-অকুশল না-অপ্রত্যয় ধর্মের প্রত্যয় হয়।

(গণনা অধ্যায়)—আলম্বনে পাঁচ। (অসংস্কৃতও অপ্রত্যয় সদৃশ জানতে হবে)।

১-৯. কুশলত্রিক-সনিদর্শনত্রিক

১৮. (১-৬) আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সনিদর্শন[১] ধর্ম না-অব্যাকৃত না-সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়। আলম্বন-প্রত্যয়ের দ্বারা অব্যাকৃত সনিদর্শন ধর্ম না-কুশল না-সনিদর্শন ধর্মের প্রত্যয় হয়...। (ছয়টি প্রশ্ন করণীয়)।

(১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল অনিদর্শন ধর্মকে নির্ভর করে না-কুশল না-অনিদর্শন ধর্ম উৎপন্ন হয়। (অকুশলে তিনটি প্রশ্ন এই প্রণালিতে জানতে হবে। অব্যাকৃতে তিনটি প্রশ্ন এই প্রণালিতে জানতে হবে)।

(গণনা অধ্যায়)—হেতুতে নয়।

১-১০. কুশলত্রিক-সপ্রতিঘদ্বিক

১৯. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সপ্রতিঘ[২] ধর্মকে নির্ভর করে না-কুশল না-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সপ্রতিঘ ধর্মকে নির্ভর করে না-অকুশল না-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত সপ্রতিঘ ধর্মকে নির্ভর করে না-কুশল না-সপ্রতিঘ এবং না-অকুশল না-সপ্রতিঘ ধর্ম উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল অপ্রতিঘ... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অপ্রতিঘ... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অপ্রতিঘ... (তিন)।

(১০-১২) হেতু-প্রত্যয় দ্বারা কুশল অপ্রতিঘ এবং অব্যাকৃত অপ্রতিঘ... (তিন)।

(১৩-১৫) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অপ্রতিঘ এবং অব্যাকৃত অপ্রতিঘ... (তিন)। হেতুতে পনেরো।

---

[১]। দৃশ্যমান রূপ।

[২]। পঞ্চপ্রাসাদ ও সপ্তবিষয় এই ১২ প্রকার স্থূলরূপ।

১-১১. কুশলত্রিক-রূপীদ্বিক

২০. (১-৩) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত রূপী (জড়গুণবিশিষ্ট) ধর্মকে নির্ভর করে না-কুশল না-রূপী ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত রূপী ধর্মকে নির্ভর করে না-অকুশল না-রূপী ধর্ম উৎপন্ন হয়। হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত রূপী ধর্মকে নির্ভর করে না-কুশল না-রূপী এবং না-অকুশল না-রূপী ধর্মসমূহ উৎপন্ন হয়। হেতুতে তিন।

(১-৩) হেতু-প্রত্যয় দ্বারা কুশল অরূপী (জড়গুণবিশিষ্ট নহে) ধর্মকে নির্ভর করে... (তিন)।

(৪-৬) হেতু-প্রত্যয় দ্বারা অকুশল অরূপী ধর্মকে নির্ভর করে... (তিন)।

(৭-৯) হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত অরূপী ধর্মকে নির্ভর করে... (তিন)। হেতুতে নয়।

১-১২. কুশলত্রিক-লৌকিকত্রিক

